সেপ্টেম্বর ২০২৫। বর্ষ ৩০। সংখ্যা ৩৪৯

# কারেন্ট অ্যাফেয়ার্স

প্রফেসর'স
professorsprokashon.com

বুদ্ধিদীপ্ত ও চৌকশ তারুণ্যের সঙ্গী



ট্রাম্পের পাল্টা শুল্কে বাংলাদেশ

নতুন ভূমি, নতুন সম্ভাবনা

জাতীয় বহুমাত্রিক দারিদ্র্য সূচক

প্রধান উপদেষ্টার মালয়েশিয়া সফর

আর্মেনিয়া-আজারবাইজান শান্তি চুক্তি

## চাকরি প্রস্তুতি

- ৪৭তম বিসিএস চূড়ান্ত মডেল টেস্ট
- নন-ক্যাডার লিখিত সাজেশন্স
- Bank Written Suggestions
- শিক্ষক নিবন্ধন : প্রিলি. প্রশ্ন বিশ্লেষণ
- তথ্যকণিকায় প্রাথমিক শিক্ষা : পর্ব ৩
- নিয়োগ পরীক্ষার প্রশ্ন সমাধান

বিশ্ববিদ্যালয় ভর্তি পরামর্শ ও প্রস্তুতি

বাংলাদেশের পর্যটন শিল্প : সম্ভাবনা ও উত্তরণ

A Good Teacher : The Architect of Future






Scanned with CamScanner

বর্ষ ৩০ | সংখ্যা ৩৪৮ | [illegible]ম্বর ২০২৫

# কারেন্ট অ্যাফেয়ার্স

প্রফেসর'স

বুদ্ধিদীপ্ত ও চৌকশ তারুণ্যের সঙ্গী

সম্পাদক
জসিম উদ্দিন
নির্বাহী সম্পাদক
রেজাউল করিম মামুন
সহযোগী সম্পাদক
মো. [illegible] খান
সহসম্পাদক
মো. সাব্বিরুল ইসলাম
জোনাইদ হোসেন
মো. আবু তাহের
গোয়েন্দ [illegible] আকিল
মো. রওনক ইসলাম
পরিকল্পনা সমন্বয়ক
মো. নাইচ উদ্দিন
মো. রফিকুল ইসলাম
মো. সাজ্জাদ হোসেন
কাউসার আফরাদ
পরামর্শক
আরিফ খান মিরণ
শিল্প নির্দেশক
মো. মাইনুল ইসলাম
সানিয়া জিহা ও মারিয়া নেহা
গ্রাফিকস
নূর নবী বাবর
বর্ণবিন্যাস
আবদুল করিম কাজল
রাফি উদ্দিন খান
বিজ্ঞাপন
এইচ এ কাইউম
০১৭১১ ৮৭১১১৩৬

**দাম : ৩০ টাকা**

## সংস্কার ও সুশাসনের অঙ্গীকার

ছাত্র-জনতার অভ্যুত্থানের প্রথম বর্ষপূর্তিতে ঘোষিত 'জুলাই ঘোষণাপত্র' শুধু আজকের প্রতিশ্রুতি নয়; এটি আগামী প্রজন্মের জন্য ন্যায়ের শপথ। এই ঘোষণাপত্রে মুক্তিযুদ্ধের গৌরবগাঁথা, স্বাধীনতা-পরবর্তী রাজনৈতিক পটভূমি এবং গণমানুষের অধিকার আদায়ের দীর্ঘ সংগ্রামকে তুলে ধরা হয়েছে। অন্যদিকে 'জুলাই জাতীয় সনদ ২০২৫' বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসে এক নতুন মাইলফলক। এটি আমাদের জানিয়ে দেয়— গণতন্ত্রকে সুদৃঢ় করা, রাষ্ট্রকে আরও স্বচ্ছ ও জবাবদিহিমূলক করে তোলা এক অপরিহার্য দায়িত্ব। এই সনদে সুস্পষ্টভাবে উঠে এসেছে সংবিধান সংস্কার, সুষ্ঠু ও অংশগ্রহণমূলক নির্বাচন, স্বাধীন ও নিরপেক্ষ বিচার বিভাগ, দক্ষ জনপ্রশাসন এবং দুর্নীতিমুক্ত রাষ্ট্র গড়ার অঙ্গীকার।

মেঘনা নদীর মোহনায় জেগে উঠেছে নতুন চর। দেশের জন্য এই তিন দ্বীপ হয়ে উঠবে নতুন ভূমি, নতুন সম্ভাবনা। আন্তর্জাতিক অঙ্গনে ডোনাল্ড ট্রাম্পের নেতৃত্বে শুরু হয়েছে নতুন রাজনৈতিক সমীকরণ : রুশ-ইউক্রেন যুদ্ধের পরিসমাপ্তি টানার উদ্যোগ, আর্মেনিয়া-আজারবাইজান শান্তিচুক্তি এবং বিভিন্ন দেশে পাল্টা শুল্ক চূড়ান্তকরণ। এসব ইতিবাচক উদ্যোগের মধ্যেও গাজায় আজ ধ্বংসস্তূপের ভেতর দাঁড়িয়ে 'ক্ষুধা' পরিণত হয়েছে ভয়ংকর মরণাস্ত্রে। আমরা আশা করি, আন্তর্জাতিক এসব প্রহসন, রাষ্ট্রীয় আগ্রাসন চিরতরে বন্ধ হবে।

নতুন প্রজন্মের নতুন সৃজনশীলতা ও মানবিক জাগরণে এগিয়ে যাক বিশ্ব। আজকের দিনের অঙ্গীকার হোক আগামী দিনের ন্যায়ভিত্তিক রাষ্ট্র গঠনের রূপরেখা।

যোগাযোগ

অফিস

নাভানা এফএইচ সোলারিস, লেভেল-৯, ৬৫ বিজয়নগর, শহিদ সৈয়দ নজরুল ইসলাম সরণি, ঢাকা ১০০০, E-mail : ca@professorsprokashon.com
০১৩২৪২৫৪৬০৮, ০১৩২৪২৫৪৬০৯ /professorscurrentaffairs

গ্রাহক ও এজেন্ট

প্রফেসর'স কারেন্ট অ্যাফেয়ার্স, ৩৭/১ দোতলা, বাংলাবাজার, ঢাকা ১১০০
৫৭১৬৫১২৯, ০১৩২৪২৫৪৬১৮ (বিকাশ)

সম্পাদক কর্তৃক প্রফেসর'স প্রকাশন-এর ছাপাখানা সুবর্ণ প্রিন্টার্স, ঢাকা ১১০০ থেকে মুদ্রিত ও প্রকাশিত

Scanned with CamScanner

এইচ.এস.সি পরীক্ষার পর ক্যারিয়ার গড়ুন নার্সিংয়ে...

নার্সিং ভর্তি পরীক্ষায় জাতীয় মেধায় প্রথম সহ মেধা তালিকায় ১০০ জনে ৯৪ জনের অবিশ্বাস্য সাফল্য। দেশব্যাপি সর্বমোট ২৭৮৯+ জনের সাফল্য।

# গার্ডিয়ান নার্সিং ভর্তি কোচিং



জাতীয় মেধায় ১ম ২০২৫ | জাতীয় মেধায় ১ম ২০২৪ | জাতীয় মেধায় ১ম ২০২৩ | জাতীয় মেধায় ১ম ২০২২

সুমাইয়া আক্তার, গার্ডিয়ান রোল:০০৮৩৩

মাসরিন জাহান বেভি, ঢাকা নার্সিং কলেজ, গার্ডিয়ান রোল:০০৭০১

ঢাকা নার্সিং কলেজ, গার্ডিয়ান রোল:০০১৭৮

## ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে নতুন ব্যাচে ভর্তি চলছে।

ডিপ্লোমা ইন নার্সিং

বিএসসি ইন নার্সিং

## হেড অফিস

আর এইচ হোম সেন্টার (নিচতলা), ফার্মগেট, ঢাকা
ফোন: ০১৭১৭-৮৬৭৩৭৩, ০১৭২২-১৭৭০৭১

মিরপুর-১০ ০১৩২২-৬২২০০২

| | | | | |
|---|---|---|---|---|
| বরিশাল [illegible] | মানিকগঞ্জ [illegible] | ময়মনসিংহ [illegible] | রংপুর ০১৩২১১১২১৫১ | রাজশাহী ০১৭১৭৫২৬৭১১ |
| পটুয়াখালী [illegible] | নিকুঞ্জ, ঢাকা ০১৭২২১৭৭০৭১ | জামালপুর ০১৭৬৮৫২০১৯৬ | গাইবান্ধা ০১৮৩৪০৩১০৯৬ | পাবনা ০১৭৫৯-৪১২৯২৭ |
| সিলেট [illegible] | উত্তরা [illegible] | শেরপুর [illegible] | ফুলবাড়ি দিনাজপুর ০১৭১৯৫৫৪৬৬৮ | সাইনবোর্ড ০১৭৫৭৭৫৫৪৩৭ |
| কক্সবাজার [illegible] | নরসিংদী [illegible] | গাজীপুর [illegible] | টাঙ্গাইল ০১৭১১-২৮১৭৪১ | সিরাজগঞ্জ ০১৭৫৩২১০৭১২ |
| কুমিল্লা [illegible] | নেত্রকোনা [illegible] | কাপাসিয়া [illegible] | ফরিদপুর [illegible] | রাজবাড়ী [illegible] |

## ২০% ছাড়ে অনলাইন এবং অফলাইন ব্যাচে ভর্তি চলছে

"ছেলে-মেয়েদের জন্য রয়েছে উন্নতমানের আবাসিক সুবিধা"



## ভর্তি হলেই গাইড ও লেকচার শীট ফ্রি

ক্লাস শুরু ১০ই সেপ্টেম্বর ২০২৫ইং

দেশব্যাপি সকল জেলায় পাওয়া যাচ্ছে। বইটি সংগ্রহ করতে যোগাযোগ করুন: ০১৩২২-৬২২০০১

গার্ডিয়ান নার্সিং ও মিডওয়াইফারি নিয়োগ কোচিং। সরকারি নার্স নিয়োগ প্রস্তুতির শ্রেষ্ঠ কোচিং।

# সূচিপত্র

**সেপ্টেম্বর ২০২৫**

## সাম্প্রতিক


০৪ • তথ্যপ্রবাহ
০৬ • সাম্প্রতিক বিষয়ের MCQ
০৮ • Recent Info Inquiry
০৯ • সাম্প্রতিক প্রশ্নোত্তর
১০ • দশ দিগন্ত
১৩ • জাতীয় বহুমাত্রিক দারিদ্র্য সূচক
১৪ • দেশ পরিক্রমা
জনসংখ্যা নীতি ২০২৫
জাতীয় বেতন কমিশন
দেশে নিবন্ধিত GI পণ্য এখন ৬০টি
সাভারকে 'ডিগ্রেডেড এয়ারশেড' ঘোষণা
প্রধান উপদেষ্টার মালয়েশিয়া সফর
১৮ • ট্রাম্পের পাল্টা শুল্কে বাংলাদেশ
২০ • নতুন ভূমি নতুন সম্ভাবনা
২১ • জুলাই ঘোষণাপত্র
২৫ • আর্মেনিয়া-আজারবাইজান শান্তি চুক্তি
২৬ • বিশ্ব পরিক্রমা
স্বাস্থ্যকর শহর মদিনা
মোদির প্রধানমন্ত্রিত্বের রেকর্ড
দ্বিরাষ্ট্রীয় সমাধানে জাতিসংঘ সম্মেলন
ভারত-পাকিস্তানে মেঘ ভাঙা বৃষ্টি
বিশ্বের দীর্ঘতম ঝুলন্ত সেতু
ইউরোজোনের ২১তম সদস্য
ট্রাম্প-পুতিন বৈঠক
যুক্তরাষ্ট্র
৩২ • মহাকাশ-বিজ্ঞান-প্রযুক্তি
৩৩ • দুই বাংলাদেশির ইংলিশ চ্যানেল জয়
৪৫ • খেলাধুলা


## প্রশ্ন সমাধান


৪৮ • Janata Bank PLC
৫২ • নির্বাচন কমিশন সচিবালয়
৫৩ • মৎস্য অধিদপ্তর
৫৫ • উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
৫৭ • স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর
৫৬ • খাদ্য অধিদপ্তর


## ভর্তি প্রস্তুতি


৮১ • বিশ্ববিদ্যালয় ভর্তি পরামর্শ ও প্রস্তুতি


## চাকরি প্রস্তুতি


৬০ • ৪৭তম বিসিএস Exclusive Model Test
৬৮ • নন-ক্যাডার লিখিত সাজেশন্স
৭২ • Question Bank on New Circular
৭৬ • Bank Written Suggestion
৭৮ • শিক্ষক নিবন্ধন : প্রিলিমিনারি প্রশ্ন বিশ্লেষণ
৭৯ • তথ্যকণিকায় প্রাথমিক শিক্ষা : পর্ব-৩
৮০ • চাকরির ভাইভায় কমন প্রশ্ন


## প্রবন্ধ-ফিচার


৪০ • বাংলাদেশের পর্যটন শিল্প সম্ভাবনা ও উত্তরণ
৪২ • A Good Teacher The Architect of Future
৪৪ • Short Notes


## অন্যান্য আয়োজন


৩৪ • ক্ষুধার্ত গাজা, নির্বাক বিশ্ব
৩৫ • গণতন্ত্র : রাষ্ট্রের অপরিহার্য উপাদান
৩৬ • শিক্ষা ও সাক্ষরতার ইতিহাস
৩৭ • ইন্টার-পার্লামেন্টারি ইউনিয়ন
৩৮ • মণিপুরী : বৃহত্তর সিলেটের ক্ষুদ্র নৃ-গোষ্ঠী
৯২ • জেলা পরিচিতি : নওগাঁ ও জয়পুরহাট
৯৪ • স্বাস্থ্যবার্তা
৯৫ • বিচিত্র বিশ্ব
পাদটীকা : লেসেথো, ইসওয়াতিনি, নামিবিয়া ও সোমালিয়া












প্রফেসর'স প্রকাশন • যোগাযোগ ও বিকাশ : ০১৩ ২৪ ২৫ ৪৬ ১৮, ০১৭ ১১ ১২ ০৭ ০১
professorsprokashon.com professorsprokashonbd OR order : 013 24 25 46 10

# তথ্য প্রবাহ

## টপ নিউজ

**২৮ জুলাই :** বাংলাদেশ জুডিশিয়াল সার্ভিস গঠন বিধিমালা, ২০২৫-এর গেজেট প্রকাশ।
**০৪ আগস্ট :** যুক্তরাষ্ট্রের সঙ্গে INF চুক্তি থেকে নিজেকে সরিয়ে নেয় রাশিয়া।
**০৫ আগস্ট :** প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস 'জুলাই ঘোষণাপত্র' পাঠ করেন।
**০৭ আগস্ট :** বাংলাদেশি রপ্তানি পণ্যে যুক্তরাষ্ট্রের পাল্টা শুল্ক ২০% কার্যকর।
**১২ আগস্ট :** বাংলাদেশ-মালয়েশিয়ার মধ্যে পাঁচ সমঝোতা স্মারক ও তিনটি নোট অব এক্সচেঞ্জ বিনিময়।
**১৫ আগস্ট :** ইউক্রেন যুদ্ধ নিয়ে যুক্তরাষ্ট্রের আলাস্কায় রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের সঙ্গে বৈঠক করেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।
**১৭ আগস্ট :** ঢাকা জেলার সাভার উপজেলাকে 'ডিগ্রেডেড এয়ারশেড' ঘোষণা করে পরিবেশ অধিদপ্তর।

## জুলাই মাসের বাকি অংশ

**বাংলাদেশ ♦ ২৪ জুলাই ২০২৫**
— ভোটার তালিকা (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫-এর গেজেট জারি।

**আন্তর্জাতিক ♦ ২৫ জুলাই ২০২৫**
— রাশিয়ার ভোস্তোচনি কসমোড্রোম থেকে সয়ুজ রকেট ব্যবহার করে নাহিদ-২ নামের যোগাযোগ উপগ্রহটি মহাকাশে পাঠায় ইরান।

**বাংলাদেশ ♦ ২৭ জুলাই ২০২৫**
— 'জাতীয় বেতন কমিশন, ২০২৫' গঠন করে প্রজ্ঞাপন ও গেজেট জারি।
— জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক) ৮,১৪৯ কোটি ৩৮ লাখ টাকা ব্যয়ে ১২ টি প্রকল্পের অনুমোদন দেয়।

**আন্তর্জাতিক**
— ইউরোপীয় ইউনিয়নের (EU) সঙ্গে বাণিজ্য চুক্তি করে যুক্তরাষ্ট্র।

**বাংলাদেশ ♦ ২৮ জুলাই ২০২৫**
— 'জুলাই জাতীয় সনদের' খসড়া প্রকাশ করে জাতীয় ঐকমত্য কমিশন।
— ১০ জন শহিদসহ তিন ক্যাটাগরিতে আহত আরও ১,৭৫৭ জন জুলাই যোদ্ধার গেজেট প্রকাশ করে মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়।
— দেশের সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের দশম গ্রেড দেওয়ার সিদ্ধান্ত অনুমোদন করে অন্তর্বর্তী সরকার।

**আন্তর্জাতিক**
— মালয়েশিয়ায় থাইল্যান্ড ও কম্বোডিয়া 'শর্তহীন' যুদ্ধবিরতিতে সম্মত।

**আন্তর্জাতিক ♦ ২৯ জুলাই ২০২৫**
— ইস্তানবুলে অনুষ্ঠিত আন্তর্জাতিক প্রতিরক্ষা শিল্পমেলা (IDF) ২০২৫-এ তুরস্ক তাদের সবচেয়ে শক্তিশালী অ-পারমাণবিক বোমা 'গাজাপ' উন্মোচন করে।

**বাংলাদেশ ♦ ৩০ জুলাই ২০২৫**
— জাতীয় সংসদের নির্বাচনি এলাকার প্রাথমিক সীমানা পুনর্নির্ধারণ-২০২৫ করে গেজেট জারি।

**আন্তর্জাতিক**
— রাশিয়ার পূর্বাঞ্চলে ৮.৮ মাত্রার ভূমিকম্প আঘাত হানে।

**বাংলাদেশ ♦ ৩১ জুলাই ২০২৫**
— ২০২৫-২৬ অর্থবছরের জুলাই-ডিসেম্বর সময়ের মুদ্রানীতি ঘোষণা করে বাংলাদেশ ব্যাংক।

**আন্তর্জাতিক**
— মিয়ানমারে দীর্ঘদিন ধরে চলা জরুরি অবস্থা প্রত্যাহার।
— ইউরোপীয় ইউনিয়নভুক্ত প্রথম দেশ হিসেবে ইসরায়েলে সকল ধরনের অস্ত্র রপ্তানি, আমদানি ও পরিবহনের ওপর নিষেধাজ্ঞা আরোপ করে স্লোভেনিয়া।

## আগস্ট

**বাংলাদেশ ♦ ১ আগস্ট ২০২৫**
— মহেশখালী সমন্বিত উন্নয়ন কর্তৃপক্ষ অধ্যাদেশ, ২০২৫ কার্যকর।
— যুক্তরাষ্ট্র বাংলাদেশের ওপর ২০% পাল্টা শুল্ক চূড়ান্ত করে।

**আন্তর্জাতিক ♦ ২ আগস্ট ২০২৫**
— নারী কোপা আমেরিকার ফাইনালে টাইব্রেকারে কলম্বিয়াকে হারিয়ে নবমবারের মতো শিরোপা জিতে ব্রাজিল।

**বাংলাদেশ ♦ ৪ আগস্ট ২০২৫**
— সহকারী কমিশনারদের (ভূমি) পদায়ন নীতিমালা, ২০২৫' জারি করে ভূমি মন্ত্রণালয়।
— জাতীয় ক্রীড়া পরিষদ (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫ জারি।

**আন্তর্জাতিক**
— ব্রাজিলের সাবেক প্রেসিডেন্ট জাইর বলসোনারোকে গৃহবন্দি করার নির্দেশ দেয় দেশটির সুপ্রিমকোর্ট।

**বাংলাদেশ ♦ ৫ আগস্ট ২০২৫**
— জুলাই গণঅভ্যুত্থানের এক বছর পূর্তির দিন জাতির উদ্দেশে ভাষণ দেন প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস।

**বাংলাদেশ ♦ ৬ আগস্ট ২০২৫**
— ২০২৬ সালের ফেব্রুয়ারিতে জাতীয় সংসদ নির্বাচন আয়োজনের জন্যে নির্বাচন কমিশনকে (EC) চিঠি দেয় প্রধান উপদেষ্টার কার্যালয়।

**আন্তর্জাতিক**
— কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের ৮৪তম প্রয়াণবার্ষিকী।
— বিশ্বের সবচেয়ে দীর্ঘতম ঝুলন্ত সেতু নির্মাণ করতে ইতালির মন্ত্রিসভার আনুষ্ঠানিক অনুমোদন।
— হিরোশিমায় পারমাণবিক বোমা হামলার ৮০ বছর পূর্তি পালন।

**আন্তর্জাতিক ♦ ৭ আগস্ট ২০২৫**
— যুক্তরাজ্যে প্রথম বাংলাদেশি বংশোদ্ভূত এমপি এবং গৃহহীনতা বিষয়ক মন্ত্রী রুশনারা আলী পদত্যাগ করেন।

লেসেথোর বর্তমান প্রধানমন্ত্রী Ntsokoane Samuel Matekane

Scanned with CamScanner

**আন্তর্জাতিক • ৮ আগস্ট ২০২৫**

—ইসরায়েলের মন্ত্রিসভা অবরুদ্ধ গাজা সিটি দখলের অনুমোদন দেয়।

—স্থায়ী সালিশি আদালত (PCA) ভারতকে সিন্ধু নদের পানিবণ্টন চুক্তির ওপর স্থগিতাদেশ তুলে নেওয়ার নির্দেশ দেয়।

—যুক্তরাষ্ট্রের হোয়াইট হাউসে আর্মেনিয়া ও আজারবাইজানের মধ্যে শান্তি চুক্তি স্বাক্ষর।

**বাংলাদেশ • ১০ আগস্ট ২০২৫**

—বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫ ও Code of Criminal Procedure (Second Amendment) Ordinance, 2025 জারি।

**বাংলাদেশ • ১১ আগস্ট ২০২৫**

—তিন দিনের রাষ্ট্রীয় সফরে মালয়েশিয়ার উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করেন প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস।

**আন্তর্জাতিক**

—পাকিস্তানের বিচ্ছিন্নতাবাদী সংগঠন বালুচ লিবারেশন আর্মি এবং তাদের অপারেশন শাখা মাজিদ ব্রিগেডকে 'বিদেশি সন্ত্রাসী সংগঠন' হিসেবে তালিকাভুক্ত করে যুক্তরাষ্ট্র।

**বাংলাদেশ • ১২ আগস্ট ২০২৫**

—বাংলাদেশ ব্যাংক ২০২৫-২৬ অর্থবছরের কৃষি ও পল্লী ঋণ নীতিমালা ঘোষণা করে।

**বাংলাদেশ • ১৩ আগস্ট**

—প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস মালয়েশিয়া ন্যাশনাল ইউনিভার্সিটি (UKM) থেকে সম্মানসূচক ডক্টরেট ডিগ্রি গ্রহণ করেন।

**আন্তর্জাতিক • ১৪ আগস্ট ২০২৫**

—পাকিস্তানের সেনাবাহিনীর 'রকেট ফোর্স কমান্ড' গঠনের ঘোষণা দেয় দেশটির প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ।

**আন্তর্জাতিক • ১৫ আগস্ট ২০২৫**

—চীনের বেইজিংয়ে বিশ্বের প্রথম মানবাকৃতি রোবট গেমস শুরু।

**বাংলাদেশ • ১৬ আগস্ট ২০২৫**

—বন্দরনগরী চট্টগ্রাম থেকে রাজধানী ঢাকায় পাইপলাইনে জ্বালানি তেল সরবরাহ আনুষ্ঠানিকভাবে উদ্বোধন।

—রাজনৈতিক দলগুলোর কাছে 'জুলাই জাতীয় সনদের' খসড়া পাঠানো হয়।

**বাংলাদেশ • ১৭ আগস্ট ২০২৫**

—বিটিভিতে শিশু-কিশোরদের প্রতিভা অন্বেষণ প্রতিযোগিতা 'নতুন কুঁড়ি' কার্যক্রম উদ্বোধন।

—সিরাজগঞ্জের শাহজাদপুরে রবীন্দ্র বিশ্ববিদ্যালয় বাংলাদেশ স্থাপন প্রকল্পের অনুমোদন দেয় একনেক।

**বাংলাদেশ • ১৮ আগস্ট ২০২৫**

—ঢাকা আন্তর্জাতিক বাণিজ্যমেলার (DITF) নাম পরিবর্তন করে ঢাকা বাণিজ্যমেলা (DTF) করা হয়।

**বাংলাদেশ • ১৯ আগস্ট ২০২৫**

—ষষ্ঠ গণবিজ্ঞপ্তিতে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে প্রবেশ পর্যায়ে প্রায় ৪১,০০০ জন শিক্ষক নিয়োগের ফল প্রকাশ।

**বাংলাদেশ • ২০ আগস্ট ২০২৫**

—গাইবান্ধার সুন্দরগঞ্জ ও কুড়িগ্রামের চিলমারী উপজেলার মধ্যে সংযোগ স্থাপনকারী 'মওলানা ভাসানী' সেতুর উদ্বোধন।

**বাংলাদেশ • ২১ আগস্ট ২০২৫**

—জুলাই-আগস্ট গণহত্যার বিচারের দাবি এবং জাতিসংঘের প্রতিবেদনকে 'ঐতিহাসিক দলিল' হিসেবে ঘোষণার নির্দেশ দেয় হাইকোর্ট।

—বাংলাদেশ এবং পাকিস্তানের সরকারি ও কূটনৈতিক পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি চুক্তির খসড়া অনুমোদন করে উপদেষ্টা পরিষদ।

—উপদেষ্টা পরিষদের বৈঠকে রাজস্ব নীতি ও রাজস্ব ব্যবস্থাপনা (সংশোধন), ২০২৫ নীতিগত ও চূড়ান্ত অনুমোদন।

**আন্তর্জাতিক**

—ভারতীয় পার্লামেন্টে প্রমোশন অ্যান্ড রেগুলেশন অব অনলাইন গেমিং বিল পাস।

**আন্তর্জাতিক • ২২ আগস্ট ২০২৫**

—গাজায় প্রথমবার আনুষ্ঠানিকভাবে দুর্ভিক্ষ ঘোষণা করে জাতিসংঘ।

**বাংলাদেশ • ২৩ আগস্ট ২০২৫**

—পাকিস্তানের উপপ্রধানমন্ত্রী ও পররাষ্ট্রমন্ত্রী ইসহাক দার দুই দিনের সফরে ঢাকায় আসেন।

**বাংলাদেশ • ২৪ আগস্ট ২০২৫**

—কক্সবাজারে রোহিঙ্গা ইস্যুতে ৪০টি দেশের প্রতিনিধিদের অংশগ্রহণে ৩ দিনব্যাপী আন্তর্জাতিক সম্মেলন শুরু।

—বাংলাদেশ সরকারি কর্ম কমিশনে (PSC) নতুন নিয়োগ পাওয়া তিন সদস্যকে শপথ পড়ান প্রধান বিচারপতি সৈয়দ রেফাত আহমেদ।

—গাজীপুর মহানগরীর ভোগড়া থেকে নারায়ণগঞ্জের মদনপুর পর্যন্ত ৪৮ কিমি ঢাকা বাইপাস সড়কের ১৮ কিমি অংশের উদ্বোধন করা হয়।

**বাংলাদেশ • ২৫ আগস্ট ২০২৫**

—রোহিঙ্গা বিষয়ে আন্তর্জাতিক সম্মেলনের মূল অধিবেশনে যোগ দিতে কক্সবাজার যান প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস।

**আন্তর্জাতিক**

—মার্কিন যুক্তরাষ্ট্রের সঙ্গে ডাক পরিষেবা সাময়িকভাবে স্থগিত করে ভারত।

**আন্তর্জাতিক • ৩১ আগস্ট ২০২৫**

—সাংহাই সহযোগিতা সংস্থার (SCO) রাষ্ট্রপ্রধানদের দুই দিনব্যাপী ২৫তম শীর্ষ সম্মেলন চীনের তিয়ানজিনে শুরু হয়।

## বাংলাদেশ-পাকিস্তান সমঝোতা স্বাক্ষর

২৪ আগস্ট ২০২৫ বাংলাদেশ-পাকিস্তানের মধ্যে একটি চুক্তি, চারটি সমঝোতা স্মারক (MoU) ও একটি কর্মসূচি স্বাক্ষর হয়।

■ চুক্তি : দুই দেশের সরকারি ও কূটনৈতিক পাসপোর্টধারীদের ভিসা বিলোপ চুক্তি।

■ MoU : দুই দেশের বাণিজ্যবিষয়ক জয়েন্ট ওয়ার্কিং গ্রুপ গঠন। দুই দেশের ফরেন সার্ভিস একাডেমির মধ্যে সহযোগিতা। দুই দেশের রাষ্ট্রীয় বার্তা সংস্থার (বাসস ও এপিপিসি) মধ্যে সহযোগিতা। বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজের (BIISS) সঙ্গে পাকিস্তানের ইনস্টিটিউট অব স্ট্র্যাটেজিক স্টাডিজ ইসলামাবাদের (ISSI) সহযোগিতা।

■ কর্মসূচি : বাংলাদেশ ও পাকিস্তানের মধ্যে সংস্কৃতি বিনিময় কর্মসূচি (CEP)।



লেসেথোর প্রথম প্রধানমন্ত্রী Chief Sekhonyana Nehemia Maseribane

# সাম্প্রতিক বিষয়ের MCQ

## বাংলাদেশ

১. ২০২৬ সালে অনুষ্ঠিতব্য জাতীয় সংসদ নির্বাচন কততম?
ⓚ একাদশ ⓚ দ্বাদশ ⓖ ত্রয়োদশ ⓖ চতুর্দশ

২. মহেশখালী সমন্বিত উন্নয়ন কর্তৃপক্ষ অধ্যাদেশ, ২০২৫ কার্যকর হয় কবে?
ⓚ ২৩ জুলাই ২০২৫ ⓚ ৩০ জুলাই ২০২৫
ⓖ ১ আগস্ট ২০২৫ ⓖ ৪ আগস্ট ২০২৫

৩. জাতীয় ক্রীড়া পরিষদের প্রধান নির্বাহীর পদ হলো—
ⓚ সচিব ⓚ নির্বাহী পরিচালক
ⓖ মহাপরিচালক ⓖ চেয়ারম্যান

৪. ১২ আগস্ট ২০২৫ বাজারে আসা নতুন ১০০ টাকার নোটে প্রথমবারের মতো কোন ছবি যুক্ত করা হয়?
ⓚ সুন্দরবন ⓚ পদ্মা সেতু
ⓖ কর্ণফুলী টানেল ⓖ মেট্রোরেল

৫. জুলাই ঘোষণাপত্র কবে পাঠ করা হয়?
ⓚ ১আগস্ট ২০২৫ ⓚ ২ আগস্ট ২০২৫
ⓖ ৪ আগস্ট ২০২৫ ⓖ ৫ আগস্ট ২০২৫

৬. জুলাই ঘোষণাপত্র পাঠ করেন কে?
ⓚ অধ্যাপক আলী রীয়াজ ⓚ ড. মুহাম্মদ ইউনূস
ⓖ সফর রাজ হোসেন ⓖ ড. ইফতেখারুজ্জামান

৭. ২৯ জুলাই ২০২৫ কোন বাংলাদেশি সাঁতারু ইংলিশ চ্যানেল পাড়ি দেন?
ⓚ মাহফিজুর রহমান সাগর ⓚ নাজমুল হক হিমেল
ⓖ মোশাররফ হোসেন ⓖ ক + খ

৮. ২০২৫ সালের জুলাই পর্যন্ত কতজন বাংলাদেশি ইংলিশ চ্যানেল পাড়ি দেন?
ⓚ ২ ⓚ ৩ ⓖ ৫ ⓖ ৭

৯. মওলানা ভাসানী সেতু উদ্বোধন করা হয় কবে?
ⓚ ১১ আগস্ট ২০২৫ ⓚ ১৭আগস্ট ২০২৫
ⓖ ২০ আগস্ট ২০২৫ ⓖ ২৩ আগস্ট ২০২৫

১০. ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলার (DITF) বর্তমান নাম কী?
ⓚ ঢাকা বাণিজ্য মেলা ⓚ বাংলাদেশ বাণিজ্য মেলা
ⓖ জুলাই বাণিজ্য মেলা ⓖ আন্তর্জাতিক বাণিজ্য মেলা

১১. ১৭ আগস্ট ২০২৫ পরিবেশ অধিদপ্তর প্রথম কোন উপজেলাকে 'ডিগ্রেডেড এয়ারশেড' হিসেবে ঘোষণা করে?
ⓚ কালিয়াকৈর (গাজীপুর) ⓚ সাভার (ঢাকা)
ⓖ গজারিয়া (মুন্সীগঞ্জ) ⓖ রূপগঞ্জ (নারায়ণগঞ্জ)

১২. বর্তমানে বাংলাদেশের ভৌগোলিক নির্দেশক পণ্য কতটি?
ⓚ ৫৭টি ⓚ ৫৮টি ⓖ ৫৯টি ⓖ ৬০টি

১৩. বাংলাদেশের ৬০তম ভৌগোলিক নির্দেশক পণ্য কোনটি?
ⓚ ফরিদপুরের পাট
ⓚ মেহেরপুরের হিমসাগর আম
ⓖ ফুলবাড়ীয়ার লাল চিনি
ⓖ নেত্রকোণার বালিশ মিষ্টি

১৪. দেশের ইতিহাসে প্রথম নারী শিক্ষা সচিব কে?
ⓚ রেহানা পারভীন ⓚ খোদেজা আজম
ⓖ ফাতিমা ইয়াসমিন ⓖ জাকিয়া চৌধুরী

১৫. ২৫ আগস্ট ২০২৫ পর্যন্ত বাংলাদেশের উপর যুক্তরাষ্ট্রের মোট শুল্কহার কত শতাংশ?
ⓚ ২০ ⓚ ১৫ ⓖ ৩৫ ⓖ ২৫

১৬. স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় 'বাংলাদেশ জনসংখ্যা নীতি ২০২৫' প্রকাশ করে কবে?
ⓚ ৫ জুলাই ২০২৫ ⓚ ১ জুলাই ২০২৫
ⓖ ১৪ আগস্ট ২০২৫ ⓖ ১৪ জুলাই ২০২৫

১৭. কোন চলচ্চিত্র উৎসবে 'জুলাই মেমোরিয়াল প্রাইজ' প্রবর্তন করা হয়?
ⓚ কান চলচ্চিত্র উৎসব
ⓚ বুসান ইন্টারন্যাশনাল ফিল্ম ফেস্টিভ্যাল
ⓖ একাডেমি অ্যাওয়ার্ডস
ⓖ ভেনিস চলচ্চিত্র উৎসব

১৮. বাংলাদেশ এশিয়াটিক সোসাইটির প্রথম নারী সভাপতি ও ডাকসুর ভিপি কে ছিলেন?
ⓚ মতিয়া চৌধুরী ⓚ মাহফুজা খানম
ⓖ করুণাকণা গুপ্তা ⓖ লীলা নাগ

১৯. প্রথম বাংলাদেশি-আমেরিকান হিসেবে মার্কিন সামরিক বাহিনীতে ব্রিগেডিয়ার জেনারেল হন কে?
ⓚ দিদারুল ইসলাম ⓚ শরিফুল এম খান
ⓖ আরহাম চৌধুরী ⓖ মোরশেদ আলী

## জাতীয় বহুমাত্রিক দারিদ্র্য সূচক

২০. দেশে বহুমাত্রিক দারিদ্র্যের হার মোট কত শতাংশ?
ⓚ ২৫.৮৭ ⓚ ২৪.০৫ ⓖ ২৬.৪৩ ⓖ ২৮.০৫

২১. বহুমাত্রিক দারিদ্র্যে শীর্ষ বিভাগ কোনটি?
ⓚ ঢাকা ⓚ খুলনা ⓖ সিলেট ⓖ বরিশাল

২২. বহুমাত্রিক দারিদ্র্যে সর্বনিম্ন বিভাগ কোনটি?
ⓚ ঢাকা ⓚ খুলনা ⓖ রাজশাহী ⓖ রংপুর

২৩. বহুমাত্রিক দারিদ্র্যে শীর্ষ জেলা কোনটি?
ⓚ বান্দরবান ⓚ ফেনী ⓖ কুমিল্লা ⓖ রাঙ্গামাটি

২৪. বহুমাত্রিক দারিদ্র্যে সর্বনিম্ন জেলা কোনটি?
ⓚ যশোর ⓚ ঢাকা ⓖ নওগাঁ ⓖ ঝিনাইদহ

## আন্তর্জাতিক

২৫. হোয়াইট হাউসে আর্মেনিয়া ও আজারবাইজানের মধ্যে শান্তি চুক্তি স্বাক্ষরিত হয় কবে?
ⓚ ২ আগস্ট ২০২৫ ⓚ ৪ আগস্ট ২০২৫
ⓖ ৫ আগস্ট ২০২৫ ⓖ ৮ আগস্ট ২০২৫

২৬. বিশ্ব প্রকৃতি সংরক্ষণ দিবস কবে?
ⓚ ২৮ জুন ⓚ ৩০ জুন
ⓖ ২৮ জুলাই ⓖ ২৩ জুলাই

### উত্তর

| | |
|---|---|
| ১. | গ |
| ২. | গ |
| ৩. | খ |
| ৪. | ক |
| ৫. | ঘ |
| ৬. | খ |
| ৭. | ঘ |
| ৮. | গ |
| ৯. | গ |
| ১০. | ক |
| ১১. | খ |
| ১২. | ঘ |
| ১৩. | ক |
| ১৪. | ক |
| ১৫. | গ |
| ১৬. | ঘ |
| ১৭. | খ |
| ১৮. | খ |
| ১৯. | খ |
| ২০. | খ |
| ২১. | গ |
| ২২. | খ |
| ২৩. | ক |
| ২৪. | ঘ |
| ২৫. | ঘ |
| ২৬. | গ |

লেসেথোর বর্তমান রাজা Letsie III

Scanned with CamScanner

২৭. ইউক্রেনের সুরক্ষায় Coalition of the Willing গঠন করা হয় কবে?
ⓚ ২ মার্চ ২০২৫ ⓚ ২ এপ্রিল ২০২৫
ⓖ ২ মে ২০২৫ ⓖ ২ জুন ২০২৫

২৮. বিশ্বের প্রথম মানবাকৃতির রোবট গেম কোথায় অনুষ্ঠিত হয়?
ⓚ যুক্তরাষ্ট্র ⓚ ফ্রান্স ⓖ জাপান ⓖ চীন

২৯. ১ জানুয়ারি ২০২৬ কোন দেশ ইউরোপীয় ইউনিয়নের ২১তম দেশ হিসেবে ইউরো মুদ্রা চালু করবে?
ⓚ পোল্যান্ড ⓚ বুলগেরিয়া
ⓖ হাঙ্গেরি ⓖ নরওয়ে

৩০. শক্তিশালী অ-পারমাণবিক বোমা 'গাজাপ' কোন দেশের তৈরি?
ⓚ পাকিস্তান ⓚ চীন ⓖ তুরস্ক ⓖ ইরান

৩১. ৯ সেপ্টেম্বর ২০২৫ জাতিসংঘ সাধারণ পরিষদের ৮০তম অধিবেশনের সভাপতি হিসেবে দায়িত্ব গ্রহণ করেন কে?
ⓚ ফিলেমন ইয়াং ⓚ নাসির আহমদ ফাইক
ⓖ আনালেনা বায়েরবোক ⓖ ফিলিপ ক্রেডেলকা

৩২. ইউরোপীয় ইউনিয়নের (EU) প্রথম দেশ হিসেবে কোন দেশ ইসরায়েলের সঙ্গে অস্ত্র আমদানি, রপ্তানি ও পরিবহনে নিষেধাজ্ঞা আরোপ করে?
ⓚ ফ্রান্স ⓚ পোল্যান্ড
ⓖ জার্মানি ⓖ স্লোভেনিয়া

৩৩. অনিয়মিত অভিবাসন নিয়ন্ত্রণে যুক্তরাজ্যে কোন দেশের সাথে 'ওয়ান ইন, ওয়ান আউট' চুক্তি করে?
ⓚ বেলজিয়াম ⓚ ডেনমার্ক
ⓖ ফ্রান্স ⓖ নেদারল্যান্ডস

৩৪. রাশিয়া কবে Intermediate-Range Nuclear Forces Treaty (INF Treaty) থেকে বেরিয়ে যাওয়ার সিদ্ধান্ত নেয়?
ⓚ ৪ আগস্ট ২০২৫ ⓚ ১৫ আগস্ট ২০২৫
ⓖ ১০ আগস্ট ২০২৫ ⓖ ৩ আগস্ট ২০২৫

৩৫. দক্ষিণ এশিয়ার প্রথম ট্র্যাকলেস বৈদ্যুতিক ট্রাম চালু হয় কোন শহরে?
ⓚ নয়াদিল্লি ⓚ কলকাতা
ⓖ লাহোর ⓖ ইসলামাবাদ

৩৬. কোন দেশের মধ্যস্থতায় থাইল্যান্ড ও কম্বোডিয়া যুদ্ধবিরতিতে সম্মত হয়?
ⓚ কাতার ⓚ সিঙ্গাপুর
ⓖ মালয়েশিয়া ⓖ ইন্দোনেশিয়া

## সংস্থার সদস্য

৩৭. বিশ্ব বুদ্ধিবৃত্তিক সম্পদ সংস্থার (WIPO) বর্তমান সদস্য কত?
ⓚ ১৯২টি ⓚ ১৯৩টি ⓖ ১৯৪টি ⓖ ১৯৫টি

৩৮. ১৯ সেপ্টেম্বর ২০২৫ কোন দেশ WIPO'র ১৯৪তম সদস্যপদ লাভ করবে?
ⓚ মাইক্রোনেশিয়া ⓚ সলোমন দ্বীপপুঞ্জ
ⓖ পূর্ব তিমুর ⓖ নাউরু

৩৯. আন্তর্জাতিক হাইড্রোগ্রাফিক সংস্থার (IHO) বর্তমান সদস্য কত?
ⓚ ১০০টি ⓚ ১০১টি ⓖ ১০২টি ⓖ ১০৩টি

৪০. ২৮ জুলাই ২০২৫ কোন দেশ IHO'র ১০৩তম সদস্যপদ লাভ করে?
ⓚ গাম্বিয়া ⓚ কিরিবাতি ⓖ লিথুয়ানিয়া ⓖ ফিনল্যান্ড

৪১. এশীয় অবকাঠামো বিনিয়োগ ব্যাংকের (AIIB) বর্তমান সদস্য কত?
ⓚ ৯৯টি ⓚ ১০০টি ⓖ ১০২টি ⓖ ১০৩টি

৪২. ২৪ জুন ২০২৫ কোন দেশ AIIB'র ১০৩তম সদস্যপদ লাভ করে?
ⓚ মৌরিতানিয়া ⓚ নাউরু ⓖ কেনিয়া ⓖ জিবুতি

## সম্মেলন-বৈঠক

৪৩. সাংহাই সহযোগিতা সংস্থার (SCO) রাষ্ট্রপ্রধানদের ২৫তম শীর্ষ সম্মেলন কবে অনুষ্ঠিত হয়?
ⓚ ১০ সেপ্টেম্বর-১১ সেপ্টেম্বর ২০২৫
ⓚ ৩১ আগস্ট-১ সেপ্টেম্বর ২০২৫
ⓖ ২৫ আগস্ট-২৬ আগস্ট ২০২৫
ⓖ ১৫ সেপ্টেম্বর-১৬ সেপ্টেম্বর ২০২৫

৪৪. সাংহাই সহযোগিতা সংস্থার (SCO) রাষ্ট্রপ্রধানদের ২৫তম শীর্ষ সম্মেলন কোথায় অনুষ্ঠিত হয়?
ⓚ আস্তানা (কাজাখস্তান) ⓚ নয়াদিল্লি (ভারত)
ⓖ মস্কো (রাশিয়া) ⓖ তিয়ানজিন(চীন)

৪৫. UNESCO'র নেতৃত্বে ২৮-২৯ আগস্ট ২০২৫ 'ওয়ার্ল্ড সামিট অন টিচারস' কোন দেশে অনুষ্ঠিত হয়?
ⓚ ব্রাজিল ⓚ চীন ⓖ চিলি ⓖ জাপান

## ক্রীড়াঙ্গন

৪৬. প্রথম বাংলাদেশী নারী আম্পায়ার হিসেবে পুরুষদের আন্তর্জাতিক ক্রিকেটে ম্যাচ পরিচালনায় আম্পায়ারিং প্যানেলে যুক্ত হন কে?
ⓚ নিগার সুলতানা জ্যোতি ⓚ সাথিরা জাকির জেসি
ⓖ জাহানারা আলম ⓖ ফারজানা হক

৪৭. আন্তর্জাতিক ক্রিকেট ইতিহাসে সবচেয়ে কম বয়সি অধিনায়ক কে?
ⓚ নোমন আমজাদ (ফ্রান্স)
ⓚ রশিদ খান (আফগানিস্তান)
ⓖ জ্যাক ভুকুসিচ (ক্রোয়েশিয়া)
ⓖ মোহাম্মদ আশরাফুল (বাংলাদেশ)

৪৮. ২০২৫ সালে নারী কোপা আমেরিকায় নবমবারের মতো চ্যাম্পিয়ন হয় কোন দেশ?
ⓚ পেরু ⓚ উরুগুয়ে ⓖ কলম্বিয়া ⓖ ব্রাজিল

৪৯. টেস্ট চ্যাম্পিয়নশীপের পরবর্তী তিন আসর (২০২৭, ২০২৯, ২০৩১)-এর ফাইনাল অনুষ্ঠিত হবে কোথায়?
ⓚ ইংল্যান্ড ⓚ ভারত
ⓖ অস্ট্রেলিয়া ⓖ দক্ষিণ আফ্রিকা

৫০. ১৭তম জাতীয় সামার অ্যাথলেটিকসে দেশের দ্রুততম মানব হন কে?
ⓚ আবদুল মোতালেব ⓚ মোহাম্মদ ইসমাইল
ⓖ ইমরানুর রহমান ⓖ রোমান সানা

| উত্তর |
| --- |
| ২৭. ক |
| ২৮. ঘ |
| ২৯. খ |
| ৩০. গ |
| ৩১. গ |
| ৩২. ঘ |
| ৩৩. গ |
| ৩৪. ক |
| ৩৫. গ |
| ৩৬. গ |
| ৩৭. গ |
| ৩৮. ক |
| ৩৯. ঘ |
| ৪০. গ |
| ৪১. ঘ |
| ৪২. ক |
| ৪৩. খ |
| ৪৪. ঘ |
| ৪৫. গ |
| ৪৬. খ |
| ৪৭. গ |
| ৪৮. ঘ |
| ৪৯. ক |
| ৫০. গ |

লেসেথোর প্রথম রাজা Moshoeshoe I

Scanned with CamScanner

# Recent Info Inquiry

## Bangladesh

Ques : On 13 August 2025 which University conferred an honorary doctorate degree on Chief Adviser Dr. Muhammad Yunus?
Ans : Universiti Kebangsaan Malaysia (UKM).
Ques : Which US-based financial services recently launched its services in Bangladesh?
Ans : Nala.
Ques : On what date government brought the 'Moheshkhali Integrated Development Authority (MIDA) Ordinance, 2025' into effect?
Ans : 1 August 2025.
Ques : On what date July Declaration was formally announced?
Ans : 5 August 2025.
Ques : On what date Chattogram-Dhaka fuel oil pipeline project inaugurated?
Ans : 16 August 2025.
Ques : Country's first 'degraded airshed' area—
Ans : Savar.
Ques : Which bank launched global first biometric metal credit card in Bangladesh?
Ans : Eastern Bank Limited.
Ques : In which district government decided to open a consular office of the Ministry of Foreign Affairs?
Ans : Chattogram.
Ques : What is the name of joint military exercise between USA and Bangladesh concluded on 2 August 2025?
Ans : Tiger Shark.
Ques : What is the name of Teesta Bridge connecting Gaibandha and Kurigram districts inaugurated on 20 August 2025.
Ans : Moulana Bhashani Bridge.
Ques : Malaysia is likely to introduce which visa for Bangladeshi students?
Ans : Graduate Plus visa.
Ques : Country's first female education secretary—
Ans : Rehana Parveen.

## International

Ques : 30 July 2025 which part of Russia was struck by 8.8 magnitude of earthquake?
Ans : Russia's Far Eastern Kamchatka Peninsula.
Ques : On 1 January 2026 which country will officially adopt the euro as its national currency?
Ans : Bulgaria.
Ques : On 15 August 2025 where did US president Donald Trump & Russian president Vladimir Putin met for a bilateral meeting?
Ans : Alaska.
Ques : On 5 August 2025 which international body said India must let flow the waters of the western rivers for Pakistan's unrestricted use?
Ans : Permanent Court of Arbitration (PCA) in The Hague.
Ques : On 4 August 2025 Russia announced to withdrew itself from which treaty?
Ans : Intermediate-Range Nuclear Forces (INF) treaty, signed in 1987.
Ques : Who mediated a peace treaty between Armenia and Azerbaijan on 8 August 2025?
Ans : US president Donald Trump.
Ques : On what date a joint peace declaration was signed at the White House by Azerbaijani President Ilham Aliyev & Armenian Prime Minister Nikol Pashinyan?
Ans : 8 August 2025.
Ques : First EU country to impose arms embargo on Israel—
Ans : Slovenia.
Ques : Which country expressed interest in becoming part of the Silk Road initiative alongside Pakistan and China?
Ans : Iran.
Ques : In which place 25th EU-China summit took place?
Ans : Beijing, China.
Ques : What is GAZAP?
Ans : Most powerful non-nuclear aerial bomb of Türkiye.
Ques : Which country is going to build the world's longest suspension bridge?
Ans : Italy (Strait of Messina Bridge).
Ques : Which country plans to build a nuclear reactor on the Moon by 2030?
Ans : USA.
Ques : 31 July 2025 which country successfully launched a remote sensing satellite?
Ans : Pakistan.

## Sports

Ques : Youngest-ever captain in international cricket across all formats—
Ans : Croatia's Zach Vukusic (17 years and 311 days).
Ques : Which country will host FIFA Women's World Cup 2027?
Ans : Brazil.
Ques : Which team won 2025 Copa America Femenina?
Ans : Brazil

**আগস্ট ২০২৫ সংখ্যার সংশোধনী**

| পৃষ্ঠা | কলাম | লাইন | যা আছে | যা হবে |
|---|---|---|---|---|
| ৬৩ | ০২ | ৩৮ | খ) পদ | ঘ) কারক |
| ৬৭ | ০২ | ৬ | 10 | 01 |

লেসেথোর আইনসভার নাম পার্লামেন্ট

Scanned with CamScanner

# সাম্প্রতিক প্রশ্নোত্তর

## বাংলাদেশ

প্রশ্ন: কবি জসীমউদ্‌দীনের কবর কবিতার শতবর্ষ উপলক্ষে প্রকাশিত 'শতবর্ষে কবর' গ্রন্থটি সম্পাদনা করেন কে?
উত্তর: মফিজ ইমাম মিলন।

প্রশ্ন: সন্দ্বীপে মেঘনা নদীর মোহনায় জেগে ওঠা 'সবুজ চর'-এর আয়তন কত?
উত্তর: ৮০ বর্গকিলোমিটার।

প্রশ্ন: মালয়েশিয়ার কোন বিশ্ববিদ্যালয় ড. মুহাম্মদ ইউনূসকে সম্মানসূচক ডক্টরেট ডিগ্রি প্রদান করে?
উত্তর: মালয়েশিয়া ন্যাশনাল ইউনিভার্সিটি (UKM)।

প্রশ্ন: বাংলাদেশ টেলিভিশন (BTV) শিশু-কিশোরদের প্রতিযোগিতামূলক অনুষ্ঠান 'নতুন কুঁড়ি' শুরু করে কবে?
উত্তর: ১৯৭৬ সালে।

প্রশ্ন: সম্প্রতি বাংলাদেশে জার্মানির নব-নিযুক্ত রাষ্ট্রদূতের নাম কী?
উত্তর: ড. রুডিগার লোটজ।

প্রশ্ন: দেশের প্রথম বাণিজ্যিক ঘোড়ার খামার কোথায় উদ্বোধন করা হয়?
উত্তর: ময়মনসিংহে।

প্রশ্ন: কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের তথ্য অনুযায়ী, ড্রাগন ফল উৎপাদনে শীর্ষ জেলা কোনটি?
উত্তর: ঝিনাইদহ।

প্রশ্ন: জাতিসংঘের জলবায়ু পরিবর্তন বিষয়ক যুব উপদেষ্টা পরিষদে বাংলাদেশ থেকে মনোনীত হন কে?
উত্তর: ফারজানা ফারুক ঝুমু।

প্রশ্ন: তিস্তা নদীর সামগ্রিক ব্যবস্থাপনা ও পুনরুদ্ধার প্রকল্পের পুরো নাম কী?
উত্তর: তিস্তা রিভার কম্প্রিহেনসিভ ম্যানেজমেন্ট অ্যান্ড রেস্টোরেশন প্রজেক্ট (TRCMRP)।

প্রশ্ন: দেশে প্রথমবারের মতো পররাষ্ট্র মন্ত্রণালয়ের আঞ্চলিক দপ্তর চালু করা হবে কোথায়?
উত্তর: চট্টগ্রামে।

প্রশ্ন: ২৪ আগস্ট ২০২৫ বাংলাদেশ-পাকিস্তান পররাষ্ট্রমন্ত্রী পর্যায়ের দ্বিপাক্ষিক বৈঠকে কয়টি চুক্তি ও সমঝোতা স্মারক স্বাক্ষর হয়?
উত্তর: ১টি চুক্তি ও ৪টি সমঝোতা স্মারক।

প্রশ্ন: সিলেটের ভোলাগঞ্জ জিরো পয়েন্ট কোন নদীর উৎস মুখে অবস্থিত?
উত্তর: ধলাই নদ।

প্রশ্ন: জাতীয় রাজস্ব বোর্ড বিলুপ্ত করে পৃথক নতুন কয়টি ও কী কী বিভাগ চালুর সিদ্ধান্ত নেয় সরকার?
উত্তর: ২টি; রেভিনিউ পলিসি ডিভিশন ও রেভিনিউ ম্যানেজমেন্ট ডিভিশন।

## আন্তর্জাতিক

প্রশ্ন: সম্প্রতি আফ্রিকার কোন দেশ প্রথমবারের মতো এআইভিত্তিক ইসলামী শিক্ষার যাত্রা শুরু করে?
উত্তর: নাইজেরিয়া।

প্রশ্ন: ৩০ জুলাই ২০২৫ রাশিয়ার কোথায় ৮.৮ মাত্রার ভূমিকম্প আঘাত হানে?
উত্তর: পেত্রোপাভলোভস্ক-কামচাতস্কি শহর।

প্রশ্ন: ২২ আগস্ট ২০২৫ ইয়েমেনের হুথিরা ইসরায়েলে প্রথমবারের মতো কোন ধরনের ক্ষেপণাস্ত্র দিয়ে হামলা করে?
উত্তর: ক্লাস্টার মিউনিশনযুক্ত ক্ষেপণাস্ত্র।

প্রশ্ন: ভারতে নিযুক্ত যুক্তরাষ্ট্রের নতুন রাষ্ট্রদূতের নাম কী?
উত্তর: সার্জিও গরকে।

প্রশ্ন: কোন দেশ বিশ্বের সবচেয়ে দীর্ঘতম ঝুলন্ত সেতু নির্মাণ করছে?
উত্তর: ইতালি।

প্রশ্ন: কোন দেশ ২০৩০ সালের মধ্যে চাঁদে পারমাণবিক চুল্লি স্থাপন করবে?
উত্তর: যুক্তরাষ্ট্র।

প্রশ্ন: প্রথমবারের মতো একটি হিউম্যানয়েড রোবটকে পিএইচডি প্রোগ্রামে ভর্তি করে কোন দেশ?
উত্তর: চীন।

প্রশ্ন: চীনের নাট্যকলা বিষয়ে পিএইচডি প্রোগ্রামে ভর্তি হওয়া হিউম্যানয়েড রোবটটির নাম কী?
উত্তর: সুয়ে বা-০১ (Xue Ba-01)।

প্রশ্ন: ১৫ আগস্ট ২০২৫ ট্রাম্প-পুতিন ঐতিহাসিক বৈঠক কোথায় অনুষ্ঠিত হয়?
উত্তর: আলাস্কা, যুক্তরাষ্ট্র।

প্রশ্ন: যুক্তরাষ্ট্রের এলমেনডর্ফ রিচার্ডসন সামরিক ঘাঁটি কোন অঙ্গরাজ্যে অবস্থিত?
উত্তর: আলাস্কা।

প্রশ্ন: বিশ্বের অন্যতম উচ্চতম সক্রিয় আগ্নেয়গিরি ক্লিউচেভস্কয় কোন দেশে অবস্থিত?
উত্তর: রাশিয়ায়।

প্রশ্ন: জাপানের ফুকুশিমায় ভূমিকম্পে ক্ষতিগ্রস্ত পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের তেজস্ক্রিয় ধ্বংসাবশেষ সরাতে ব্যবহৃত দুটি রোবটের নাম কী?
উত্তর: স্পট ও প্যাকবট।

প্রশ্ন: সুইজারল্যান্ডভিত্তিক বিনিয়োগ ব্যাংক ইউবিএস গ্লোবাল ওয়েলথ রিপোর্ট অনুযায়ী, ইউরোপের প্রাপ্তবয়স্কদের মাথাপিছু সম্পদ বৃদ্ধিতে শীর্ষ দেশ কোনটি?
উত্তর: হাঙ্গেরি।

প্রশ্ন: বর্তমানে বিশ্বে সবচেয়ে শক্তিশালী মুদ্রা কোনটি?
উত্তর: কুয়েতি দিনার।

প্রশ্ন: ২ আগস্ট ২০২৫ অনুষ্ঠিত যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের যৌথ সামরিক মহড়ার নাম কী?
উত্তর: টাইগার শার্ক।

প্রশ্ন: গ্লোবাল টাইগার ফোরামের (GTF) ২০২৫ সালের তথ্য অনুযায়ী, বিশ্বে বন্য বাঘের সংখ্যা কত?
উত্তর: প্রায় ৫,৫৭৪।

প্রশ্ন: ২১ আগস্ট ২০২৫ আরব মহাসাগরের উত্তরাংশে ও ওমান সাগরে ইরানের নৌবাহিনীর করা সর্বশেষ সামরিক মহড়ার নাম কী?
উত্তর: ইকতেদার ১৪০৪।

## ক্রীড়াঙ্গন

প্রশ্ন: UEFA Women's EURO 2025-এর ১৪তম আসরের চ্যাম্পিয়ন হয় কে?
উত্তর: ইংল্যান্ড (দ্বিতীয়বার)।

প্রশ্ন: ২০২৭ সালের নারী বিশ্বকাপ কোন দেশে অনুষ্ঠিত হবে?
উত্তর: ব্রাজিলে।

লেসেথোর আইনসভা দুই কক্ষবিশিষ্ট

Scanned with CamScanner

# দশ দিগন্ত

## নব-নিযুক্ত

### বাংলাদেশ

**সচিব**

- ডাক ও টেলিযোগাযোগ বিভাগ : আব্দুন নাসের খান; নিয়োগ ৩০ জুলাই ২০২৫।
- মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় : আবু তাহের মুহাম্মদ জাবের; নিয়োগ ২০ আগস্ট ২০২৫।
- মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ : রেহানা পারভীন; নিয়োগ ১৮ আগস্ট ২০২৫। তিনি শিক্ষা মন্ত্রণালয়ের ইতিহাসে প্রথম নারী সচিব।



- সমাজকল্যাণ মন্ত্রণালয় : ড. মোহাম্মদ আবু ইউছুফ; নিয়োগ ১৮ আগস্ট ২০২৫।
- বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় : মো. আনোয়ার হোসেন; নিয়োগ ১৯ আগস্ট ২০২৫।
- কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ : মুহাম্মদ রফিকুল ইসলাম; নিয়োগ ১৯ আগস্ট ২০২৫।

**মহাপরিচালক**

- বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড : তসলিমা কানিজ নাহিদা; নিয়োগ ৩০ জুলাই ২০২৫।
- কারিগরি শিক্ষা অধিদপ্তর : আবুল খায়ের মো. আক্কাস আলী; নিয়োগ ১৭ আগস্ট ২০২৫।
- কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ : মো: হাবিবুর রহমান; নিয়োগ ১৭ আগস্ট ২০২৫।
- ডাক ও টেলিযোগাযোগ বিভাগ : মো: মেহেদী-উল-সহিদ; নিয়োগ ১৮ আগস্ট ২০২৫।

**চেয়ারম্যান**

- বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA) : মো: আমিনুল ইসলাম; নিয়োগ ২৭ জুলাই ২০২৫।
- বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন : মো. মজিবুর রহমান; নিয়োগ ১৮ আগস্ট ২০২৫।
- ভূমি আপিল বোর্ড : মো. মাহমুদ হাসান; নিয়োগ ২০ আগস্ট ২০২৫।

### আন্তর্জাতিক

**প্রধানমন্ত্রী**

- রুয়ান্ডা : জাস্টিন সেনজিয়ুমভা; দায়িত্ব গ্রহণ ২৫ জুলাই ২০২৫।
- মিয়ানমার : নিও স; দায়িত্ব গ্রহণ ৩১ জুলাই ২০২৫।
- বুরুন্ডি : নেস্টর নতাহোন্টুয়ে; দায়িত্ব গ্রহণ ৫ আগস্ট ২০২৫।
- গিনি-বিসাউ : ব্রাইমা কামারা; দায়িত্ব গ্রহণ ৭ আগস্ট ২০২৫।

## পিএসসিতে নতুন তিন সদস্য

২০ আগস্ট ২০২৫ বাংলাদেশ সরকারি কর্ম কমিশনে (PSC) নতুন তিনজন সদস্য নিয়োগ দেয় অন্তর্বর্তী সরকার। নিয়োগপ্রাপ্তরা হলেন— রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. এম আমজাদ হোসেন, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. মুহাম্মদ শাহীন চৌধুরী ও সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সাবেক সচিব ড. মো. মহিউদ্দিন। সংবিধানের ১৩৮(১) অনুচ্ছেদে বর্ণিত ক্ষমতা বলে রাষ্ট্রপতি এই তিন জনকে সদস্য পদে নিয়োগ করেন। সংবিধানের ১৩৯(১) অনুচ্ছেদ অনুসারে তারা দায়িত্বভার গ্রহণের তারিখ থেকে পাঁচ বছর বা তাদের ৬৫ বছর বয়স পূর্ণ হওয়ার মধ্যে যা আগে ঘটে, সেসময় পর্যন্ত তারা সরকারি কর্ম কমিশনের সদস্য পদে বহাল থাকবেন। বর্তমানে পিএসসির সদস্য সংখ্যা ১৫ জন। নতুন তিনজন শপথ নিয়ে যোগদান করলে এ সংখ্যা বেড়ে দাঁড়াবে ১৮ জনে।

## দিবস প্রতিপাদ্য–আগস্ট

**জাতীয়**

৫ : জুলাই গণঅভ্যুত্থান দিবস।
৯ : জাতীয় জ্বালানি নিরাপত্তা দিবস।
১৮ : ঐতিহাসিক নানকার বিদ্রোহ দিবস।

**আন্তর্জাতিক**

১ : বিশ্ব মাতৃদুগ্ধ দিবস। প্রতিপাদ্য— স্তনপানকে অগ্রাধিকার দিন : টেকসই সহায়তা ব্যবস্থা গড়ে তুলুন।
৩ : বন্ধু দিবস (আগস্ট মাসের প্রথম রবিবার)।
৬ : হিরোশিমা দিবস।
৮ : আন্তর্জাতিক বিড়াল দিবস।
৯ : আন্তর্জাতিক আদিবাসী দিবস। প্রতিপাদ্য— আদিবাসীদের অধিকার প্রতিষ্ঠা ও ভবিষ্যৎ গঠনে কৃত্রিম বুদ্ধিমত্তার সার্থক প্রয়োগ।
: নাগাসাকি দিবস।
১২ : আন্তর্জাতিক যুব দিবস। প্রতিপাদ্য— প্রযুক্তি নির্ভর যুবশক্তি, বহুপাক্ষিক অংশীদারত্বে অগ্রগতি।
: বিশ্ব হাতি দিবস। প্রতিপাদ্য— মাতৃতান্ত্রিক নেতৃত্ব ও স্মৃতি।
১৩ : আন্তর্জাতিক বাঁহাতি দিবস।
১৭ : নদী অধিকার দিবস।
১৯ : বিশ্ব মানবতা দিবস
: বিশ্ব আলোকচিত্র দিবস।
২০ : বিশ্ব মশা দিবস।
২৩ : দাস ব্যবসা ও এর বিলোপ স্মরণে আন্তর্জাতিক দিবস।
২৯ : পারমাণবিক পরীক্ষার বিরুদ্ধে আন্তর্জাতিক দিবস।
৩০ : বলপূর্বক অন্তর্ধানের শিকার ব্যক্তিবর্গের আন্তর্জাতিক দিবস।

**সপ্তাহ**

১-৭ : বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ।

## সম্মেলন-বৈঠক

**SCO রাষ্ট্রপ্রধানদের শীর্ষ সম্মেলন**

SCO-Shanghai Cooperation Organisation



আয়োজন : ২৫তম

| সময়কাল : ৩১ আগস্ট-১ সেপ্টেম্বর ২০২৫

| স্থান : তিয়ানজিন, চীন।

লেসেথোর নিম্নকক্ষের নাম National Assembly; সদস্যসংখ্যা ১২০ জন

Scanned with CamScanner

## অনন্তলোকে

♦ **লেফটেন্যান্ট জেনারেল (অব.) এম হারুন-অর-রশীদ (১৫ ফেব্রুয়ারি ১৯৪৮-৪ আগস্ট ২০২৫) :** সাবেক সেনাপ্রধান। তিনি চট্টগ্রাম জেলার হাটহাজারীর ধলই ইউনিয়নের কাটিরহাট গ্রামে জন্মগ্রহণ করেন। মুক্তিযুদ্ধে অবদানের জন্য তিনি বীর প্রতীক উপাধিতে ভূষিত হন। বিজ্ঞান চর্চায় ভূমিকার জন্য মাদার তেরেসা স্বর্ণপদক, খান বাহাদুর আহসানউল্লাহ স্বর্ণপদক, ঢাকা বিশ্ববিদ্যালয়ের হরিপ্রসন্ন রায় স্বর্ণপদক, জগদীশচন্দ্র বসু স্বর্ণপদকসহ নানা সম্মাননায় তিনি ভূষিত হন।

♦ **লেফটেন্যান্ট কর্নেল (অব:) মোহাম্মদ জিয়াউদ্দিন (২২ নভেম্বর ১৯৩৯-৫ আগস্ট ২০২৫) :** সামরিক কর্মকর্তা ও বীর মুক্তিযোদ্ধা। তিনি কক্সবাজার জেলার চকরিয়া উপজেলার হারবাং ইউনিয়নের পহরচান্দা গ্রামে জন্মগ্রহণ করেন। মুক্তিযুদ্ধকালে ১ নম্বর সেক্টরের অধীনে জেড ফোর্সের প্রথম ইস্ট বেঙ্গল রেজিমেন্টের কমান্ডিং অফিসারের দায়িত্ব পালন করেন। মুক্তিযুদ্ধে তার অবদানের জন্য তিনি বীর উত্তম খেতাবে ভূষিত হন।

♦ **ইয়াসমিন মোর্শেদ (১৯ মে ১৯৪৫-৩১ জুলাই ২০২৫) :** স্কলাস্টিকা স্কুলের প্রতিষ্ঠাতা এবং তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা। তিনি পাঞ্জাব বিশ্ববিদ্যালয় থেকে ১৯৬৯ সালে অর্থনীতিতে স্নাতকোত্তর ডিগ্রি লাভ করেন। ১৯৭৭ সালে স্কলাস্টিকা স্কুল প্রতিষ্ঠা করেন। ২০০৭ সালে তাকে পাকিস্তানের রাষ্ট্রদূত করা হয়।

♦ **মিন্ট সোয়ে (২৪ জুন ১৯৫১-৭ আগস্ট ২০২৫) :** মিয়ানমারের জান্তা সরকারের ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট। ১ ফেব্রুয়ারি ২০২১ মিয়ানমারে সামরিক অভ্যুত্থান হয়। এরপরই মিয়ানমারের জান্তা জরুরি অবস্থা জারি করে। তখন তাকে ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট হিসেবে নিয়োগ দেওয়া হয়।

♦ **মাহফুজা খানম (১৪ এপ্রিল ১৯৪৬-১২ আগস্ট ২০২৫) :** ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের (ডাকসু) নারী ভিপি। তিনি কলকাতায় জন্মগ্রহণ করেন। ঢাকা



বিশ্ববিদ্যালয়ের পদার্থবিজ্ঞান বিভাগ থেকে স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেন। মাহফুজা খানম ১৯৬৬-৬৭ ডাকসু নির্বাচনে ছাত্র ইউনিয়নের হয়ে প্রতিদ্বন্দ্বিতা করে ভিপি হন। তিনি বাংলাদেশ এশিয়াটিক সোসাইটির প্রথম নারী সভাপতি ও দ্বিতীয় সাধারণ সম্পাদক ছিলেন। ২০২১ সালে শিক্ষা বিভাগে তিনি একুশে পদক লাভ করেন।

♦ **অমরেশ রায় চৌধুরী (১৮ সেপ্টেম্বর ১৯২৮-১২ আগস্ট ২০২৫) :** বাংলাদেশের উচ্চাঙ্গসংগীত জগতের এক উজ্জ্বল নক্ষত্র ও একুশে পদকপ্রাপ্ত পণ্ডিত। ফরিদপুর জেলার চৌদ্দরশি গ্রামে জন্মগ্রহণ করেন। ১৯৬১ সালে উপমহাদেশের 'মিউজিক এডুকেশন বোর্ড অব ঝংকার' থেকে উচ্চাঙ্গসংগীতে 'সংগীত তীর্থ' উপাধিসহ অসংখ্য পদক ও পুরস্কারে ভূষিত হন। তিনি ২০১৬ সালে একুশে পদক পান।

♦ **জিম লোভেল (২৫ মার্চ ১৯২৮-৭ আগস্ট ২০২৫) :** যুক্তরাষ্ট্রের মহাকাশ গবেষণা প্রতিষ্ঠান নাসার নভোচারী। তিনি 'জেমিনি-৭', 'জেমিনি-১২' ও 'অ্যাপোলো-৮' মহাকাশ অভিযানে অংশ নেন। ১৯৭০ সালে অ্যাপোলো-১৩ অভিযানে তৃতীয়বারের মতো মানুষের চাঁদে যাওয়ার কথা ছিল। ওই অভিযানে লোভেলের সঙ্গে ছিলেন আরও দুই নভোচারী— জন সুইগার্ট ও ফ্রেড হাইস। মহাকাশযানের একটি অক্সিজেন ট্যাংক ফেটে যাওয়ার কারণে অভিযান বাতিল করা হয়।

### অধ্যাপক ড. এম শমশের আলী

**(২১ নভেম্বর ১৯৩৭-৩ আগস্ট ২০২৫)**

আন্তর্জাতিক পরমাণু বিজ্ঞানী এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাতা উপাচার্য। তার জন্ম কুষ্টিয়া জেলার ভেড়ামারায়। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ১৯৫৯ সালে পদার্থবিজ্ঞানে অনার্স এবং ১৯৬০ সালে মাস্টার্স করেন। ১৯৬১ সালে পাকিস্তান আণবিক শক্তি কমিশনে শমশের আলীর কর্মজীবন শুরু হয়। ১৯৮২ সালে অধ্যাপক হিসেবে ঢাকা বিশ্ববিদ্যালয়ে যোগ দেন। ১৯৯২ সালে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাতা উপাচার্য হিসেবে দায়িত্ব নেন।



### অধ্যাপক যতীন সরকার



**(১৮ আগস্ট ১৯৩৬-১৩ আগস্ট ২০২৫)**

প্রাবন্ধিক ও শিক্ষাবিদ। তিনি নেত্রকোণার কেন্দুয়ার চন্দপাড়া গ্রামে জন্মগ্রহণ করেন। ময়মনসিংহের নাসিরাবাদ কলেজের বাংলা বিভাগের সাবেক শিক্ষক ছিলেন। সুদীর্ঘকাল ধরে মননশীল সাহিত্যচর্চা, বাম রাজনীতি ও প্রগতিশীল আন্দোলনের সঙ্গে যুক্ত ছিলেন। ১৯৮৫ সালে যতীন সরকারের প্রথম বই 'সাহিত্যের কাছে প্রত্যাশা' প্রকাশিত হয়। তার উল্লেখযোগ্য গ্রন্থ হচ্ছে— 'বাংলাদেশের কবিগান', 'বাঙালির সমাজতান্ত্রিক ঐতিহ্য', 'মানবমন', 'মানবধর্ম ও সমাজবিপ্লব', 'দ্বিজাতিতত্ত্ব', 'সংস্কৃতির সংগ্রাম', 'নিয়তিবাদ ও বিজ্ঞান-চেতনা'। 'যতীন সরকার রচনাসমগ্র' নামে ৬টি খণ্ড প্রকাশিত হয়। তিনি সমাজ অর্থনীতি ও রাষ্ট্র নামে তত্ত্বমূলক ত্রৈমাসিক একটি পত্রিকা সম্পাদনা করতেন। ২০১০ সালে স্বাধীনতা পুরস্কার লাভ করেন।



Scanned with CamScanner

# পুরস্কার

## উইমেন ইন ডিপ্লোমেসি পুরস্কার

যুক্তরাজ্যে বাংলাদেশের হাইকমিশনার আবিদা ইসলাম 'উইমেন ইন ডিপ্লোমেসি' পুরস্কারে ভূষিত হন। ২৯ জুলাই ২০২৫ তাকে লন্ডনে কর্মরত নারী কূটনীতিকদের পেশাদারিত্ব ও বিভিন্ন ক্ষেত্রে অবদানের জন্য এই সম্মাননা দেওয়া হয়। লন্ডনে পৃথিবীর বিভিন্ন দেশের দূতাবাসে কর্মরত নারী কূটনীতিকদের বিশেষ ফোরাম 'উইমেন ইন ডিপ্লোমেসি সেক্রেটারিয়েট' এই পুরস্কার প্রদান করে। বাংলাদেশের হাইকমিশনার আবিদা ইসলাম 'চ্যাম্পিয়ন ফর উইমেন রাইটস অ্যান্ড জেন্ডার ইকুয়ালিটি' ক্যাটাগরিতে সম্মাননাটি পান। কূটনীতিতে নারীদের অংশগ্রহণ বাড়ানো এবং নেটওয়ার্ক গড়ে তোলার জন্য 'উইমেন ইন ডিপ্লোমেসি নেটওয়ার্ক' গঠন করা হয়। আবিদা ইসলাম ১৯৯৫ সালের নভেম্বরে ১৫তম বাংলাদেশ সিভিল সার্ভিস ব্যাচ থেকে বাংলাদেশ পররাষ্ট্র ক্যাডারে যোগদান করেন।



## এমবিই খেতাবে ভূষিত

২০২৫ সালে ফেব্রুয়ারিতে মানুষের জন্য ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক শাহীন আনামকে যুক্তরাজ্যের সম্মানসূচক MBE (Member of the Most Excellent Order of the British Empire) খেতাবে ভূষিত করা হয়। বাংলাদেশে সামাজিক ন্যায়বিচার, অন্তর্ভুক্তি ও লিঙ্গ সমতার ক্ষেত্রে অসামান্য অবদানের স্বীকৃতিস্বরূপ তাকে MBE খেতাবের জন্য মনোনীত করা হয়। ৬ আগস্ট ২০২৫ আনুষ্ঠানিকভাবে খেতাবের স্মারক তুলে দেওয়া হয়।

## কালি ও কলম তরুণ কবি ও লেখক পুরস্কার

২০২৪ সালের কালি ও কলম তরুণ কবি ও লেখক পুরস্কার লাভ করেন—

| বিভাগ | অবদান | কবি ও লেখক |
|---|---|---|
| কবিতা | সতীতালয় (কাব্যগ্রন্থ) | অস্ট্রিক ঋষি |
| কথাসাহিত্য | নির্বাচিত দেবদূত (গল্পগ্রন্থ) | সাজিদ উল হক আবির |
| প্রবন্ধ ও গবেষণা | শতবর্ষে চা-শ্রমিক আন্দোলন ডেডলাইন ২০ মে ১৯২১ | মুহাম্মদ ফরিদ হাসান |
| মুক্তিযুদ্ধ ও বিপ্লব | একাত্তরের অবরুদ্ধ দিনের দুঃসাহস : সাগাই ফোর্ট এস্কেপ | স্বরলিপি (রাশিদা খাতুন) |
| শিশু-কিশোর সাহিত্য | তিলকুমারের যাত্রা | নিয়াজ মাহমুদ |

তরুণদের সাহিত্যচর্চাকে উৎসাহ প্রদান ও গতিশীল করার লক্ষ্যে মাসিক সাহিত্যপত্র কালি ও কলম ২০০৮ সাল থেকে প্রতিবছর 'কালি ও কলম তরুণ কবি ও লেখক পুরস্কার' দিয়ে আসছে। এই পুরস্কার বাংলাদেশে তরুণদের জন্য প্রবর্তিত সর্বোচ্চ সম্মানজনক পুরস্কার। পুরস্কারটির অর্থমূল্য দুই লাখ টাকা।

## গ্লোবাল ওয়েলথ রিপোর্ট ২০২৫

প্রকাশক : Union Bank of Switzerland (UBS) | প্রকাশ : জুন ২০২৫ (১৬তম সংস্করণ)।

- বিশ্বজুড়ে অঞ্চলভিত্তিক কোটিপতি (%) ➢ উত্তর আমেরিকা : ৪৩.২ • পশ্চিম ইউরোপ : ২৬.২ • চীন : ১২.৯ • দক্ষিণ-পূর্ব এশিয়া : ৯.৩ • ওশেনিয়া : ৩.৬ • পূর্ব ইউরোপ : ১.৭ • ল্যাটিন আমেরিকা : ১.৬ • মধ্যপ্রাচ্য ও আফ্রিকা : ১.৫।
- শীর্ষ ৫ দেশে কোটিপতির সংখ্যা ➢ যুক্তরাষ্ট্র ২৩,৮৩১ • চীন ৬,৩২৭ • ফ্রান্স ২,৮৯৭ • জাপান ২,৭৩২ • জার্মানী ২,৬৭৫ জন।

## বাংলাদেশ প্রাইজবন্ডের ১২০তম ড্র

৩১ জুলাই ২০২৫



| পুরস্কার | মূল্যমান টাকা | প্রাইজবন্ড নং |
|---|---|---|
| প্রথম | ৬,০০,০০০ | ০৫৪৪২২২ |
| দ্বিতীয় | ৩,২৫,০০০ | ০২৪১৭৬৮ |
| তৃতীয় (২টি) | ১,০০,০০০ | ০৫৫৩৮৪৫ ও ০৯৬৪০৫২ |
| চতুর্থ (২টি) | ৫০,০০০ | ০০৫৪৩৮২ ও ০১৯৭১৪২ |

• পঞ্চম পুরস্কার (৪০টি) ১০,০০০ টাকা।

| | | | | |
|---|---|---|---|---|
| ০০০৬৭৫৪ | ০১৯৩৩৫৪ | ০৩৭৬৪২৩ | ০৬৫৭৭৩৪ | ০৭৫১১৬৫ |
| ০০৩১২৯৬ | ০২২২০৯৫ | ০৪০৩৬৩৫ | ০৬৫৭৯৯৪ | ০৭৫৫৭২৪ |
| ০০৫৩৮১১ | ০২২২৪৬৫ | ০৪১৯৬১৪ | ০৬৬৫৭৫৭ | ০৭৭২৫৮০ |
| ০০৬৭৫৬৬ | ০২৫৪৯৪০ | ০৫২৪৯৩৫ | ০৬৭৪৫২৪ | ০৮২৪৯৮৮ |
| ০১০৪৩৩৪ | ০২৯৮২৬৬ | ০৫৪১৭৩৪ | ০৬৮৯৪১৯ | ০৮২৬৭৫৪ |
| ০১১১৩৭১ | ০৩১১৮৮৫ | ০৫৮২৯৮৬ | ০৭০২৬৯৬ | ০৮৪১৫০৩ |
| ০১৪৯৯৯২ | ০৩২৩৩৬২ | ০৬১৩৭০৪ | ০৭০৮০৩৩ | ০৮৪৮১৩৭ |
| ০১৬৪৬০৬ | ০৩২৮১২২ | ০৬২৯৬৩৮ | ০৭৩৫১০২ | ০৮৭০২২২ |

বি.দ্র. প্রাইজবন্ডের পুরস্কারের দাবি 'ড্র' এর তারিখ হতে পরবর্তী দুই বছরের মধ্যে গ্রহণযোগ্য।

# সাহিত্য-সংস্কৃতি

- Entitled : The Rise and Fall of the House of York ➢ প্রিন্স অ্যান্ড্রু আত্মজীবনী। লেখক ইতিহাসবিদ অ্যান্ড্রু লউনি।
- 107 DAYS ➢ সাবেক মার্কিন ভাইস প্রেসিডেন্ট কমলা হ্যারিসের স্মৃতিচারণামূলক বই। বইটিতে গত প্রেসিডেন্ট নির্বাচনের পর্দার অন্তরালের গল্প খোলামেলাভাবে তুলে ধরেছেন। বইটির প্রকাশক বিশ্বখ্যাত মার্কিন প্রকাশনা সংস্থা সাইমন অ্যান্ড শুস্টার। ২৩ সেপ্টেম্বর ২০২৫ বইটি বাজারে আসবে।




লেসেথো জাতিসংঘের সদস্যপদ লাভ করে ১৭ অক্টোবর ১৯৬৬

Scanned with CamScanner




# জাতীয় বহুমাত্রিক দারিদ্র্য সূচক

৩১ জুলাই ২০২৫ পরিকল্পনা কমিশনের আওতাধীন সাধারণ অর্থনীতি বিভাগ (GED) বাংলাদেশের জাতীয় বহুমাত্রিক দারিদ্র্য সূচক (National Multidimensional Poverty Index For Bangladesh) প্রকাশ করে। ২০১৬ সালের খানা আয়-ব্যয় জরিপ (HIES) এবং ২০১৯ সালের বহু সূচক বিশিষ্ট গুচ্ছ জরিপের (Multiple Indicator Cluster Survey) ওপর ভিত্তি করে এই প্রতিবেদন প্রণয়ন করা হয়। বহুমাত্রিক দারিদ্র্যের হার ১১টি সূচকের সমন্বয়ে হিসাব করা হয়।

**বহুমাত্রিক দারিদ্র্য**

বহুমাত্রিক দারিদ্র্য : ২৪.০৫% (৩ কোটি ৯৮ লাখ) ➢ গ্রামীণ : ২৬.৯৬% • শহরে : ১৩.৪৮% ♦ ০-৯ বছর : ২৮.৬৪% • ১০-১৭ বছর : ২৮.৮৩% • প্রাপ্ত বয়স্ক (১৭ বছরের বেশি বয়সি) : ২১.৪৪% ♦ বেশি ➢ জেলা : বান্দরবান • বিভাগ : সিলেট ♦ কম ➢ জেলা : ঝিনাইদহ • বিভাগ : খুলনা।

**১১টি সূচকের হার (%)** : আবাসন ৬১.৭৯ • ইন্টারনেট সুবিধা ৫৯.২৭ • স্যানিটেশন ৫৭.২২ • সম্পদ ৪৪.৮৯ • রান্নার জ্বালানি ৩৪.৬৩ • পানি ১৯.৮৯ • শিশুদের বিদ্যালয়ে উপস্থিতি ১৬.৫৮ • পুষ্টি ১৪.৮৮ • বিদ্যালয়ে পাঠ গ্রহণকাল ১৩.৫৪ • বিদ্যুৎ ৭.৭৫ • প্রজনন সংস্থা ৫.০০।

## বিভাগভিত্তিক

| নাম | দারিদ্র্য (%) |
|---|---|
| সিলেট | ৩৭.৭০ |
| ময়মনসিংহ | ৩৪.৯৫ |
| বরিশাল | ৩১.৫৭ |
| চট্টগ্রাম | ২৭.২৪ |
| রংপুর | ২৫.০৪ |
| রাজশাহী | ২২.২৬ |
| ঢাকা | ১৬.৯৫ |
| খুলনা | ১৫.২২ |

## শীর্ষ ১০ জেলা

| ২০১৬ সালের HIES অনুযায়ী | | বহুমাত্রিক দারিদ্র্য | |
|---|---|---|---|
| জেলা | দারিদ্র্য (%) | জেলা | দারিদ্র্য (%) |
| কুড়িগ্রাম | ৭০.৮০ | বান্দরবান | ৬৫.৩৬% |
| দিনাজপুর | ৬৪.৩০ | কক্সবাজার | ৪৭.৭০% |
| বান্দরবান | ৬৩.২০ | সুনামগঞ্জ | ৪৭.৩৬% |
| মাগুরা | ৫৬.৭০ | রাঙ্গামাটি | ৪৫.৮৯% |
| কিশোরগঞ্জ | ৫৩.৫০ | ভোলা | ৪৫.১২% |
| খাগড়াছড়ি | ৫২.৭০ | কুড়িগ্রাম | ৩৯.২৪% |
| জামালপুর | ৫২.৫০ | নেত্রকোণা | ৩৮.২১% |
| গাইবান্ধা | ৪৬.৭০ | হবিগঞ্জ | ৩৮.৪৮% |
| রংপুর | ৪৩.৮০ | খাগড়াছড়ি | ৩৬.৯১% |
| লালমনিরহাট | ৪২.০০ | কিশোরগঞ্জ | ৩৬.১১% |

## সর্বনিম্ন ১০ জেলা

| ২০১৬ সালের HIES অনুযায়ী | | বহুমাত্রিক দারিদ্র্য | |
|---|---|---|---|
| জেলা | দারিদ্র্য (%) | জেলা | দারিদ্র্য (%) |
| নারায়ণগঞ্জ | ২.৬০ | ঝিনাইদহ | ৮.৬৬% |
| মুন্সীগঞ্জ | ৩.১০ | ঢাকা | ৯.১৯% |
| মাদারীপুর | ৩.৭০ | গাজীপুর | ৯.৬৩% |
| গাজীপুর | ৬.৯০ | যশোর | ১০.৫৮% |
| ফরিদপুর | ৭.৭০ | মেহেরপুর | ১১.০৮% |
| ফেনী | ৮.১০ | কুষ্টিয়া | ১২.২২% |
| ঢাকা | ১০.০০ | চুয়াডাঙ্গা | ১৩.৫১% |
| ব্রাহ্মণবাড়িয়া | ১০.৩০ | মানিকগঞ্জ | ১৪.০৭% |
| নরসিংদী | ১০.৫০ | ফেনী | ১৪.০০% |
| মৌলভীবাজার | ১১.০[illegible] | দিনাজপুর | ১৪.৬২% |



## ৬৪ জেলার বহুমাত্রিক দারিদ্র্যের হার (%)

**ঢাকা বিভাগ**

| | |
|---|---|
| কিশোরগঞ্জ | ৩৬.১১ |
| শরীয়তপুর | ২৮.৮৩ |
| মাদারীপুর | ২৫.০৮ |
| গোপালগঞ্জ | ২৩.৫২ |
| ফরিদপুর | ২১.৩৩ |
| নরসিংদী | ২১.১৬ |
| রাজবাড়ী | ২১.০৯ |
| টাঙ্গাইল | ১৬.৭৮ |
| মুন্সীগঞ্জ | ১৫.৪৭ |
| নারায়ণগঞ্জ | ১৫.৪০ |
| মানিকগঞ্জ | ১৪.০৭ |
| গাজীপুর | ৯.৬৩ |
| ঢাকা | ৯.১৯ |

**রাজশাহী বিভাগ**

| | |
|---|---|
| সিরাজগঞ্জ | ২৯.৩৯ |
| চাঁপাইনবাবগঞ্জ | ২৮.৭৬ |
| পাবনা | ২৫.১৪ |
| বগুড়া | ২২.৫০ |
| জয়পুরহাট | ২০.৯০ |
| নাটোর | ১৭.০৫ |
| নওগাঁ | ১৬.৯৭ |
| রাজশাহী | ১৫.১৫ |

**চট্টগ্রাম বিভাগ**

| | |
|---|---|
| বান্দরবান | ৬৫.৩৬ |
| কক্সবাজার | ৪৭.৭০ |
| রাঙ্গামাটি | ৪৫.৮৯ |
| খাগড়াছড়ি | ৩৬.৯১ |
| লক্ষ্মীপুর | ৩৫.২০ |
| নোয়াখালী | ৩৩.৪৬ |
| ব্রাহ্মণবাড়িয়া | ২৯.৩০ |
| চাঁদপুর | ২১.২৯ |
| চট্টগ্রাম | ২০.৮১ |
| কুমিল্লা | ১৭.৮৬ |
| ফেনী | ১৪.০০ |

**বরিশাল বিভাগ**

| | |
|---|---|
| ভোলা | ৪৫.১২ |
| পটুয়াখালী | ৩১.০৯ |
| বরগুনা | ২৮.৯৮ |
| পিরোজপুর | ২৮.৫৩ |
| বরিশাল | ২৭.৭৪ |
| ঝালকাঠি | ২০.৭৯ |

**সিলেট বিভাগ**

| | |
|---|---|
| সুনামগঞ্জ | ৪৭.৩৬ |
| হবিগঞ্জ | ৩৮.৪৮ |
| সিলেট | ৩৩.২৫ |
| মৌলভীবাজার | ৩০.৪৯ |

**ময়মনসিংহ বিভাগ**

| | |
|---|---|
| নেত্রকোণা | ৩৮.২১ |
| শেরপুর | ৩৫.৫৫ |
| ময়মনসিংহ | ৩৫.০২ |
| জামালপুর | ৩১.০৮ |

**খুলনা বিভাগ**

| | |
|---|---|
| বাগেরহাট | ২৫.৩৫ |
| সাতক্ষীরা | ২১.৩৭ |
| নড়াইল | ২১.৩৪ |
| মাগুরা | ২০.৬৮ |
| খুলনা | ১৫.২০ |
| চুয়াডাঙ্গা | ১৩.৫১ |
| কুষ্টিয়া | ১২.২২ |
| মেহেরপুর | ১১.০৮ |
| যশোর | ১০.৫৮ |
| ঝিনাইদহ | ৮.৬৬ |

**রংপুর বিভাগ**

| | |
|---|---|
| কুড়িগ্রাম | ৩৯.২৪ |
| গাইবান্ধা | ৩০.৩০ |
| পঞ্চগড় | ২৬.৬০ |
| নীলফামারী | ২৪.৬০ |
| লালমনিরহাট | ২৩.৯৮ |
| রংপুর | ২২.৮৭ |
| ঠাকুরগাঁও | ২১.৩৭ |
| দিনাজপুর | ১৪.৬২ |

লেসেথো আফ্রিকান ইউনিয়নের সদস্যপদ লাভ করে ২১ অক্টোবর ১৯৬৬

Scanned with CamScanner



# দেশ পরিক্রমা

## জুডিসিয়াল সার্ভিস গঠন বিধিমালা, ২০২৫

২৮ জুলাই ২০২৫ বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস গঠন বিধিমালা, ২০২৫ এর গেজেট জারি করা হয়।

**বিধিমালার উল্লেখযোগ্য যা কিছু**

- বিচার বিভাগের পদ সৃজনের ক্ষমতা সুপ্রিম কোর্টের আপিল বিভাগের একজন জ্যেষ্ঠ বিচারপতির নেতৃত্বাধীন কমিটির হাতে ন্যস্ত করা হয়। কমিটিতে জনপ্রশাসন, অর্থ ও আইন মন্ত্রণালয়ের সচিবকে প্রতিনিধি রাখতে হবে।
- জুডিসিয়াল সার্ভিসের বিচারিক ও প্রশাসনিক পদগুলোকে 'ক্যাডার' পদ হিসেবে উল্লেখ করা হয়। পাশাপাশি সার্ভিসের পদগুলোকে রাজস্ব খাতে স্থায়ীভাবে সৃজনেরও বিধান করা হয়।
- আগে যে কোনো বিচারিক পদ সৃজন হতো প্রাথমিকভাবে তিন বছরের জন্য। পরে তা ধীরে ধীরে জনপ্রশাসনসহ অন্যদের অনুমোদনের ভিত্তিতে স্থায়ী হতো। কিন্তু এখন বিচারকদের যে কোনো পদ সৃজন হবে স্থায়ীভাবে।
- সংবিধানের ১১৫ অনুচ্ছেদে বিচার বিভাগে দায়িত্ব পালনকারী কর্মকর্তাদের বিষয়ে পৃথক বিধিমালা তৈরির ক্ষমতা রাষ্ট্রপতিকে দেওয়া হয়।
- সংবিধান অনুযায়ী বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস নামে একটি স্বতন্ত্র সার্ভিস গঠন করা হবে।

**■ সার্ভিসের প্রবেশ পদে নিয়োগের যোগ্যতা**

কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে আইন বিষয়ে ৪ বছর মেয়াদি স্নাতক (সম্মান) অথবা কোনো স্বীকৃত বিদেশি বিশ্ববিদ্যালয় হতে আইন বিষয়ে ৩ বছর মেয়াদি স্নাতকসহ স্নাতকোত্তর ডিগ্রিধারী। তবে শর্ত থাকে যে, উক্ত ব্যক্তিকে আইন বিষয়ে স্নাতক বা স্নাতক (সম্মান) বা ক্ষেত্রমতে, আইন বিষয়ে স্নাতকোত্তর স্তরে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ প্রাপ্ত হতে হবে।

— বয়স অনধিক ৩২ বছর।

## ঢাকায় দক্ষিণ আফ্রিকার দূতাবাস

২০২৫ সালেই ঢাকায় দক্ষিণ আফ্রিকার নিজস্ব দূতাবাস স্থাপিত হবে। পাশাপাশি, ২০২৫ সালের অক্টোবরের মধ্যেই দেশটিতে গমনের জন্য ই-ভিসা চালু হবে। ৩১ জুলাই ২০২৫ বাংলাদেশে নিযুক্ত দক্ষিণ আফ্রিকার হাইকমিশনার অধ্যাপক অনিল সুকলাল এসব তথ্য জানান। তিনি বর্তমানে ভারতেও নিযুক্ত এবং সেখান থেকেই বাংলাদেশের দায়িত্ব পালন করছেন। ১০ সেপ্টেম্বর ১৯৯৪ দুই দেশের মধ্যে আনুষ্ঠানিক কূটনৈতিক সম্পর্ক স্থাপন করা হয়। ২৭ ফেব্রুয়ারি ১৯৯৫ দক্ষিণ আফ্রিকার প্রিটোরিয়ায় বাংলাদেশ হাইকমিশন চালু হয়।

## নতুন প্রজাতির ব্যাঙ

২০২৫ সালের জুনে বাংলাদেশে নতুন প্রজাতির ব্যাঙের সন্ধান পাওয়া যায়। রাঙ্গামাটি সদর উপজেলার মগবান ইউনিয়নের এগুজ্যাছড়ি ঝরনায় খোঁজ মেলে এই ব্যাঙের। নতুন এই ব্যাঙের ইংরেজি নাম 'ইন্দোবার্মান টরেন্ট ফ্রগ'। বৈজ্ঞানিক নাম *amolops indoburmanensis*। আর বাংলা নাম দেওয়া হয় 'ইন্দো-বার্মিজ ঝিরি ব্যাঙ'। নতুন ব্যাঙ নিয়ে এই গবেষণা রেপটাইলস অ্যান্ড অ্যাম্ফিবিয়ান নামের আন্তর্জাতিক জার্নালে প্রকাশিত হয়। জার্নালটি 'ইন্টারন্যাশনাল রেপটাইল কনজারভেশন ফাউন্ডেশন' নামের আন্তর্জাতিক সংস্থা প্রকাশ করে।

## দেশের প্রথম বাণিজ্যিক ঘোড়ার খামার

ময়মনসিংহের সদর উপজেলার কুষ্টিয়া ইউনিয়নের কোকিল গ্রামে গড়ে উঠেছে দেশের প্রথম বাণিজ্যিক ঘোড়ার খামার। খামারটির নাম সঞ্জু হর্স ফার্ম। খামারের মালিক সঞ্জু। বর্তমানে খামারে রয়েছে দেশ ও বিদেশ থেকে সংগ্রহ করা দ্রুতগতির ১০টি ঘোড়া। এ খামারে রয়েছে সিন্দি, মারোয়াড়ি ও নোকড়া জাতের ঘোড়া। প্রতিটি ঘোড়ার মূল্য ২-৫ লাখ টাকা।



## জনসংখ্যা নীতি ২০২৫

১৪ জুলাই ২০২৫ 'বাংলাদেশ জনসংখ্যা নীতি ২০২৫' প্রকাশ করে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। এর আগে জনসংখ্যা নীতি ছিল ২০১২ সালের। সেই নীতিতে জনসংখ্যা নিয়ন্ত্রণে গুরুত্ব দেওয়া হয়। নতুন নীতিতে জনসংখ্যার পরিকল্পিত উন্নয়ন ও ব্যবস্থাপনার মাধ্যমে দক্ষ জনসম্পদ তৈরিতে গুরুত্ব দেওয়া হয়। এই জনসংখ্যা নীতি বাস্তবায়নে কাজ করবে ২৯টি মন্ত্রণালয়। ২০৩০-২০৩২ সালের মধ্যে এই নীতি বাস্তবায়নের লক্ষ্য নির্ধারণ করা হয়।

**জনসংখ্যা পরিস্থিতি**

- দেশে প্রতি বর্গকিমি এলাকায় ১,১১৯ জন মানুষ বাস করে
- মোট প্রজনন হার (TFR) ২.৩
- শিশুমৃত্যুর হার প্রতি হাজারে ৩১
- মাতৃমৃত্যুর হার প্রতি লাখে ১৩৫
- দেশে ১৫ বছর বা এর বেশি বয়সি জনগোষ্ঠীর ৩.৬৪% বেকার।

লেসোথো ফিলিস্তিনকে রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দেয় ৩ মে ২০১১

Scanned with CamScanner

## জাতীয় বেতন কমিশন

সরকারি চাকরি আইন, ২০১৮ এর ধারা ১৫ এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় বেতন স্কেলের আওতাভুক্ত প্রজাতন্ত্রের সকল শ্রেণির কর্মকর্তা-কর্মচারীদের জন্য ২৭ জুলাই ২০২৫ এ ২৩ সদস্যের 'জাতীয় বেতন কমিশন ২০২৫' গঠন করা হয়। এই কমিশনের প্রধান করা হয় সাবেক অর্থসচিব জাকির আহমেদ খানকে। কমিশনের প্রথম সভা অনুষ্ঠিত হওয়ার তারিখ হতে ৬ মাসের মধ্যে সরকারের নিকট প্রতিবেদন উপস্থাপন করবেন। এর আগে ২৪ জুলাই ২০২৫ অন্তর্বর্তী সরকারের উপদেষ্টা পরিষদের সভায় এই কমিশন গঠনের সিদ্ধান্ত হয়।

### পূর্ববর্তী বেতন কমিশন

| ক্রম | গঠন | চেয়ারম্যান |
|---|---|---|
| প্রথম | ২১ জুলাই ১৯৭২ | আব্দুর রব |
| দ্বিতীয় | ২০ ফেব্রুয়ারি ১৯৭৬ | আব্দুর রশীদ |
| তৃতীয় | ৩১ মে ১৯৮৪ | বিচারপতি শাহাবুদ্দিন আহমেদ |
| চতুর্থ | ৩১ জুলাই ১৯৮৯ | কফিল উদ্দিন মাহমুদ ও সাবের রেজা করিম* |
| পঞ্চম | ৭ সেপ্টেম্বর ১৯৯৬ | মো. মুজিবুল হক |
| ষষ্ঠ | ১০ জুলাই ২০০৪ | মো. মুজিবুল হক |
| সপ্তম | ৩১ আগস্ট ২০০৮ | এম. মুস্তাফিজুর রহমান |

* নিয়োগের তারিখ ১০ ডিসেম্বর ১৯৯০

## নালা : রেমিট্যান্স পাঠানোর অ্যাপ

বাংলাদেশে কার্যক্রম শুরু করে যুক্তরাষ্ট্রভিত্তিক আর্থিক সেবা প্রতিষ্ঠান 'নালা'। ৩০ জুলাই ২০২৫ সংবাদ বিজ্ঞপ্তিতে এই তথ্য জানায় নালা কর্তৃপক্ষ। নতুন এই উদ্যোগের আওতায় নালা অ্যাপের মাধ্যমে সহজেই বিভিন্ন দেশ থেকে বাংলাদেশে অর্থ পাঠাতে পারবেন প্রবাসীরা। বর্তমানে ২১টি দেশে নালা অ্যাপের কার্যক্রম চালু রয়েছে, যার মধ্যে যুক্তরাজ্য, যুক্তরাষ্ট্র, জার্মানি, ফ্রান্স ও ইতালি উল্লেখযোগ্য। 'নালা' একটি মানি ট্রান্সফার অ্যাপ, যার মাধ্যমে বিশ্বের বিভিন্ন অঞ্চলের প্রবাসীরা অন্য দেশে অর্থ পাঠাতে পারেন। অ্যাপটি অন্যান্য মানি ট্রান্সফার অ্যাপের তুলনায় বেশি এক্সচেঞ্জ রেট প্রদান করায় প্রবাসীরা লাভবান হন। এছাড়া এই অ্যাপের মাধ্যমে অর্থ পাঠাতে কোনো ট্রান্সফার ফি প্রয়োজন হয় না। iOS এবং অ্যান্ড্রয়েড অপারেটিং সিস্টেমে চলা যেকোনো স্মার্টফোনে 'নালা' অ্যাপ ডাউনলোড করে ব্যবহার করা যাবে।

## জ্বালানি তেলের পাইপলাইন উদ্বোধন



১৬ আগস্ট ২০২৫ বন্দরনগরী চট্টগ্রাম থেকে রাজধানী ঢাকায় পাইপলাইনে জ্বালানি তেল সরবরাহ আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করেন জ্বালানি উপদেষ্টা। এর আগে ২২ জুন-৪ আগস্ট ২০২৫ পর্যন্ত পরীক্ষামূলকভাবে পাইপে ৪.৮২ কোটি লিটার ডিজেল সরবরাহ করা হয়। পাইপলাইনে চট্টগ্রাম থেকে ঢাকায় জ্বালানি তেল পরিবহনে ২০১৬ সালে প্রকল্পটি বাস্তবায়নের উদ্যোগ নেয় বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (BPC)। কাজ শেষ হওয়ার কথা ছিল ২০২০ সালে। তিন দফা মেয়াদ বাড়ানোর পর প্রকল্পটির কাজ শেষ হয় চলতি বছরের মার্চে। প্রকল্পটি আনুষ্ঠানিকভাবে চালু হলে পাইপলাইনে চট্টগ্রাম থেকে ঢাকায় বছরে সর্বোচ্চ ২৭ লাখ টন বা ৩১৭ কোটি লিটার ডিজেল সরবরাহ করা যাবে। উল্লেখ্য, ২০টি নদীর তলদেশ দিয়ে প্রায় ২৫০ কিমি পথ অতিক্রম করে এই জ্বালানি ঢাকায় আসছে। জ্বালানি তেল পরিবহনের এই নতুন যুগে সাশ্রয় হচ্ছে সময় ও অর্থ।

## ২৪ সেবায় আয়কর রিটার্ন বাধ্যতামূলক

৩ আগস্ট ২০২৫ বাংলাদেশ ব্যাংক ২৪টি আর্থিক ও নাগরিক-সেবায় আয়কর রিটার্ন বাধ্যতামূলক করে সার্কুলার জারি করে। এতে আর্থিক ও নাগরিক সেবা গ্রহণে সংশ্লিষ্ট ব্যক্তিকে নির্ধারিত অর্থ বছরের আয়কর রিটার্ন জমা দেওয়ার প্রমাণ পত্র ব্যাংকে দাখিল করতে হবে। শুধু ঋণ বা আমানতের ক্ষেত্রেই নয়, জমি কেনাবেচা, ট্রেড লাইসেন্স, ডিস্ট্রিবিউটরশিপ, গ্যাস-বিদ্যুৎ সংযোগ, এমনকি শিশুকে ইংরেজি মাধ্যম স্কুলে ভর্তির ক্ষেত্রেও রিটার্ন দাখিলের প্রমাণ দেখানো বাধ্যতামূলক করা হয়।

## দেশে নিবন্ধিত GI পণ্য এখন ৬০টি

২০১৬ সালে জামদানি শাড়িকে বাংলাদেশে প্রথম ভৌগোলিক নির্দেশক (GI) পণ্য হিসেবে স্বীকৃতি দেওয়া হয়। এরপর নানা ধাপে আরও ৫৫টি GI পণ্য হিসেবে স্বীকৃতি পায়। সর্বশেষ ২০২৫ সালের জুলাইয়ে ৫টি পণ্য GI হিসেবে নিবন্ধিত হয়। এ নিয়ে দেশের মোট নিবন্ধিত GI পণ্য ৬০টি।

| ক্রম | নাম | আবেদনকারী | আবেদনের তারিখ |
|---|---|---|---|
| ৫৬ | মেহেরপুরের মেহেরসাগর কলা | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মেহেরপুর | ১৪ জুলাই ২০২৪ |
| ৫৭ | নেত্রকোণার বালিশ মিষ্টি | জেলা প্রশাসক, নেত্রকোণা | ২৪ জুলাই ২০২৪ |
| ৫৮ | ফুলবাড়ীয়ার লাল চিনি | উপজেলা প্রশাসন, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ | ১১ জুলাই ২০২৪ |
| ৫৯ | মেহেরপুরের হিমসাগর আম | উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মেহেরপুর | ১৪ জুলাই ২০২৪ |
| ৬০ | ফরিদপুরের পাট | মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট | ১ আগস্ট ২০২৪ |



Scanned with CamScanner

## পররাষ্ট্র মন্ত্রণালয়ের আঞ্চলিক দপ্তর

নাগরিকদের দোরগোড়ায় কনস্যুলার সেবা পৌঁছে দিতে সরকার বিভাগীয় পর্যায়ে পররাষ্ট্র মন্ত্রণালয়ের কনস্যুলার দপ্তর চালু করবে। ২০২৫ সালের জুলাইয়ে সরকারের উচ্চপর্যায়ে চট্টগ্রামে পররাষ্ট্র মন্ত্রণালয়ের কনস্যুলার দপ্তর চালুর বিষয়ে নীতিগত সিদ্ধান্ত নেয়। স্বাধীনতার পাঁচ দশক পর প্রথমবারের মতো চট্টগ্রামে একটি কনস্যুলার দপ্তর পরিচালনা করতে যাচ্ছে পররাষ্ট্র মন্ত্রণালয়। নতুন এই আঞ্চলিক অফিস চালু হলে চট্টগ্রাম, কক্সবাজার, বান্দরবান, রাঙামাটি, খাগড়াছড়ি, ফেনী ও নোয়াখালী অঞ্চলের জনগণ স্থানীয়ভাবে সেবা পাবেন। এতে সময় বাঁচবে, সেবার মানও উন্নত হবে।

## ঢাবি থেকে আনুষ্ঠানিক বিচ্ছেদ সাত কলেজের

১৪ আগস্ট ২০২৫ ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে থাকা ঢাকার সরকারি সাত কলেজ আনুষ্ঠানিকভাবে আলাদা হয়। এদিন সাত কলেজের প্রশাসনিক, একাডেমিক ও আর্থিক দায়িত্ব এবং ২০২৪-২৫ শিক্ষাবর্ষে ভর্তি ইচ্ছুক শিক্ষার্থীদের তথ্য, ছবি ও ভর্তি পরীক্ষার ফি ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটি কর্তৃপক্ষের কাছে হস্তান্তর করে। ঢাকার ঐতিহ্যবাহী সাত সরকারি কলেজকে ১৬ ফেব্রুয়ারি ২০১৭ ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে নেওয়া হয়। নানা সময় পৃথকের দাবি উঠার পর ৭ জানুয়ারি ২০২৫ জরুরি সভায় সাত কলেজকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত থেকে বাতিল করার সিদ্ধান্ত হয়। পরে সাত কলেজের শিক্ষার্থীদের দাবির প্রেক্ষিতে 'ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটি' নামে নতুন বিশ্ববিদ্যালয় গঠনের সিদ্ধান্ত নেয় সরকার। এরপর ৯ জুলাই ২০২৫ শিক্ষা মন্ত্রণালয় ২০২৪-২৫ শিক্ষাবর্ষের ভর্তি কার্যক্রম শুরুর অনুমোদন দেয়।

## সাভারকে 'ডিগ্রেডেড এয়ারশেড' ঘোষণা



দেশে এই প্রথম বায়ুদূষণ গুরুতর আকার ধারণ করায় ঢাকা জেলার সাভার উপজেলাকে ডিগ্রেডেড এয়ারশেড (Degraded Air Shed) হিসেবে ঘোষণা করে পরিবেশ অধিদপ্তর। ১৭ আগস্ট ২০২৫ পরিবেশ অধিদপ্তরের মহাপরিচালক স্বাক্ষরিত এক পরিপত্রের মাধ্যমে এ ঘোষণা জারি করা হয়। শুষ্ক মৌসুমে প্রায় ৫ মাস উত্তর-পশ্চিম এবং উত্তর-পূর্ব থেকে দক্ষিণ-পূর্ব ও দক্ষিণ-পশ্চিমে বায়ু প্রবাহিত হয়। ফলে সাভার উপজেলায় সৃষ্ট বায়ুদূষণ ঢাকা শহরে প্রবেশ করে। এটি ঢাকা শহরের বায়ুদূষণের তীব্রতা অনেক বাড়িয়ে দেয়। ফলে ঢাকার ঘনবসতিপূর্ণ জনগোষ্ঠীর স্বাস্থ্যের ওপর অত্যন্ত ক্ষতিকর প্রভাব ফেলে। এই প্রেক্ষাপটে বায়ুদূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০২২-এর বিধি ৫-এর ক্ষমতাবলে সমগ্র সাভার উপজেলাকে ডিগ্রেডেড এয়ারশেড ঘোষণা করা হয়। উল্লেখ্য, ডিগ্রেডেড এয়ার শেড হলো এমন একটি এলাকা যেখানে বায়ুর গুণগত মান বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭ এর অধীনে নির্ধারিত মান মাত্রা অতিক্রম করে দূষণের কারণে খারাপ হয়ে গেছে।



## প্রধান উপদেষ্টার মালয়েশিয়া সফর

১১-১৩ আগস্ট ২০২৫ প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস মালয়েশিয়ার প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিমের আমন্ত্রণে রাষ্ট্রীয় সফরে মালয়েশিয়া যান। উল্লেখ্য, ৮ আগস্ট ২০২৪ ড. ইউনূসের নেতৃত্বে অন্তর্বর্তীকালীন সরকার গঠনের পর কোনো দেশের সরকারপ্রধান হিসেবে প্রথম বাংলাদেশ সফর করেন মালয়েশিয়ার প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিম। ৪ অক্টোবর ২০২৪ মালয়েশিয়ার সরকার প্রধান বাংলাদেশ সফর করেন।

- ১২ আগস্ট : প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে মালয়েশিয়ার প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিমের দ্বিপক্ষীয় বৈঠক অনুষ্ঠিত হয়। সেই বৈঠকে বাংলাদেশ ও মালয়েশিয়া ৫টি সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষর এবং ৩টি নোট অব এক্সচেঞ্জ স্বাক্ষর হয়।
- ১৩ আগস্ট : প্রধান উপদেষ্টাকে মালয়েশিয়া ন্যাশনাল ইউনিভার্সিটি (UKM) সম্মানসূচক ডিগ্রি দেয়।

**সমঝোতা স্মারক (MoU) : ৫টি**

- প্রতিরক্ষা সহযোগিতা বিষয়ক।
- মালয়েশিয়ার ইনস্টিটিউট অব স্ট্র্যাটেজিক অ্যান্ড ইন্টারন্যাশনাল স্টাডিজ (ISIS) এবং বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজের (BIISS) মধ্যে সহযোগিতা সংক্রান্ত।
- তরলীকৃত প্রাকৃতিক গ্যাস (LNG) সরবরাহ, LNG অবকাঠামো, পেট্রোলিয়াম পণ্য এবং অবকাঠামোতে সহযোগিতা।
- মালয়েশিয়ার মান নিয়ন্ত্রণকারী কোম্পানি MIMOS এবং বাংলাদেশ-মালয়েশিয়া চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (BMCCI) মধ্যে সহযোগিতা।
- মালয়েশিয়ার ন্যাশনাল চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (NCCIM) এবং ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার্স অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (FBCCI) মধ্যে সহযোগিতা।

**নোট অব এক্সচেঞ্জ : ৩টি**

- উচ্চশিক্ষা খাতে সহযোগিতা।
- কূটনীতিকদের প্রশিক্ষণ সংক্রান্ত।
- হালাল ইকোসিস্টেমে সহযোগিতা।



Scanned with CamScanner

## মহেশখালী সমন্বিত উন্নয়ন কর্তৃপক্ষ

কক্সবাজারের মহেশখালী ও মাতারবাড়ী এলাকায় চলমান উন্নয়ন প্রকল্পগুলোর কাজ সমন্বিতভাবে করার জন্য ১০ জুলাই ২০২৫ উপদেষ্টা পরিষদের বৈঠকে 'মহেশখালী সমন্বিত উন্নয়ন কর্তৃপক্ষ অধ্যাদেশ, ২০২৫' এর খসড়া চূড়ান্ত অনুমোদন দেওয়া হয়। ২৩ জুলাই ২০২৫ এই অধ্যাদেশ গেজেট আকারে জারি করা হয়। ১ আগস্ট ২০২৫ মহেশখালী সমন্বিত উন্নয়ন কর্তৃপক্ষ অধ্যাদেশ, ২০২৫ কার্যকর করা হয়। এই অধ্যাদেশ কার্যকর হবার সঙ্গে সঙ্গে মহেশখালী সমন্বিত উন্নয়ন কর্তৃপক্ষ নামে একটি কর্তৃপক্ষ প্রতিষ্ঠিত হয়। কর্তৃপক্ষের অধিক্ষেত্রাধীন এলাকায় জমির পরিমাণ ৩৪,১৮১.০৪৪ একর।

- কর্তৃপক্ষ একটি সংবিধিবদ্ধ সংস্থা হবে।
- কর্তৃপক্ষের প্রধান কার্যালয় কক্সবাজার জেলার মহেশখালীতে হবে।
- গভর্নিং বোর্ডের চেয়ারপার্সন প্রধান উপদেষ্টা/প্রধানমন্ত্রী।
- কর্তৃপক্ষের প্রধান নির্বাহী চেয়ারম্যান।

## খুলনায় ৬০০ মেগাওয়াট সোলার

সুন্দরবন অঞ্চলটিকে গ্রিন ইন্ডাস্ট্রিয়াল করিডর রূপান্তরে খুলনায় ৬০০ মেগাওয়াট সোলার পাওয়ার প্ল্যান্ট স্থাপিত হবে। এই লক্ষ্যে ২৬ জুলাই ২০২৫ পাওয়ার প্ল্যান্টটি বাস্তবায়নে সুন্দরবন ডেল্টা গ্রোথ ইনিশিয়েটিভের (SDGI) সঙ্গে আরব ঠিকাদার ওরাসকম পেনিনসুলা কনসোর্টিয়ামের একটি সমঝোতা চুক্তি স্বাক্ষরিত হয়। এই চুক্তি অনুষ্ঠানে দেশের শীর্ষস্থানীয় অর্থনীতিবিদ, বিদেশি বিনিয়োগকারী, পরিবেশ বিশেষজ্ঞ এবং শিল্প উদ্যোক্তারা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে আন্তর্জাতিক বিনিয়োগকারীদের প্রতি আহ্বান জানানো হয়— Let the Delta shine. Let the Sundarbans lead the way. এটি কেবল প্রকল্পে বিনিয়োগ নয়, বরং মানুষের মধ্যে, শান্তি ও টেকসই বিনিয়োগ। সরকারের লক্ষ্য ২০৩০ সালের মধ্যে জাতীয় গ্রিডে অন্তত ২৫% শক্তি সবুজ উৎস থেকে সরবরাহ নিশ্চিত করা।

## গাইবান্ধায় ভাসানী সেতুর উদ্বোধন

২০ আগস্ট ২০২৫ গাইবান্ধায় মাওলানা ভাসানী সেতুর (হরিপুর তিস্তা সেতু) উদ্বোধন করা হয়। দুই লেনের এই সেতুর দৈর্ঘ্য ১,৪৯০ মিটার এবং প্রস্থ ৯.৬০ মিটার। এতে ৩১টি স্প্যান রয়েছে। গাইবান্ধা জেলার



সুন্দরগঞ্জ উপজেলার হরিপুর ঘাট থেকে কুড়িগ্রামের চিলমারী উপজেলার চিলমারী ঘাট পর্যন্ত সেতুটি নির্মাণের জন্য ৫ নভেম্বর ২০১৮ দরপত্র আহ্বান করা হয়। সেতুর উভয় পাশে ৮৬ কিমি সড়ক মেরামত, ছোট-বড় ৬২টি সেতু-কালভার্ট নির্মাণ ও ৩.৫ কিমি নদীশাসন মিলিয়ে মোট ব্যয় হয় ৯২৫ কোটি টাকা। চীনের ঠিকাদারি প্রতিষ্ঠান 'চায়না স্টেট কনস্ট্রাকশন ইঞ্জিনিয়ারিং করপোরেশন লিমিটেড' এ কাজের দায়িত্ব পায়। সেতু নির্মাণে বাংলাদেশ সরকার, সৌদি ফান্ড ফর ডেভেলপমেন্ট এবং ওপেক ফান্ড ফর ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্ট অর্থায়ন করে। সেতুটি চালু হওয়ায় সময় সাশ্রয় হবে দুই থেকে আড়াই ঘণ্টা।

## নতুন মুদ্রানীতি ঘোষণা

৩১ জুলাই ২০২৫ নীতি সুদহার ১০% রেখেই নতুন মুদ্রানীতি ঘোষণা করে বাংলাদেশ ব্যাংক। কেন্দ্রীয় ব্যাংকের সদর দপ্তরে এক সংবাদ সম্মেলনে নতুন মুদ্রানীতি ঘোষণা করেন ব্যাংকের গভর্নর ড. আহসান এইচ মনসুর। এছাড়াও নতুন মুদ্রানীতিতে মূল্যস্ফীতি ৭% নিচে নামলেই প্রধান নীতি সুদহার কমানো হবে। বেসরকারি খাতে ঋণ প্রবৃদ্ধির প্রাক্কলন ২০২৫ সালের ডিসেম্বরে ৭.২% এবং ২০২৬ সালের জুনে ৮% অর্জনের লক্ষ্য নির্ধারণ করা হয়। আগের মুদ্রানীতিতে বেসরকারি খাতের ঋণ গত জুনে ৯.৮% লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জিত হয় ৬.৪%।

# বিশ্বমঞ্চে বাংলাদেশ

## জাতিসংঘ উপদেষ্টা পরিষদে ফারজানা



জাতিসংঘ মহাসচিবের জলবায়ু পরিবর্তন-বিষয়ক যুব উপদেষ্টা পরিষদের সদস্য হিসেবে মনোনীত হন বাংলাদেশের ফারজানা ফারুক ঝুমু। ১২ আগস্ট ২০২৫ জাতিসংঘের ওয়েবসাইটে তার নাম ঘোষণা করা হয়। আন্তর্জাতিক যুব দিবস-২০২৫ উপলক্ষে তৃতীয় দফার সদস্যদের নাম ঘোষণা করা হয়। এটি জাতিসংঘের 'ইউথ ২০৩০ স্ট্র্যাটেজি' ও 'আওয়ার কমন এজেন্ডা'র অংশ হিসেবে পরিচালিত হচ্ছে। সারা বিশ্বের বিভিন্ন যুব ও জলবায়ু সংস্থা থেকে মনোনীত প্রার্থীদের মধ্য থেকে এই পরিষদের সদস্যরা নির্বাচিত হন। তারা মহাসচিবকে জলবায়ু পরিবর্তন মোকাবেলায় বাস্তবসম্মত ও ফলাফলকেন্দ্রিক পরামর্শ প্রদান করেন। এর আগে ফারজানা UNICEF বাংলাদেশের যুব দূত হিসেবেও দায়িত্ব পালন করেন।

## জাতিসংঘ মানবাধিকার সম্মেলনে স্বপ্নীল

২৪-২৬ জুলাই ২০২৫ জাতিসংঘের সদরদপ্তর নিউইয়র্কে অনুষ্ঠিত ১৯তম ইন্টারন্যাশনাল ইউথ ফর হিউম্যান রাইটস সামিটে বক্তব্য রাখেন সংগীত-শিল্পী স্বপ্নীল সজীব। তার পুরো নাম শরীফ মো. সজিব। তিনিই প্রথম বাংলাদেশি সংগীতশিল্পী যিনি এই সম্মেলনে বক্তৃতা দেওয়ার সম্মান অর্জন করেন। স্বপ্নীল সজীব বাংলাদেশের সংগীত, সংস্কৃতি ও মানবিক মূল্যবোধ আন্তর্জাতিক পরিসরে তুলে ধরেন। ২০২৫ সালের সম্মেলনের প্রতিপাদ্য— 'শান্তির জন্য শিক্ষা'। স্বপ্নীল সজীব শুধু একজন শিল্পী নয়, একজন সংস্কৃতিকর্মীও।





উপকূলীয় নামিব মরুভূমি হতে নামিবিয়া নামের উৎপত্তি



# ট্রাম্পের পাল্টা শুল্কে বাংলাদেশ

৩১ জুলাই ২০২৫ মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বাংলাদেশের পণ্যে পাল্টা শুল্ক ২০% নির্ধারণ করেন। বর্তমানে গড়ে ১৫% শুল্ক দিয়ে যুক্তরাষ্ট্রে পণ্য রপ্তানি করে বাংলাদেশ। নতুন পাল্টা শুল্ক ২০% করায় মোট শুল্কহার দাঁড়াবে এখন ৩৫%।

## টাইমলাইন

- ২০ জানুয়ারি : যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট হিসেবে ডোনাল্ড ট্রাম্প দ্বিতীয়বারের মতো দায়িত্ব গ্রহণ করেন।
- ২ এপ্রিল : বিশ্বের নানা দেশের ওপর বিভিন্ন হারে পাল্টা শুল্ক আরোপের ঘোষণা দেন।
  – বাংলাদেশের ওপর আরোপ করা হয় ৩৭% পাল্টা শুল্ক।
- ৭ এপ্রিল : পাল্টা শুল্ক তিন মাস স্থগিতের অনুরোধ করে ডোনাল্ড ট্রাম্পকে চিঠি দেন প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস।
- ৯ এপ্রিল : ট্রাম্প প্রশাসন ন্যূনতম ১০% শুল্ক বজায় রেখে চীনা ছাড়া সকল দেশের ওপর পাল্টা শুল্ক আরোপ তিন মাসের জন্য স্থগিত করে।
- ১৭ জুন : বাণিজ্য মন্ত্রণালয়ের সঙ্গে যুক্তরাষ্ট্রের বাণিজ্য প্রতিনিধির (USTR) অনলাইন বৈঠক হয়। ওই বৈঠককে প্রথম দফার আনুষ্ঠানিক আলোচনা হিসেবে গণ্য করে যুক্তরাষ্ট্র।
- ৮ জুলাই : প্রধান উপদেষ্টাকে পাঠানো এক চিঠিতে ডোনাল্ড ট্রাম্প জানান বাংলাদেশের পণ্য আমদানিতে ৩৫% শুল্ক আরোপ করবেন, যা ১ আগস্ট থেকে কার্যকর হবে।
- ৯-১১ জুলাই : যুক্তরাষ্ট্রের সঙ্গে দ্বিতীয় পর্যায়ের আলোচনা অনুষ্ঠিত।
- ২৯ জুলাই : বাংলাদেশ ও যুক্তরাষ্ট্র তিন দিনের আলোচনা ও দর-কষাকষির বৈঠক করে।
- ৩১ জুলাই : ডোনাল্ড ট্রাম্প একটি নির্বাহী আদেশে স্বাক্ষর করেন যাতে বাংলাদেশের পণ্যে পাল্টা শুল্ক ২০% নির্ধারণ করেন।
- ৭ আগস্ট : বাংলাদেশের ওপর আরোপ করা পাল্টা শুল্ক কার্যকর।

## যেসব ছাড়ের বিনিময়ে কমলো শুল্ক

- ২০২৪ সালে বাংলাদেশের সাথে যুক্তরাষ্ট্রের বাণিজ্যের পরিমাণ ছিল প্রায় ১,০৬০ কোটি ডলার। বাংলাদেশ যুক্তরাষ্ট্র থেকে ২২০ কোটি ডলারের পণ্য আমদানির বিপরীতে ৮৪০ কোটি ডলারের পণ্য রপ্তানি করে। আগামী এক থেকে দেড় বছরের মধ্যে যুক্তরাষ্ট্র থেকে ১৫০ কোটি ডলার আমদানি বাড়াবে।
- আগামী কয়েক বছরে যুক্তরাষ্ট্রের কোম্পানি বোয়িংয়ের কাছ থেকে ২৫টি উড়োজাহাজ কিনবে সরকার। এতে প্রায় স্থানীয় মূল্যে খরচ হতে পারে ৫০ হাজার কোটি টাকা।
- পাঁচ বছর মেয়াদে প্রতিবছর সাত লাখ টন করে গম আমদানি করবে বাংলাদেশ।
- এলএনজি, সামরিক সরঞ্জামসহ বিভিন্ন পণ্য আমদানি বাড়ানোর প্রতিশ্রুতি।
- যুক্তরাষ্ট্রের পণ্য বাংলাদেশে প্রবেশ সহজ করা এবং শুল্ক ছাড় দেওয়ার প্রতিশ্রুতি।
- কিছু পণ্যে শূন্য শুল্ক ও কিছু ক্ষেত্রে ছাড় দেওয়া হবে।
- যুক্তরাষ্ট্র থেকে বেসরকারি খাত যাতে তুলা, সয়াবিন বীজ, ডাল ইত্যাদি পণ্য আমদানি বাড়াতে পারে, সে ব্যাপারে নীতি-সহায়তা দেবে সরকার।

### শুল্ক

শুল্ক (Tariff) হলো একটি সরকারি ফি বা কর, যা বিদেশ থেকে আমদানি করা পণ্যের ওপর বসানো হয়। দেশে আমদানিকৃত বা কখনও কখনও আমদানিকারক দেশ থেকে রপ্তানি করা পণ্যের উপর ধার্য করা একটি কর। বেশিরভাগ পণ্যের জন্য আরোপিত আমদানি শুল্ক সাধারণত আমদানি করা পণ্যের শুল্ক মূল্য দ্বারা নির্ধারিত হয়।

### পাল্টা শুল্ক

আন্তর্জাতিক বাণিজ্যে দুটি গুরুত্বপূর্ণ শব্দ— গড় শুল্ক আর পারস্পরিক বা পাল্টা শুল্ক।

- গড় শুল্ক বলতে বোঝায়— একটি দেশ বাইরে থেকে যে পণ্য আমদানি করে, সেগুলোর ওপর গড়ে কত শতাংশ শুল্ক নেয়। ধরুন, একটি দেশে তিন ধরনের পণ্যে ১০%, ১৫% আর ৫% হারে শুল্ক নেওয়া হয়। তাহলে সেই দেশের গড় শুল্ক হবে ১০%। এই হিসাবটা সরলভাবে সব পণ্যের শুল্কের গড় বের করা হয়।
- পারস্পরিক বা পাল্টা শুল্ক হলো— প্রতি-উত্তরমূলক শুল্ক। ধরুন, কোনো দেশ যদি যুক্তরাষ্ট্রের পণ্যের ওপর ৬% শুল্ক বসায়, তাহলে যুক্তরাষ্ট্রও চাইলে ওই দেশের পণ্যের ওপর একই হারে ৬% শুল্ক বসাতে পারে। একে ইংরেজিতে বলে Reciprocal Tariff। ২ এপ্রিল ২০২৪ যুক্তরাষ্ট্র নতুনভাবে এই পারস্পরিক শুল্কনীতি চালু করে।

নামিব শব্দের অর্থ এমন একটি জমি বা ভূমি যেখানে কিছু জন্মে না

Scanned with CamScanner

## যুক্তরাষ্ট্রের বর্তমান শুল্কহার

যুক্তরাষ্ট্রের ট্যারিফ শিডিউলে তিন ধরনের শুল্কহার রয়েছে। একটি হলো, Most Federated Nation (MFN) শুল্কহার। যেসব দেশের সঙ্গে যুক্তরাষ্ট্রের স্বাভাবিক বাণিজ্য সম্পর্ক রয়েছে, সেসব দেশ থেকে আমদানি পণ্যে এই শুল্কহার প্রযোজ্য। সাধারণত বিশ্ব বাণিজ্য সংস্থার (WTO) সদস্যদেশগুলো এই সুবিধা পেয়ে থাকে। বাংলাদেশের পণ্যের ওপর MFN শুল্কহার রয়েছে। দ্বিতীয়টি হলো, যেসব দেশের সঙ্গে যুক্তরাষ্ট্রের বাণিজ্যিক চুক্তি রয়েছে বা দেশটি বাণিজ্য সুবিধা দিচ্ছে, তার আওতায় দেওয়া হ্রাসকৃত বা শূন্য শুল্কহার। সাধারণত MFN শুল্কহারের চেয়ে এই হার কম। তৃতীয়টি হলো, যেসব দেশের সঙ্গে যুক্তরাষ্ট্রের স্বাভাবিক বাণিজ্যিক সম্পর্ক নেই, তাদের ওপর প্রযোজ্য শুল্কহার। সাধারণত এই শুল্কহার বেশি। যুক্তরাষ্ট্রের ইয়েল বিশ্ববিদ্যালয়ের বাজেট ল্যাবের ওয়েবসাইটের তথ্য অনুযায়ী, ২০ জানুয়ারি ২০২৫ যুক্তরাষ্ট্রের কার্যকর গড় শুল্কহার ছিল ২.৪০%। ট্রাম্পের একের পর এক পদক্ষেপে তা দ্রুত পরিবর্তন হতে থাকে।

## যুক্তরাজ্য : চুক্তিতে প্রথম

যুক্তরাজ্যই প্রথম দেশ হিসেবে যুক্তরাষ্ট্রের সঙ্গে বাণিজ্য চুক্তি করে। এই চুক্তিতে যুক্তরাজ্যের পণ্যে ১০% ভিত্তি শুল্ক ধার্য করা হয়, যদিও কিছু পণ্যে ছাড় ও কোটার ব্যবস্থাও রাখা হয়।

**যেসব দেশ ও সংস্থার সঙ্গে যুক্তরাষ্ট্রের চুক্তি**

| দেশ | চুক্তির তারিখ | নতুন শুল্ক | চুক্তির আগে শুল্ক |
|---|---|---|---|
| যুক্তরাজ্য | ৮ মে ২০২৫ | ১০% | ২৫% |
| চীন | ১২ মে ২০২৫ | ৩০% | ১৪৫% |
| ভিয়েতনাম | ২ জুলাই ২০২৫ | ২০% | ৪৬% |
| ইন্দোনেশিয়া | ১৫ জুলাই ২০২৫ | ১৯% | ৩২% |
| ফিলিপাইন | ২২ জুলাই ২০২৫ | ১৯% | ২০% |
| জাপান | ২৩ জুলাই ২০২৫ | ১৫% | ২৫% |
| ইইউ | ২৭ জুলাই ২০২৫ | ১৫% | ৩০% |
| দক্ষিণ কোরিয়া | ৩১ জুলাই ২০২৫ | ১৫% | ২৫% |

## যুক্তরাষ্ট্রে শুল্কের প্রভাব

The Budget Lab (TBL) হচ্ছে যুক্তরাষ্ট্রভিত্তিক একটি স্বাধীন অর্থনৈতিক ও নীতি বিশ্লেষণ প্রতিষ্ঠান। তারা যুক্তরাষ্ট্রের ওপর ট্রাম্প শুল্কের প্রভাব বিশ্লেষণ করেছে। সে অনুযায়ী—

■ ভোক্তাদের ওপর শুল্কের চাপ

- নতুন কাঠামোয় গড়ে ১৮.৩% কার্যকর শুল্ক দিতে হবে মার্কিন ভোক্তাদের— এটি ১৯৩৪ সালের পর সর্বোচ্চ।
- স্বল্প মেয়াদে (২০২৫ সালের হিসাবে) পণ্যের দাম ১.৮% বাড়বে, যা প্রতি পরিবারের গড়ে ২,৪০০ ডলার ক্ষতির সমান।
- দাম সমন্বয়ের পর মূল্যবৃদ্ধি দাঁড়াবে ১.৫%, যা প্রতি পরিবারের ২,০০০ ডলার ক্ষতি হবে।

■ কিছু পণ্যের দাম বাড়বে

- স্বল্প মেয়াদে : জুতার দাম ৪০% এবং পোশাকের দাম ৩৮% বেড়ে যাবে।
- দীর্ঘ মেয়াদে : জুতার দাম গড়ে ১৯% এবং পোশাকের দাম ১৭% বেশি থাকবে।

■ অর্থনীতিতে প্রভাব

- ২০২৫ ও ২০২৬ সালে জিডিপি প্রবৃদ্ধি প্রতিবছর ০.৫% পয়েন্ট কমে যাবে।
- দীর্ঘ মেয়াদে যুক্তরাষ্ট্রের অর্থনীতি স্থায়ীভাবে ০.৪% ছোট হবে, যা বছরে প্রায় ১২০ বিলিয়ন ডলার ক্ষতি।

■ চাকরির বাজারে প্রভাব

- ২০২৫ সালের শেষে বেকারত্ব ০.৩% পয়েন্ট বাড়বে এবং চাকরি কমবে প্রায় ৫ লাখ।
- ২০২৬ সালের শেষে বেকারত্ব ০.৭% পয়েন্ট বাড়বে।

■ খাতভিত্তিক দীর্ঘমেয়াদি প্রভাব

- উৎপাদনশিল্পে ২.১% প্রবৃদ্ধি হবে।
- তবে নির্মাণ খাত ৩.৫% ও কৃষি খাত ০.৯% কমে যাবে।

■ সরকারি রাজস্বে প্রভাব

- ২০২৬-৩৫ সময়ে শুল্ক থেকে ২.৭ ট্রিলিয়ন ডলার আয় হবে।
- অর্থনৈতিক ধীরগতির কারণে এই আয় থেকে প্রায় ৪৬৬ বিলিয়ন ডলার কমে যাবে।
- ফলে চূড়ান্ত আয় দাঁড়াবে ২.২ ট্রিলিয়ন ডলার।

## বর্তমানে বাংলাদেশের শুল্ক

যুক্তরাষ্ট্রের আন্তর্জাতিক বাণিজ্য কমিশনের ওয়েবসাইটে প্রকাশিত তথ্য অনুযায়ী, ২০২৪ সালে বাংলাদেশ থেকে ৮৪৪ কোটি ডলারের পণ্য আমদানি করেছে দেশটি। এসব পণ্যের ওপর দেশটি শুল্ক আদায় করেছে ১২৭ কোটি ডলার। অর্থাৎ গত বছর বাংলাদেশের পণ্যে গড়ে শুল্কহার ছিল ১৫%। যুক্তরাষ্ট্রের নতুন সিদ্ধান্ত অনুযায়ী ২০% পাল্টা শুল্ক বাংলাদেশ থেকে আমদানি করা পণ্যের ওপর মোট ৩৫% শুল্ক আদায় করা হবে। তবে পণ্যভেদে কার্যকর শুল্কহার ভিন্ন ভিন্ন হবে। কারণ, বর্তমানে যুক্তরাষ্ট্র আমদানি পণ্যভেদে নানা হারে শুল্ক আদায় করে। অর্থাৎ একেক পণ্যের ওপর শুল্কহার একেক রকম। দেশটি পণ্যভেদে শূন্য থেকে ৩৫০% পর্যন্ত শুল্ক আদায় করে আসছে এত দিন। পাল্টা শুল্কে তা-ও পাল্টে যাচ্ছে এখন।

| পণ্য | গড় শুল্ক ছিল (%) | গড় শুল্ক হবে (%) |
|---|---|---|
| পোশাক রপ্তানি | ১৬.৭৭ | ৩৬.৭৭ |
| সোয়েটার (ম্যানমেইড ফাইবার দিয়ে তৈরি) | ৩২.০০ | ৫২.০০ |
| সোয়েটার (তুলার সুতা দিয়ে তৈরি) | ১৬.৫০ | ৩৬.৫০ |
| ছেলেদের আন্ডারপ্যান্ট (সুতার কাপড়ে তৈরি) | ৬.০০ | ২৬.০০ |
| জুতা | ৮.৫০ | ২৮.৫০ |
| হ্যাটস ও হেডগিয়ার | ৭.৫০ | ২৭.৫০ |
| চামড়াজাত পণ্য | ১২.২০ | ৩২.২০ |

নামিবিয়ার রাষ্ট্রীয় নাম Republic of Namibia

Scanned with CamScanner



# নতুন ভূমি নতুন সম্ভাবনা

দেশের দক্ষিণ-পূর্বের বিস্তীর্ণ এলাকাজুড়ে এখন নতুন জমি এবং সেখানে নতুন বসতি গড়ার এক নতুন আখ্যান তৈরি হচ্ছে। তিন যুগ ধরে সন্দ্বীপ, জাহাইজ্জার চর (বর্তমান স্বর্ণদ্বীপ) ও ভাসানচর— এই তিন দ্বীপ ধীরে ধীরে এক হয়ে যাচ্ছে। বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান (SPARRSO) তাদের গবেষণায় এই চিত্র তুলে ধরে।

## গবেষণার উদ্দেশ্য

সন্দ্বীপ বা মেঘনার মোহনার এই অঞ্চলটি গঙ্গা-ব্রহ্মপুত্র-মেঘনা নদীব্যবস্থার অংশ। এখানে প্রতিবছর বঙ্গোপসাগরে প্রায় ১০৬ কোটি টনের বেশি পলি জমা হয়, যা বৈশ্বিকভাবে কোনো মহাসাগরে সবচেয়ে বেশি পলি প্রবাহের একটি। এই বিপুল পরিমাণ পলি মহীসোপানে (সমুদ্রের উপকূল থেকে সমুদ্রের তলদেশ পর্যন্ত বিস্তৃত ঢালু এলাকা) জমা হয়ে নতুন ভূমির সৃষ্টি করে। সময়ের সঙ্গে সঙ্গে এই নতুন ভূমিগুলো টেকসই ভূমিতে পরিণত হতে পারে অথবা জোয়ার-ভাটার স্রোতের কারণে ক্ষয়প্রাপ্ত হতে পারে। এই গবেষণার উদ্দেশ্য ছিল ১৯৯০-এর দশক থেকে সন্দ্বীপ এবং পার্শ্ববর্তী অঞ্চলে দ্বীপ গঠন ও ক্ষয়ের গতিশীলতা অনুসন্ধান করা।

## গবেষণার পদ্ধতি ও ফলাফল

গবেষণায় ১৯৮৯-২০২৫ সাল পর্যন্ত ল্যান্ডস্যাট স্যাটেলাইট চিত্র ব্যবহার করা হয়। ল্যান্ডস্যাট দিয়ে চিত্রগুলো জানুয়ারি-ফেব্রুয়ারি মাসে এবং নিম্ন জোয়ারের সময়ে সংগ্রহ করা হয়। যুক্তরাষ্ট্রের জিওলজিক্যাল সার্ভে (USGS) ওয়েবসাইট থেকে ডেটা সংগ্রহ করে তা বিশ্লেষণ করা হয়। গবেষণায় ১৯৮৯-২০২৫ সালের ভূমির গঠনগত পরিবর্তনের পরিসংখ্যান উপস্থাপন করা হয়। এতে দেখা যায় ১৯৮৯ সালে সন্দ্বীপ বা এর কাছাকাছি এলাকায় স্থিতিশীল ভূমির পরিমাণ ছিল ৩২৮ বর্গকিমি, যা ২০২৫ সালে বেড়ে দাঁড়িয়েছে ৭২৬ বর্গকিমি। অর্থাৎ এই সময়ে নতুন ভূমি সৃষ্টি হয়েছে ৩৯৮ বর্গকিমি (১২১%)। এই সময়ে কাদামাটি বৃদ্ধি পায় ৭৭ বর্গকিমি (২৩%)। ১৯৮৯ সালে এর পরিমাণ ছিল ৩৩৫ বর্গকিমি, ২০২৫ সালে তা বেড়ে দাঁড়িয়েছে ৪১৩ বর্গকিমি।

### তিন দ্বীপের সম্মিলন

বঙ্গোপসাগরের একটি প্রাচীন দ্বীপ হলো সন্দ্বীপ, যা স্পারসোর গবেষণায় ৩,০০০ বছরের পুরোনো বলে উল্লেখ করা হয়। গবেষণায় দেখা যায়, ১৯৮৯-২০২৫ সালের মধ্যে সন্দ্বীপের পাশেই জেগে উঠেছে জাহাইজ্জার চর ও ভাসানচর। ২০০৬ সালে মেঘনা মোহনার পলিমাটি জমে সৃষ্টি হয় ভাসানচর। এখন সন্দ্বীপ, স্বর্ণদ্বীপ (জাহাইজ্জার চর) ও ভাসানচর একত্র হয়ে একক ভূমিরূপে আবির্ভূত হয়েছে। অর্থাৎ তিনটি দ্বীপ এখন ভৌগোলিকভাবে প্রায় সংযুক্ত। সন্দ্বীপ একটি পুরোনো দ্বীপ হলেও স্বর্ণদ্বীপ ও ভাসানচর তুলনামূলকভাবে নতুন এবং ক্রমাগত পলিমাটি জমে বিস্তৃত হয়েছে।

## ভূমির বৈশিষ্ট্য

বাংলাদেশের ভূমির গঠন প্রধানত তিনটি— পাহাড়ি অঞ্চল (১২%), গড়াঞ্চল (৮%) এবং পলল ভূমি (৮০%)। বাংলাদেশ আসলে গড়ে উঠেছে বড় বড় নদী দিয়ে আসা বিপুল পরিমাণ পলি দিয়ে। এই পলির বেশির ভাগই সাগরে গিয়ে পড়ে, আর কিছু অংশ সঞ্চিত হয়ে গড়ে ওঠে ভূমি। খুলনা বা দক্ষিণ-পশ্চিমাঞ্চলের উপকূলে পলল দিয়ে ভূমির গঠন প্রক্রিয়া দ্রুততর হয় না। এর কারণ হলো এ অঞ্চলের কাছে থাকা বঙ্গোপসাগরের 'সোয়াচ অব নো গ্রাউন্ড'। ঠিক এর উল্টো হলো উপকূলীয় মেঘনা মোহনা। এখানকার নদী বেয়ে আসা বিপুল পলি সমুদ্রের বুকে মিশছে বটে, কিন্তু এর একটি উল্লেখযোগ্য অংশ নতুন ভূমি গঠনে ভূমিকা রাখছে। এখানকার ভোলা, সন্দ্বীপ ও মনপুরা ঘিরে নতুন নতুন দ্বীপ গড়ে উঠছে।

## নতুন ভূমিতে বসবাস

কোনো এলাকায় নতুন ভূমি গঠিত হলে সেখানে অন্তত ২০ বছরের আগে মানববসতি গড়ে তোলা যুক্তিযুক্ত নয়। প্রথম দিকে এসব এলাকায় বন তৈরি করা উচিত। তবে এসব নদীমধ্যে বা নদীপাড়ে গড়ে ওঠা জনপদ হঠাৎ যে বিলীন হবে না এর কোনো নিশ্চয়তা নেই।

### মালিকানার দ্বন্দ্ব ও সম্ভাবনা

নদী বা সমুদ্রতীরবর্তী এলাকায় নতুন করে ভূমি জেগে উঠলে সেখানে দিয়ারা জরিপ হয়। এই জরিপের মাধ্যমে ভূমির নকশা ও রেকর্ড প্রস্তুত করা হয়। শিকস্তি ও পয়স্তি আইন অনুযায়ী, নদীভাঙনে জমি চলে গেলে (শিকস্তি) এবং সেই জমি আবার জেগে উঠলে (পয়স্তি) আগের মালিক জমির মালিকানা ফিরে পাওয়ার অধিকারী হন কিছু শর্ত সাপেক্ষে। ভূমি মন্ত্রণালয়ের জরিপ ও সায়রাত অনুবিভাগ নতুন জেগে ওঠা ভূমির জরিপের বিষয় দেখভাল করে।

নামিবিয়ার বৃহত্তম শহর ও রাজধানী উইন্ডহুক



# জুলাই ঘোষণাপত্র

রাষ্ট্রীয় ও সাংবিধানিক স্বীকৃতির অঙ্গীকারপূর্বক 'জুলাই ঘোষণাপত্র' প্রকাশ করেছে অন্তর্বর্তীকালীন সরকার। ৫ আগস্ট ২০২৫ জাতীয় সংসদের দক্ষিণ প্লাজায় হাজারো জনতার উপস্থিতিতে এবং বিভিন্ন রাজনৈতিক দলের শীর্ষ পর্যায়ের নেতাদের সঙ্গে নিয়ে 'জুলাই ঘোষণাপত্র' পাঠ করেন অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস।

- ইংরেজি : July Declaration
- পাঠ করেন : অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস (অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা)
- পাঠ করার স্থান : জাতীয় সংসদের দক্ষিণ প্লাজা
- পাঠের তারিখ : ৫ আগস্ট ২০২৫
- পাঠ শুরু : বিকেল ৫টা ২১ মিনিটে
- পাঠ শেষ : ৫টা ৩৪ মিনিটে
- দফা : ২৮টি
- মোট শব্দ : ১,০০৫টি
- মোট অক্ষর : ৫,৬৯০টি।

ঘোষণাপত্রের ২৪ নম্বর দফায় জুলাই গণঅভ্যুত্থানের শহিদদের 'জাতীয় বীর' হিসেবে ঘোষণা করা হয়।

## জুলাই ঘোষণাপত্র

'জুলাই ঘোষণাপত্র' হলো ২০২৪ সালের জুলাইয়ের গণঅভ্যুত্থানের একটি দলিল। যার মাধ্যমে জুলাই গণঅভ্যুত্থানকে রাষ্ট্রীয় ও সাংবিধানিকভাবে স্বীকৃতি প্রদান করা হবে। জুলাই ঘোষণাপত্রে মোট ২৮টি দফার উল্লেখ রয়েছে। এর মধ্যে প্রথম ২১ দফায় অভ্যুত্থানের প্রেক্ষাপট এবং পরের ৭টি দফায় আগামী দিনের করণীয় রয়েছে। ঘোষণাপত্রের ২৭ নম্বর দফায় বলা হয়েছে, 'বাংলাদেশের জনগণ এই অভিপ্রায় ব্যক্ত করছে যে ছাত্র-জনতার গণঅভ্যুত্থান ২০২৪-এর উপযুক্ত রাষ্ট্রীয় ও সাংবিধানিক স্বীকৃতি প্রদান করা হবে এবং পরবর্তী নির্বাচনে নির্বাচিত সরকারের সংস্কারকৃত সংবিধানের তফসিলে এই ঘোষণাপত্র সন্নিবেশিত থাকবে। উল্লেখ্য, এই ঘোষণাপত্র ৫ আগস্ট ২০২৪ থেকে কার্যকর বলে ধরে নেওয়া হবে।

## ২৮ দফা ঘোষণাপত্র

১. যেহেতু উপনিবেশ বিরোধী লড়াইয়ের সুদীর্ঘকালের ধারাবাহিকতায় এই ভূখণ্ডের মানুষ দীর্ঘ ২৩ বছর পাকিস্তানের স্বৈরশাসকদের বঞ্চনা ও শোষণের বিরুদ্ধে রুখে দাঁড়িয়েছিল এবং নির্বিচারে গণহত্যার বিরুদ্ধে গণপ্রতিরোধ গড়ে ১৯৭১ সালের ২৬ মার্চ স্বাধীনতা ঘোষণা করে জাতীয় মুক্তির লক্ষ্যে রক্তক্ষয়ী মুক্তিযুদ্ধের মাধ্যমে বাংলাদেশ রাষ্ট্র প্রতিষ্ঠা করেছিল; এবং

২. যেহেতু, বাংলাদেশের আপামর জনগণ দীর্ঘ আন্দোলন সংগ্রামের মধ্য দিয়ে এই ভূখণ্ডে স্বাধীনতার ঘোষণাপত্রে বিবৃত সাম্য, মানবিক মর্যাদা ও সামাজিক সুবিচারের ভিত্তিতে উদার গণতান্ত্রিক রাষ্ট্র বিনির্মাণের আকাঙ্ক্ষাকে বাস্তবায়নের জন্য সর্বোচ্চ ত্যাগ স্বীকার করেছে; এবং

৩. যেহেতু স্বাধীন বাংলাদেশের ১৯৭২ সালের সংবিধান প্রণয়ন পদ্ধতি, এর কাঠামোগত দুর্বলতা ও অপপ্রয়োগের ফলে স্বাধীনতা-পরবর্তী আওয়ামী লীগ সরকার মুক্তিযুদ্ধের জনআকাঙ্ক্ষা পূরণে ব্যর্থ হয়েছিল এবং গণতন্ত্র ও রাষ্ট্রীয় প্রতিষ্ঠানগুলোর কার্যকারিতা ক্ষুণ্ন করেছিল; এবং

৪. যেহেতু স্বাধীনতা-পরবর্তী আওয়ামী লীগ সরকার স্বাধীনতার মূলমন্ত্র গণতান্ত্রিক শাসন ব্যবস্থার বিপরীতে বাকশালের নামে সাংবিধানিকভাবে একদলীয় শাসনব্যবস্থা কায়েম করে এবং মতপ্রকাশ ও বিচার বিভাগের স্বাধীনতা হরণ করে, যার প্রতিক্রিয়ায় ১৯৭৫ সালের ৭ নভেম্বর দেশে সিপাহী-জনতার ঐক্যবদ্ধ বিপ্লব সংঘটিত হয় এবং পরবর্তী সময়ে একদলীয় বাকশাল পদ্ধতির পরিবর্তে বহুদলীয় গণতন্ত্র, মতপ্রকাশ ও বিচার বিভাগের স্বাধীনতা পুনঃপ্রবর্তনের পথ সুগম হয়; এবং

নামিবিয়ার অফিসিয়াল ভাষা ইংরেজি

Scanned with CamScanner

৫ যেহেতু আশির দশকে সামরিক স্বৈরশাসনের বিরুদ্ধে দীর্ঘ নয় বছর ছাত্র-জনতার অবিরাম সংগ্রামের মধ্য দিয়ে ১৯৯০ সালের গণঅভ্যুত্থান সংঘটিত হয় এবং ১৯৯১ সালে পুনরায় সংসদীয় গণতান্ত্রিক শাসন ব্যবস্থা প্রবর্তন করা হয়; এবং

৬ যেহেতু দেশি-বিদেশি চক্রান্তে সরকার পরিবর্তনের গণতান্ত্রিক প্রক্রিয়া ব্যাহত হওয়ায় ১/১১-এর ষড়যন্ত্রমূলক ব্যবস্থার মাধ্যমে বাংলাদেশে শেখ হাসিনার একচ্ছত্র ক্ষমতা, আধিপত্য ও ফ্যাসিবাদের পথ সুগম করা হয়; এবং

৭ যেহেতু গত দীর্ঘ ষোলো বছরের ফ্যাসিবাদী, অগণতান্ত্রিক এবং গণবিরোধী শাসনব্যবস্থা কায়েমের লক্ষ্যে এবং একদলীয় রাষ্ট্র ব্যবস্থা প্রতিষ্ঠার অতি উগ্র বাসনা চরিতার্থ করার অভিপ্রায়ে সংবিধানের অবৈধ ও অগণতান্ত্রিক পরিবর্তন করা হয় এবং যার ফলে একদলীয় একচ্ছত্র ক্ষমতা ও আধিপত্য প্রতিষ্ঠার পথ সুগম হয়; এবং

৮ যেহেতু শেখ হাসিনার আওয়ামী লীগ সরকারের দুঃশাসন, গুম-খুন, আইন-বহির্ভূত হত্যাকাণ্ড, মতপ্রকাশের স্বাধীনতা হরণ এবং একদলীয় স্বার্থে সংবিধান সংশোধন ও পরিবর্তন বাংলাদেশের সকল রাষ্ট্রীয় ও সাংবিধানিক প্রতিষ্ঠানসমূহকে ধ্বংস করে; এবং

৯ যেহেতু, হাসিনা সরকারের আমলে তারই নেতৃত্বে একটি চরম গণবিরোধী, একনায়কতান্ত্রিক ও মানবাধিকার হরণকারী শক্তি বাংলাদেশকে একটি ফ্যাসিবাদী, মাফিয়া এবং ব্যর্থ রাষ্ট্রের রূপ দিয়ে আন্তর্জাতিকভাবে বাংলাদেশের ভাবমূর্তি ক্ষুণ্ন করে; এবং

১০ যেহেতু, তথাকথিত উন্নয়নের নামে শেখ হাসিনার ফ্যাসিবাদী নেতৃত্বে সীমাহীন দুর্নীতি, ব্যাংক লুট, অর্থ পাচার ও অর্থনৈতিক প্রতিষ্ঠানগুলো ধ্বংসের মধ্য দিয়ে বিগত পতিত দুর্নীতিবাজ আওয়ামী লীগ সরকার বাংলাদেশ ও এর অমিত অর্থনৈতিক সম্ভাবনাকে বিপর্যস্ত করে তোলে এবং এর পরিবেশ, প্রাণিবৈচিত্র্য ও জলবায়ুকে বিপন্ন করে; এবং

১১ যেহেতু শেখ হাসিনার ফ্যাসিস্ট সরকারের বিরুদ্ধে রাজনৈতিক দল, ছাত্র ও শ্রমিক সংগঠনসহ সমাজের সর্বস্তরের জনগণ গত প্রায় ষোলো বছর যাবৎ নিরন্তর গণতান্ত্রিক সংগ্রাম করে জেল-জুলুম, হামলা-মামলা, গুম-খুন ও বিচারবহির্ভূত হত্যাকাণ্ডের শিকার হয়; এবং

১২ যেহেতু বাংলাদেশে বিদেশি রাষ্ট্রের অন্যায় প্রভুত্ব, শোষণ ও খবরদারিত্বের বিরুদ্ধে এদেশের মানুষের ন্যায়সংগত আন্দোলনকে বহিঃশক্তির তাবেদার আওয়ামী লীগ সরকার নিষ্ঠুর শক্তি প্রয়োগের মাধ্যমে দমন করে; এবং

১৩ যেহেতু অবৈধভাবে ক্ষমতা অব্যাহত রাখতে আওয়ামী লীগ সরকার তিনটি প্রহসনের নির্বাচনে (২০১৪, ২০১৮ ও ২০২৪ এর জাতীয় সংসদ নির্বাচন) এদেশের মানুষকে ভোটাধিকার ও প্রতিনিধিত্ব থেকে বঞ্চিত করে; এবং

১৪ যেহেতু, আওয়ামী লীগ আমলে বিরোধী রাজনৈতিক নেতা-কর্মী, শিক্ষার্থী ও জনগণের নিষ্ঠুরভাবে নির্যাতন করা হয় এবং সরকারি চাকরিতে একচেটিয়া দলীয় নিয়োগ ও কোটাভিত্তিক বৈষম্যের কারণে ছাত্র, চাকরি প্রত্যাশী ও নাগরিকদের মধ্যে চরম ক্ষোভের জন্ম হয়; এবং

১৫ যেহেতু বিরোধী রাজনৈতিক দল ও সংগঠনের ওপর চরম নিপীড়নের ফলে দীর্ঘদিন ধরে জনরোষের সৃষ্টি হয় এবং জনগণ সকল বৈধ প্রক্রিয়া অবলম্বন করে ফ্যাসিবাদবিরোধী লড়াই চালিয়ে যায়; এবং

১৬ যেহেতু, সরকারি চাকরিতে বৈষম্যমূলক কোটাব্যবস্থার বিলোপ ও দুর্নীতি প্রতিরোধে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন চলাকালে আওয়ামী লীগ সরকার কর্তৃক ব্যাপক দমন-পীড়ন, বর্বর অত্যাচার ও মানবতাবিরোধী হত্যাকাণ্ড চালানো হয়, যার ফলে সারা দেশে দল-মত নির্বিশেষে ছাত্র-জনতার উত্তাল গণবিক্ষোভ গণঅভ্যুত্থানে রূপ নেয়; এবং

১৭ যেহেতু ফ্যাসিস্ট শক্তির বিরুদ্ধে অদম্য ছাত্র-জনতার অভ্যুত্থানে রাজনৈতিক দল, ধর্মীয়, সামাজিক, সাংস্কৃতিক, পেশাজীবী, শ্রমিক সংগঠনসহ সমাজের সকল স্তরের মানুষ যোগদান করে এবং আওয়ামী ফ্যাসিবাদী বাহিনী রাজপথে নারী-শিশুসহ প্রায় এক হাজার মানুষকে নির্বিচারে হত্যা করে, অগণিত মানুষ পঙ্গুত্ব ও অন্ধত্ব বরণ করে এবং আন্দোলনের চূড়ান্ত পর্যায়ে সামরিক বাহিনীর সদস্যগণ জনগণের গণতান্ত্রিক লড়াইকে সমর্থন প্রদান করে; এবং

১৮ যেহেতু, অবৈধ শেখ হাসিনা সরকারের পতন, ফ্যাসিবাদী ব্যবস্থার বিলোপ ও নতুন রাজনৈতিক বন্দোবস্তের লক্ষ্যে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ডাকে জনগণ অসহযোগ আন্দোলন শুরু করে, পরবর্তী সময়ে ৫ আগস্ট ঢাকা অভিমুখে লংমার্চ পরিচালনা করে এবং ফ্যাসিবাদ বিরোধী আন্দোলনরত সকল রাজনৈতিক দল, ছাত্র-জনতা তথা সর্বস্তরের সকল শ্রেণি, পেশার আপামর জনসাধারণের তীব্র আন্দোলনের চূড়ান্ত পর্যায়ে গণভবনমুখী জনতার উত্তাল যাত্রার মুখে ফ্যাসিস্ট শেখ হাসিনা ৫ আগস্ট ২০২৪ তারিখে পদত্যাগ করে দেশ ছেড়ে পালিয়ে যেতে বাধ্য হয়; এবং

১৯ যেহেতু বাংলাদেশের রাজনৈতিক ও সাংবিধানিক সংকট মোকাবিলায় গণঅভ্যুত্থানের মধ্য দিয়ে ব্যক্ত জনগণের সার্বভৌমত্বের প্রত্যয় ও প্রয়োগ রাজনৈতিক ও আইনি উভয় দিক থেকে যুক্তিসঙ্গত, বৈধ ও আন্তর্জাতিকভাবে স্বীকৃত; এবং

২০ যেহেতু জনগণের দাবি অনুযায়ী এরপর অবৈধ দ্বাদশ জাতীয় সংসদ ভেঙে দেওয়া হয় এবং সংবিধানের ১০৬ অনুচ্ছেদ অনুসারে সুপ্রীম কোর্টের মতামতের আলোকে সাংবিধানিকভাবে ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বে ৮ আগস্ট ২০২৪ তারিখে একটি অন্তর্বর্তীকালীন সরকার গঠন করা হয়; এবং

২১ যেহেতু, বাংলাদেশের সর্বস্তরের জনগণের ফ্যাসিবাদ-বিরোধী তীব্র আকাঙ্ক্ষা এবং ছাত্র-জনতার অভ্যুত্থানের মধ্য দিয়ে ফ্যাসিবাদ, বৈষম্য ও দুর্নীতিমুক্ত সমাজ ও রাষ্ট্র বিনির্মাণের অভিপ্রায় প্রকাশিত হয়;এবং

২২ যেহেতু, বাংলাদেশের জনগণ সুশাসন ও সুষ্ঠু নির্বাচন, ফ্যাসিবাদী শাসনের পুনরাবৃত্তি রোধ, আইনের শাসন এবং অর্থনৈতিক ও সামাজিক ন্যায়বিচার নিশ্চিত করার লক্ষ্যে নিয়মতান্ত্রিক উপায়ে বিদ্যমান সংবিধান ও সকল রাষ্ট্রীয় ও সাংবিধানিক প্রতিষ্ঠানের গণতান্ত্রিক সংস্কার সাধনের অভিপ্রায় ব্যক্ত করছে; এবং

২৩ যেহেতু, বাংলাদেশের জনগণ বিগত ষোলো বছরের দীর্ঘ ফ্যাসিবাদবিরোধী আন্দোলন-সংগ্রাম কালে এবং ২০২৪ সালের জুলাই গণঅভ্যুত্থানকালীন ফ্যাসিস্ট আওয়ামী লীগ সরকার কর্তৃক সংঘটিত গুম-খুন, হত্যা, গণহত্যা, মানবতা বিরোধী অপরাধ ও সকল ধরনের নির্যাতন, নিপীড়ন এবং রাষ্ট্রীয় সম্পত্তি লুণ্ঠনের অপরাধসমূহের দ্রুত উপযুক্ত বিচারের দৃঢ় অভিপ্রায় ব্যক্ত করছে; এবং

২৪ যেহেতু, বাংলাদেশের জনগণ জুলাই গণঅভ্যুত্থানের সকল শহিদদের জাতীয় বীর হিসেবে ঘোষণা করে শহিদদের পরিবার, আহত যোদ্ধা এবং আন্দোলনকারী ছাত্রজনতাকে প্রয়োজনীয় সকল আইনি সুরক্ষা দেওয়ার অভিপ্রায় ব্যক্ত করছে; এবং

২৫ যেহেতু, বাংলাদেশের জনগণ যুক্তিসঙ্গত সময়ে আয়োজিতব্য অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ একটি নির্বাচনের মাধ্যমে গঠিত জাতীয় সংসদে প্রতিশ্রুত প্রয়োজনীয় সাংবিধানিক সংস্কারের মাধ্যমে দেশের মানুষের প্রত্যাশা, বিশেষত তরুণ প্রজন্মের আকাঙ্ক্ষা অনুযায়ী আইনের শাসন ও মানবাধিকার, দুর্নীতি, শোষণমুক্ত, বৈষম্যহীন ও মূল্যবোধসম্পন্ন সমাজ এবং গণতান্ত্রিক রাষ্ট্র ব্যবস্থা প্রতিষ্ঠার অভিপ্রায় ব্যক্ত করছে; এবং

২৬ যেহেতু বাংলাদেশের জনগণ এই প্রত্যাশা ব্যক্ত করছে যে একটি পরিবেশ ও জলবায়ু সহিষ্ণু অন্তর্ভুক্তিমূলক ও টেকসই উন্নয়ন কৌশলের মাধ্যমে বর্তমান ও ভবিষ্যৎ প্রজন্মের অধিকার সংরক্ষিত হবে; এবং

২৭ বাংলাদেশের জনগণ এই অভিপ্রায় ব্যক্ত করছে যে, ছাত্র-গণঅভ্যুত্থান ২০২৪-এর উপযুক্ত রাষ্ট্রীয় ও সাংবিধানিক স্বীকৃতি প্রদান করা হবে এবং পরবর্তী নির্বাচনে নির্বাচিত সরকারের সংস্কারকৃত সংবিধানের তফসিলে এ ঘোষণাপত্র সন্নিবেশিত থাকবে; এবং

২৮ ৫ আগস্ট ২০২৪ সালে গণঅভ্যুত্থানে বিজয়ী বাংলাদেশের জনগণের আকাঙ্ক্ষার প্রতিফলন হিসেবে এই ঘোষণাপত্র প্রনয়ণ করা হলো।



## জুলাই সনদ

গণঅভ্যুত্থানের মধ্য দিয়ে ক্ষমতায় আসীন অন্তর্বর্তী সরকার রাষ্ট্রের বিভিন্ন ক্ষেত্রে সংস্কার আনার উদ্যোগ নেয়। ইতোমধ্যে প্রথম ধাপে গঠন করা ছয়টি সংস্কার কমিশনের সংস্কার প্রস্তাব নিয়ে রাজনৈতিক ঐকমত্য হয়েছে। যেসব সংস্কার প্রস্তাব বাস্তবায়নে রাজনৈতিক দলগুলো ঐকমত্য হয়েছে, সেগুলো নিয়ে তৈরি করা হবে একটি সনদ। এটিই 'জুলাই জাতীয় সনদ'। জাতীয় ঐকমত্য কমিশন এই সনদেরও একটি খসড়া তৈরি করেছে। এটি এখনো চূড়ান্ত হয়নি। জুলাই জাতীয় সনদের খসড়ায় তিনটি ভাগ আছে। প্রথম অংশে রয়েছে এই সনদের পটভূমি। দ্বিতীয় অংশে কোন কোন সংস্কার প্রস্তাবে ঐকমত্য ও সিদ্ধান্ত হয়েছে, তার উল্লেখ। আর তৃতীয় অংশে থাকছে, সনদ তথা সংস্কার প্রস্তাবগুলো বাস্তবায়নের বিষয়ে কিছু সুনির্দিষ্ট অঙ্গীকার। সেখানে বলা আছে, দলগুলো আগামী নির্বাচনের মাধ্যমে সরকার গঠনের পরবর্তী দুই বছরের মধ্যে সংস্কার প্রস্তাবগুলো বাস্তবায়নের অঙ্গীকার করবে।

■ **জুলাই সনদের খসড়া :** ১৬ আগস্ট ২০২৫ রাজনৈতিক দলগুলোর কাছে জুলাই সনদের সমন্বিত খসড়া প্রেরণ করে জাতীয় ঐকমত্য কমিশন। চূড়ান্ত খসড়ায় সনদের পটভূমি, রাজনৈতিক ঐকমত্য হওয়া ৮৪টি বিষয় এবং বাস্তবায়নের ৮টি অঙ্গীকারনামা রয়েছে। সনদের চূড়ান্ত খসড়াকে ৩টি ভাগে ভাগ করা হয়েছে, যার মধ্যে প্রথম ভাগে জুলাই সনদের পটভূমি, সংস্কার কমিশন গঠন, জাতীয় ঐকমত্য কমিশন গঠন এবং কমিশনের কার্যক্রমের বিষয়ে বর্ণনা বর্ণিত রয়েছে। দ্বিতীয় ভাগে ঐকমত্য হওয়া বিষয়গুলো এবং সর্বশেষ ভাগে রয়েছে জুলাই জাতীয় সনদ বাস্তবায়নের অঙ্গীকারনামা, যেখানে ৯টি ধারায় অঙ্গীকারগুলো উল্লেখ রয়েছে। জুলাই সনদের বৈধতা নিয়ে আদালতের নিকট কোনো প্রশ্ন তোলা যাবে না।

নামিবিয়ার কেন্দ্রীয় ব্যাংকের নাম Bank of Namibia (BoN)

Scanned with CamScanner

আত্মনির্ভরশীলতা মানেই জীবনের নিরাপত্তা

চাকরি প্রত্যাশীদের জন্য প্রফেসর'স প্রকাশন
২০২৫ সংস্করণের বই

**বিসিএস**
বিসিএস প্রিলি. ডাইজেস্ট
বিসিএস প্রিলি. প্রশ্নব্যাংক
বিসিএস প্রিলি. সিলেক্টেড মডেল টেস্ট
বিসিএস প্রিলি. বিশেষ সংখ্যা
বিসিএস ভাইভা সহায়িকা
বিসিএস লিখিত প্রশ্নসমাধানসহ
বিসিএস প্রিলি.
এবং বিসিএস লিখিত পরীক্ষার
বিষয়ভিত্তিক সকল বই

**বিসিএস ও অন্যান্য চাকরি**
JOB SOLUTION
Recent Job Solution
English for Competitive Exams
নন ক্যাডার লিখিত
নন-ক্যাডার MCQ
Recent Non-Cadre & Other Gov. Exam
গণিত স্পেশাল
নতুন বিশ্ব [সাধারণ জ্ঞান]
অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর
খাদ্য অধিদপ্তর নিয়োগ সহায়িকা
সহকারী উপজেলা শিক্ষা অফিসার
পেট্রোবাংলা প্রশ্নসমাধান

বাংলাদেশ বিদ্যুৎ বিভাগ নিয়োগ সহায়িকা
কৃষি মন্ত্রণালয় নিয়োগ সহায়িকা
সাব-রেজিস্ট্রার নিয়োগ সহায়িকা
সমাজসেবা অধিদপ্তর নিয়োগ সহায়িকা
রেলওয়ে নিয়োগ সহায়িকা
অডিটর নিয়োগ সহায়িকা
পুলিশ কনস্টেবল নিয়োগ সহায়িকা
সাব ইন্সপেক্টর পুলিশ সার্জেন্ট নিয়োগ সহায়িকা
উপসহকারী কৃষি কর্মকর্তা

**ব্যাংক**
Key to Govt. Bank Job
Key to Private Bank Job
Bank Model Test
Bank Written Text
Recent Bank Job Solution
ISLAMI BANK Recruitment Test
Bankers Recruitment Text
BIBM of Other Faculty Based Bank Question Solution
Bank Written BIBM & Others Facilty
Viva for Bank Job
Bank Math Solution

**প্রাথমিক সহকারী শিক্ষক**
প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ সহায়িকা
প্রাথমিক শিক্ষক নিয়োগ প্রশ্নব্যাংক
প্রাথমিক শিক্ষক নিয়োগ মডেল টেস্ট
প্রাথমিক শিক্ষক ভাইভা সহায়িকা

**শিক্ষক-প্রভাষক নিবন্ধন**
বেসরকারি শিক্ষক নিবন্ধন সহায়িকা
বেসরকারি প্রভাষক নিবন্ধন সহায়িকা
শিক্ষক-প্রভাষক নিবন্ধন প্রশ্নব্যাংক
শিক্ষক-প্রভাষক নিবন্ধন মডেল টেস্ট
শিক্ষক-প্রভাষক বিষয়ভিত্তিক ভাইভা সহায়িকা

**স্বাস্থ্য**
সিনিয়র স্টাফ নার্স ও মিডওয়াইফ নিয়োগ সহায়িকা
নার্সিং ও মিডওয়াইফ ভর্তি সহায়িকা
নার্সিং ভর্তি প্রশ্নব্যাংক
নার্সিং নিয়োগ প্রশ্নব্যাংক
স্বাস্থ্য সহকারী নিয়োগ সহায়িকা
পরিবার পরিকল্পনা নিয়োগ সহায়িকা

প্রফেসর'স প্রকাশন
তথ্যের পৃথিবী। উন্মুক্ত জীবন
যোগাযোগ : ৫৭১৬৫১২৯, ০১৩২৪২৫৪৬১৮

বাংলাদেশের একমাত্র সর্ববৃহৎ.. গাইড ও সীট ফ্রি

NUCC

জাতীয় বিশ্ববিদ্যালয় ভর্তি কোচিং

Estd. 2005

হেড অফিস: ১২৮, মতিঝিল সি/এ, মালিক ম্যানসন (৪র্থ তলা) ঢাকা-১০০০। মোবা: ০১৭১২-৭১৪৮৩০
২য় অফিস: মেইন রোড NUCC ভবন (২য় তলা), দৌলতপুর, খুলনা। মোবা: ০১৯৭২-৭১৪৮৩০

সারা দেশে শাখা বরাদ্দ চলছে

আমাদের শাখা সমূহ

| | | | | |
|---|---|---|---|---|
| দৌলতপুর: ০১৯১১৩৬৯৪১৬ | রংপুর: ০১৭১৫৬০০০০০ | রাজশাহী: ০১৭১৬০৯১৯১৯ | বরিশাল: ০১৯০৮০০০৭৮৯ | সিলেট-১: ০১৭৯৯২৩২৩২৭ |
| খুলনা: ০১৯২১৩৮১৮৮১ | টাঙ্গাইল: ০১৭০৬৭৮০২০৬ | নাটোর: ০১৭২৪৯৪৩৫৩৫ | চট্টগ্রাম: ০১৯৭৩৪৪৮৮৩৮ | সিলেট-২: ০১৭৯৯২৩২৩২৭ |
| বয়রা: ০১৯২৫৩১৫৮৮৭ | গাজীপুর: ০১৭০৮০৯১৯১০ | নওগাঁ: ০১৩১১৯৮৯৭৭৫ | কক্সবাজার: ০১৮৪৩৫৯৯১৯১ | হবিগঞ্জ: ০১৭৬০৫৯৫৫৯৫ |
| গল্লামারী: ০১৬২৪১৫৭৪৭৪ | নরসিংদী: ০১৯২৩৪৬২৮৭৪ | জয়পুরহাট: ০১৭০৪২৭৫০৭৭ | কুমিল্লা: ০১৬১৯৩২৪৬৩২ | মৌলভীবাজার ০১৭১২৪১১৭২৮ |
| সাতক্ষীরা: ০১৭১১৭৪৮২৭৩ | নারায়ণগঞ্জ: ০১৯২২৪২১৬২৫ | চাঁপাইনবাবগঞ্জ: ০১৬১০০৭৮৯৬৯ | ফেনী: ০১৯৭৩৪৪৮৮৩৮ | সিরাজগঞ্জ: ০১৭১২৬১৬১৪৩ |
| শ্যামনগর: ০১৯৩৬৮০৬০৭৮ | মানিকগঞ্জ: ০১৭১৪৫৫৩৫৯৯ | দিনাজপুর: ০১৭০৮৩৪০৯৮৫ | নোয়াখালী: ০১৬১৯৩২৪৬৩২ | জকিগঞ্জ: ০১৭৯৯২৩২৩২৭ |
| তালা: ০১৭৩৫১২৬৯৮৪ | যশোর: ০১৭১২৬২০৫১৫ | ফুলবাড়ী: ০১৭১৯৪৫৪৬৬৮ | ময়মনসিংহ: ০১৭১২৪৫৫৬৯৫ | বিয়ানিবাজার: ০১৭৪৩১৫৪৪৮৮ |
| পাটকেলঘাটা: ০১৭১১২৪১০৬৩ | ঝিনাইদহ: ০১৭১২২১৯৭০৮ | বগুড়া: ০১৭৪০৬৪০৭০৩ | ফুলবাড়ীয়া: ০১৭১৬৩৭০৭৭৭ | সুনামগঞ্জ: ০১৮১১১২৭১২৮ |
| চুকনগর: ০১৯১২৪৪৮১৬৬ | নড়াইল: ০১৬১৫২৩৯৯৯৮ | পাবনা: ০১৭৩৩২৯৩৯৪৯ | লক্ষ্মীপুর: ০১৬১৯৩২৪৬৩২ | কিশোরগঞ্জ: ০১৭১২-৭৫০০৩১ |
| কেশবপুর: ০১৯২৪৭৫০৭১৮ | মাগুরা: ০১৯২২৪০৪০৪৮ | ঈশ্বরদী: ০১৫২১৪২০২৭৪ | নীলফামারী: ০১৭২৩০৮২০০৩ | বাজিতপুর: ০১৭৮৩৫৮৭১৩১ |
| মনিরামপুর: ০১৮৮৬৭০৯৩১৪ | চুয়াডাঙ্গা: ০১৭৩৬৩৬৪৪০০ | চাটমোহর: ০১৭১৪৮০১৮২৮ | হাতিবান্ধা: ০১৭১৫৯৪৯৫২৩ | কুড়িগ্রাম: ০১৭১৬-৩৫৩৪৪৫ |
| রায়েন্দা: ০১৭২২৯৭৮৭০০ | সরোজগঞ্জ: ০১৭৪৬৯৩৪৮৭৩ | ঠাকুরগাঁও: ০১৭০৮৪০০৭৫২ | ধাপেরহাট: ০১৭৭৩৮৫৯৮০৩ | গলাচিপা: ০১৭৩৪৩৪৮৭৪০ |
| নওয়াপাড়া: ০১৭১১৪০০০৪৫ | বিরামপুর: ০১৯৭৬৮৭৬৯৩৭ | শিবগঞ্জ: ০১৭৪০৮৬৮৬২৬ | পঞ্চগড়: ০১৭৩৮০০১৫৬১ | নালিতাবাড়ী: ০১৭৬৮১৫৩৪১৮ |


নামিবিয়ার সরকার পদ্ধতি প্রেসিডেন্ট শাসিত

Scanned with CamScanner



# আর্মেনিয়া-আজারবাইজান শান্তি চুক্তি

**নাগার্নো-কারাবাখ অঞ্চলটি নিয়ে আজারবাইজান এবং আর্মেনিয়ার বিরোধ অনেক পুরোনো। ৮ আগস্ট ২০২৫ যুক্তরাষ্ট্রের হোয়াইট হাউসে আর্মেনিয়া ও আজারবাইজানের মধ্যে শান্তি চুক্তি স্বাক্ষরিত হয়**

## নাগার্নো-কারাবাখ

দক্ষিণ ককেশাসের বিতর্কিত অঞ্চল নাগার্নো-কারাবাখ। অঞ্চলটি নিয়ে প্রতিবেশী দুই দেশ আজারবাইজান-আর্মেনিয়ার বিরোধ অনেক পুরোনো। স্থলবেষ্টিত অঞ্চল নাগার্নো-কারাবাখের আয়তন ৪,৪০০ বর্গকিলোমিটার। ১৯১৭ সালে রুশ বিপ্লবের পর কারাবাখ ট্রান্সককেশীয় গণতান্ত্রিক ফেডারেটিভ রিপাবলিকের অংশে পরিণত হয়। প্রথম বিশ্বযুদ্ধের পর ব্রিটিশ সেনারা কারাবাখ দখল করে নেয়। পরবর্তীতে আর্মেনিয়া, আজারবাইজান এবং জর্জিয়াকে নিয়ে গঠন করা হয় Transcaucasian Socialist Federative Soviet Republic (TSFSR)। ৭ জুলাই ১৯২৩ তৎকালীন সোভিয়েত শাসক জোসেফ স্ট্যালিন নাগার্নো-কারাবাখকে স্বায়ত্তশাসিত অঞ্চলে পরিণত করে আজারবাইজানের সাথে জুড়ে দিয়ে নাম দেন Nagorno-Karabakh Autonomous Oblast (NKAO)। ৫ ডিসেম্বর ১৯৩৬ TSFSR বিলুপ্ত করে আজারবাইজান, জর্জিয়া ও আর্মেনিয়াকে তিনটি আলাদা প্রজাতন্ত্রে রূপান্তর করা হয়। ১৩ ফেব্রুয়ারি ১৯৮৮ আর্মেনীয়রা নাগার্নো-কারাবাখকে আর্মেনিয়া প্রজাতন্ত্রের সাথে একীভূতকরণের জন্য বিক্ষোভ শুরু করে। ২৬ নভেম্বর ১৯৯১ NKAO বিলুপ্ত হয় এবং আজারবাইজান অঞ্চলটির প্রত্যক্ষ নিয়ন্ত্রণ নেয়। সোভিয়েত ইউনিয়নের পতনের পর ১০ ডিসেম্বর ১৯৯১ নাগার্নো-কারাবাখে একটি গণভোট অনুষ্ঠিত হয়। রাশিয়ার মধ্যস্থতায় ৫ মে ১৯৯৪ দুই পক্ষের মধ্যে Bishkek Protocol নামে একটি যুদ্ধবিরতির চুক্তি স্বাক্ষরিত হয়, যা ১২ মে ১৯৯৪ কার্যকর হয়।

## সাম্প্রতিক চুক্তি

আর্মেনিয়া ও আজারবাইজানের মধ্যে প্রায় চার দশক ধরে চলা সংঘাত অবসানে ২০২৫ সালের জুলাইয়ে আবুধাবিতে এক বৈঠকে মিলিত হন আজারবাইজানের প্রেসিডেন্ট ইলহাম আলিয়েভ ও আর্মেনিয়ার প্রধানমন্ত্রী নিকোল পাশিনিয়ান। সেখানে তারা সম্পর্ক স্বাভাবিক করার প্রচেষ্টা নিয়ে আলোচনা করেন। পরবর্তীতে হোয়াইট হাউসে ৮ আগস্ট ২০২৫ যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের উপস্থিতিতে একটি শান্তিচুক্তি হয়। এ চুক্তিটি মূলত, একটি বাণিজ্য ও পরিবহন রুট স্থাপনকে কেন্দ্র করে— যা আর্মেনিয়ার ভেতর দিয়ে আজারবাইজানকে তার নাখচিভান এক্সক্লেভের (বিচ্ছিন্ন ভূখণ্ড) সঙ্গে যুক্ত করবে এবং নাম দেওয়া হয় 'ট্রাম্প করিডোর'। আর্মেনিয়া ৩২ কিলোমিটার দীর্ঘ একটি সংযোগ পথের উন্নয়নের দায়িত্ব যুক্তরাষ্ট্রকে দেওয়ার পরিকল্পনা করেছে। 'ট্রাম্প রুট ফর ইন্টারন্যাশনাল পিস অ্যান্ড প্রসপারিটি' নামে এই পথটির মাধ্যমে পশ্চিমের সাথে যোগাযোগের সুযোগ তৈরি হবে।

## ট্রাম্প করিডোর

'ট্রাম্প রুট ফর ইন্টারন্যাশনাল পিস অ্যান্ড প্রসপারিটি' নামের এই করিডোর মূলত আর্মেনিয়ার দক্ষিণ অংশের সিউনিক প্রদেশের মধ্য দিয়ে আজারবাইজানকে তার নাখচিভান প্রদেশের সঙ্গে সরাসরি যুক্ত করবে। এরপর নাখচিভান থেকে এটি তুরস্কের সঙ্গে যুক্ত হবে। এই চুক্তির মাধ্যমে আর্মেনিয়ার দক্ষিণাঞ্চলের ৩২ কিলোমিটার দীর্ঘ করিডোর ৯৯ বছরের জন্য যুক্তরাষ্ট্রকে ইজারা দেয়, যাতে কাস্পিয়ান সাগর পর্যন্ত একটি ন্যাটো করিডোর স্থাপন করা যায়। প্রস্তাবিত করিডোরটি এতদিন 'জাঙ্গেজুর করিডোর' নামে পরিচিত ছিল।

## গুরুত্বপূর্ণ কিছু তথ্য

- ককেশাস অঞ্চলের নাগার্নো-কারাবাখ হচ্ছে আজারবাইজানের ভেতরে পার্বত্য অঞ্চল। কিন্তু আর্মেনিয়া সরকারের পৃষ্ঠপোষকতা নিয়ে তা নিয়ন্ত্রণ করছে জাতিগত আর্মেনীয়রা।
- রাশিয়াকে সবসময় আর্মেনিয়ানদের আর তুরস্ককে আজারবাইজানের মিত্র হিসেবে ভূমিকা রাখতে দেখা গেছে।
- আর্মেনিয়ার বেশির ভাগ জনগোষ্ঠী খ্রিষ্টান। অন্যদিকে তেলসমৃদ্ধ আজারবাইজান মুসলিম-অধ্যুষিত।

## FACT FILE

অফিসিয়াল নাম : Republic of Artsakh or Nagorno-Karabakh Republic (NKR) • ভৌগোলিক সীমা : পশ্চিমে আর্মেনিয়া, দক্ষিণে ইরান, উত্তর ও পূর্বে আজারবাইজান • রাজধানী : স্তেপানকার্ত (Stepanakert) • দাপ্তরিক ভাষা : আর্মেনীয় • সরকার ব্যবস্থার ধরন : Unitary Semi-presidential republic • স্বাধীনতা ঘোষণা : ২ সেপ্টেম্বর ১৯৯১ • জনসংখ্যা : ১,২০,০০০ (২০২১ সাল পর্যন্ত) • নৃতাত্ত্বিকজাতি : আর্মেনিয়ান, রাশিয়ান, ইউক্রেনীয়, গ্রিক, জর্জিয়ান, আজারবাইজানীয়, বেলারুশিয়ান ইত্যাদি • মুদ্রা : আর্মেনিয়ান ড্রাম (Armenian Dram-AMD)। বর্তমানে আজারবাইজান অঞ্চলটিকে নিয়ন্ত্রণ করছে।

নামিবিয়ার বর্তমান প্রেসিডেন্ট Ndemupelila Netumbo Nandi-Ndaitwah

Scanned with CamScanner



# বিশ্ব পরিক্রমা

## স্বাস্থ্যকর শহর মদিনা

পবিত্র নগরী মদিনাকে 'স্বাস্থ্যকর শহর' হিসেবে আনুষ্ঠানিক স্বীকৃতি দেয় বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO)। ৩১ জুলাই ২০২৫ সৌদি স্বাস্থ্যমন্ত্রী ফাহাদ আল জালাজেলের কাছ থেকে আনুষ্ঠানিক স্বীকৃতি সনদ গ্রহণ করেন মদিনা অঞ্চলের গভর্নর প্রিন্স সালমান বিন সুলতান। ২০২১ সালের পর দ্বিতীয়বারের মতো এই স্বীকৃতি দেওয়া হয়। WHO'র স্বীকৃতি পাওয়ার জন্য কোনো শহরকে অবশ্যই নির্ধারিত ৮০টি মানদণ্ড পূরণ করতে হয়। এর মধ্যে রয়েছে— জনস্বাস্থ্যের জন্য উন্মুক্ত পার্ক, হাঁটার উপযোগী স্থান, প্রাথমিক চিকিৎসাকেন্দ্র, শিক্ষাপ্রতিষ্ঠান এবং স্বাস্থ্যসেবামূলক অবকাঠামো।

## বৃহত্তম তেল-গ্যাসক্ষেত্র আবিষ্কার

বিশ্বের অন্যতম বৃহৎ জ্বালানি উৎপাদনকারী কোম্পানি বিপি (ব্রিটিশ পেট্রোলিয়াম) সবচেয়ে বড় তেল ও গ্যাস খনি আবিষ্কার করে। নবায়নযোগ্য জ্বালানি থেকে জীবাশ্ম জ্বালানির দিকে মনোযোগী হওয়ার অংশ হিসেবে তাদের এই আবিষ্কার। ৪ আগস্ট ২০২৫ কোম্পানিটি জানায়, ব্রাজিলের পূর্ব উপকূল থেকে ৪০০ কিলোমিটার দূরে এবং প্রায় ২,৪০০ মিটার পানির নিচে সান্তোস বেসিনের বুমেরাং ব্লকের এলাকা জুড়ে তেল ও গ্যাসের অস্তিত্ব পায় তারা। গত ২৫ বছরে এটি বিপির সবচেয়ে বড় আবিষ্কার।

## সৌরশক্তিচালিত উড়োজাহাজ

১৩ আগস্ট ২০২৫ সৌরশক্তিচালিত বিমানে মানব অভিযাত্রীদে মধ্যে সর্বোচ্চ উচ্চতায় পৌঁছে নতুন বিশ্ব রেকর্ড গড়ে সুইজারল্যান্ডের অভিযাত্রী রাফায়েল ডমজান। তিনি দক্ষিণ-পশ্চিম সুইজারল্যান্ডের সিওন শহর থেকে উড্ডয়ন করে আল্পস পর্বতমালা অতিক্রম করেন এবং ৯,৫২১ মিটার উচ্চতায় পৌঁছান। ৫ ঘণ্টা ৯ মিনিটের এ যাত্রায় উষ্ণ বাতাসের ঊর্ধ্বমুখী স্রোতও তাকে সহায়তা করে। রাফায়েল যে উচ্চতায় উঠেন, তা ২০১০ সালে সুইস সৌরবিমানের অগ্রদূত আন্দ্রে বোর্শবার্গ ও বের্ট্রান্ড পিকার্ডের ৯,২৩৫ মিটার উচ্চতায় পৌঁছানোর রেকর্ডকেও ছাড়িয়ে গেছে।

## কলকাতায় প্রথম লোকাল এসি ট্রেন



১০ আগস্ট ২০২৫ ভারতের পশ্চিমবঙ্গের রাজধানী কলকাতায় প্রথমবারের মতো শীতাতপ নিয়ন্ত্রিত লোকাল ট্রেন চালু হয়। শিয়ালদহ থেকে নদীয়া জেলার রানাঘাট পর্যন্ত ট্রেনটি চলতে সময় লাগে ১.২০ ঘণ্টা। টিকিট কাটা যায় সাপ্তাহিক, পাক্ষিক ও মাসিক। ট্রেনটি এই লাইনের সব স্টেশনে থামে না। যাত্রীরা বিধাননগর, দমদম, সোদপুর, খড়দা, বারাকপুর, নৈহাটি, কাচড়াপাড়া, কল্যানী ও রানাঘাটে ওঠানামা করতে পারেন। ট্রেনটিতে প্রতি ট্রিপে প্রায় ১,১২৬ জন যাত্রী চলাচল করতে পারেন।



## মোদির প্রধানমন্ত্রিত্বের রেকর্ড

২৫ জুলাই ২০২৫ ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দেশটির ইতিহাসে নতুন রেকর্ড গড়েন। তিনি সাবেক প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীকে টপকে একটানা প্রধানমন্ত্রী থাকার তালিকায় দ্বিতীয় স্থানে চলে আসেন। স্বাধীনতার পর থেকে ১৯৬৪ পর্যন্ত প্রধানমন্ত্রী ছিলেন জওয়াহেরলাল নেহরু। একটানা ১৬ বছর ২৮৬ দিন প্রধানমন্ত্রী ছিলেন তিনি। নেহরুর পর টানা প্রধানমন্ত্রী থাকার নজির ছিল ইন্দিরা গান্ধীর। প্রথম দফায় তিনি ১১ বছর ৫৯ দিন প্রধানমন্ত্রী ছিলেন।

**ভারতের দীর্ঘমেয়াদি প্রধানমন্ত্রীগণ**

| নাম | সময়কাল | দিন ও বছর |
|---|---|---|
| জওয়াহেরলাল নেহরু | ১৫ আগস্ট ১৯৪৭-২৭ মে ১৯৬৪ | ১৬ বছর ২৮৬ দিন |
| নরেন্দ্র মোদি | ২৬ মে ২০১৪-বর্তমান | ১১ বছর ৮৫ দিন* |
| ইন্দিরা গান্ধী | ২৪ জানুয়ারি ১৯৬৬-২৪ মার্চ ১৯৭৭ | ১১ বছর ৫৯ দিন |
| মনমোহন সিং | ২২ মে ২০০৪-২৬ মে ২০১৪ | ১০ বছর ৪ দিন |
| অটলবিহারি বাজপেয়ি | ১৯ মার্চ ১৯৯৮-২২ মে ২০০৪ | ৬ বছর ৬৪ দিন |

* নরেন্দ্রে মোদি বর্তমানে ক্ষমতায় রয়েছেন।

নামিবিয়ার প্রথম নারী প্রেসিডেন্ট Ndemupelila Netumbo Nandi-Ndaitwah

Scanned with CamScanner

## দ্বিরাষ্ট্রীয় সমাধানে জাতিসংঘ সম্মেলন

ফিলিস্তিন ও ইসরায়েলের মধ্যে দ্বিরাষ্ট্রভিত্তিক সমাধানের আলোচনা পুনরায় শুরুর লক্ষ্যে ২৮-৩০ জুলাই ২০২৫ জাতিসংঘে সম্মেলন অনুষ্ঠিত হয়। এ সম্মেলনের সহ-আয়োজক ফ্রান্স ও সৌদি আরব।

২৯ নভেম্বর ১৯৪৭ ইহুদিদের জন্য ইসরায়েল এবং আরবদের জন্য ফিলিস্তিন রাষ্ট্র প্রতিষ্ঠার সিদ্ধান্ত হয়। সে অনুযায়ী ১৪ মে ১৯৪৮ ইসরায়েলকে রাষ্ট্র ঘোষণা করা হয়। তবে স্বাধীন ফিলিস্তিন রাষ্ট্র কখনো আলোর মুখ দেখেনি।

■ **সম্মেলনের ঘোষণাপত্র :** সম্মেলন চলাকালে গৃহীত সাত পৃষ্ঠার একটি ঘোষণাপত্র প্রকাশ করা হয়। উল্লেখযোগ্য কয়েকটি হলো—

- বিশ্বের যেসব দেশ এখনো ফিলিস্তিনকে রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দেয়নি, তাদেরকে ফিলিস্তিনকে স্বীকৃতি দিতে আহ্বান জানানো হয়।
- স্পেন, নরওয়ে, ফিনল্যান্ডসহ ১৫টি দেশ দ্বিরাষ্ট্র সমাধানের দৃষ্টিভঙ্গির প্রতি দেশগুলোর অঙ্গীকারের কথা জানায়।
- ফিলিস্তিনের গাজায় চলমান ধ্বংসাত্মক যুদ্ধ বন্ধে যুদ্ধবিরতি এবং এ ভূখণ্ডে হামাসের শাসনের অবসান ঘটানো ও সংগঠনটিকে নিরস্ত্রীকরণের আহ্বান জানায় ১৭টি দেশ, ইউরোপীয় ইউনিয়ন ও আরব লিগ।
- গাজায় যুদ্ধ বন্ধে হামাসকে আন্তর্জাতিক অংশগ্রহণ ও সমর্থনের মাধ্যমে ফিলিস্তিনি কর্তৃপক্ষের কাছে অস্ত্র সমর্পণ করতে হবে।
- ৭ অক্টোবর ২০২৩ ইসরায়েলে হামাসের হামলারও নিন্দা জানানো হয়।

## ইসরায়েলের সঙ্গে অস্ত্র বাণিজ্য নিষিদ্ধ

৩১ জুলাই ২০২৫ ইউরোপীয় ইউনিয়নের (EU) প্রথম দেশ হিসেবে স্লোভেনিয়া ইসরায়েলের সঙ্গে অস্ত্র আমদানি, রপ্তানি ও পরিবহনে নিষেধাজ্ঞা আরোপ করে। গাজা যুদ্ধের প্রেক্ষাপটে স্লোভেনিয়া ইসরায়েলের বিরুদ্ধে এমন পদক্ষেপ নেয়। নতুন এই সিদ্ধান্তের ফলে স্লোভেনিয়ার ভূখণ্ড দিয়ে ইসরায়েলমুখী কোনো সামরিক অস্ত্র ও সরঞ্জাম পরিবহন করা যাবে না। দেশটি গত ২০২৩ সালের অক্টোবর থেকেই ইসরায়েলে অস্ত্র ও অন্যান্য সাজ-সরঞ্জাম রপ্তানির অনুমোদন দেওয়া বন্ধ রেখেছে। তাছাড়া ২০২৫ সালের জুলাই মাসের শুরুর দিকে স্লোভেনিয়া EU'র প্রথম দেশ হিসেবে ইসরায়েলের দুই কট্টর-ডানপন্থি মন্ত্রীর প্রবেশ নিষিদ্ধ করে। উল্লেখ্য, ৪ জুন ২০২৪ স্লোভেনিয়া ফিলিস্তিনকে রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দেয়।

## আরবি ইসলামী জ্ঞানার্জন বাধ্যতামূলক

ইসরায়েলি প্রতিরক্ষা বাহিনীর (IDF) গোয়েন্দা শাখা 'আমান' নিজেদের মধ্যে ব্যাপক সংস্কার আনছে। এরই অংশ হিসেবে এখন থেকে সকল গোয়েন্দা সদস্যের জন্য আরবি ভাষা ও ইসলামী সংস্কৃতি বিষয়ক প্রশিক্ষণ বাধ্যতামূলক করা হয়। মূলত, ৭ অক্টোবর ২০২৩ হামাসের আকস্মিক হামলার পর গোয়েন্দা তথ্য বিশ্লেষণে ঘাটতির কারণে এমন পদক্ষেপ নেয় সংস্থাটি। শুধু মাঠ পর্যায়ের গোয়েন্দাই নয়, যেসব সদস্য সাধারণত প্রযুক্তিগত বা লজিস্টিক দায়িত্বে থাকেন, তাদেরও এই প্রশিক্ষণের আওতায় আনা হচ্ছে। পাশাপাশি চালু করা হচ্ছে 'টেলেম' নামের সেই শিক্ষা বিভাগ, যা ইসরায়েলি স্কুলে আরবি ও মধ্যপ্রাচ্য বিষয়ক পাঠদান করত। ছয় বছর আগে বাজেট সংকটে বিভাগটি বন্ধ হয়ে যায়।

## ভারত-পাকিস্তানে মেঘ ভাঙা বৃষ্টি



২০২৫ সালের আগস্টে ভারত ও পাকিস্তানের মেঘ-ভাঙা বৃষ্টির কারণে ৬০০-এর অধিক মানুষ নিহত হয়। পাকিস্তান শাসিত কাশ্মীরে ভূমিধ্বসে নীলম ও ঝিলম উপত্যকায় প্রায় ৫০০ পর্যটক আটকে পড়ে। এছাড়াও মেঘ ভাঙা বৃষ্টি এবং অকস্মাৎ বন্যার জেরে বিধ্বস্ত ভারতের উত্তরাখণ্ড রাজ্যের উত্তরকাশী। তীব্র বেগে ধেয়ে আসা ক্ষীরগঙ্গা নদীর জল এবং সঙ্গে বয়ে আসা বড় পাথর আর কাদার স্রোতের প্রভাবে কার্যত নিশ্চিহ্ন হয়ে যায় উত্তরকাশীর ধরালি গ্রামের বিস্তীর্ণ অংশ। ব্যাপক ক্ষতি হয় হর্ষিল উপত্যকা সংলগ্ন অঞ্চলে।

**মেঘ ভাঙা বৃষ্টি :** কোনো ছোট এলাকায় (১-১০ কিলোমিটার বিস্তৃত) এক ঘণ্টায় ১০ সেন্টিমিটার বা তার বেশি বৃষ্টিপাত হলে সেই ঘটনাকে মেঘ ভাঙা (Cloudburst) বলে চিহ্নিত করা হয়। ক্লাউডবার্স্ট-এর কারণে অতি ভারী বৃষ্টি দেখা যায়। এই জাতীয় বৃষ্টির ফলে পার্বত্য অঞ্চলে প্রায়শই ফ্ল্যাশ ফ্লাড বা আকস্মিক বন্যা এবং ভূমিধস দেখা যায়।

**বিশ্বের শীর্ষ ৫ মেঘ ভাঙা বৃষ্টি**

| সময় | মিলিমিটার | স্থান | সময় |
|---|---|---|---|
| ২৪ ঘণ্টা | ১,৮৭০ | লা রিইউনিয়ন, ফ্রান্স* | মার্চ ১৯৫২ |
| ১২ ঘণ্টা | ১,১৪৪ | লা রিইউনিয়ন, ফ্রান্স* | ৮ জানুয়ারি ১৯৬৬ |
| ৬ ঘণ্টা | ৮৩০ | হেনান, চীন | ৭ আগস্ট ১৯৭৫ |
| ২ ঘণ্টা | ৪৯০ | ইনার মঙ্গোলিয়া, চীন | ১৯ জুলাই ১৯৭৫ |

* ফ্রান্সের ভারত-মহাসাগরীয় দ্বীপ।



Scanned with CamScanner

## বিশ্বের দীর্ঘতম ঝুলন্ত সেতু




বিশ্বের দীর্ঘতম ঝুলন্ত সেতু নির্মাণ করছে ইতালি। ৬ আগস্ট ২০২৫ দেশটির মন্ত্রিসভা সেতুটির নির্মাণ কাজের আনুষ্ঠানিক অনুমোদন দেয়। ৩.৬ কিমি দৈর্ঘ্যের সেতুটি নির্মাণে ব্যয় হবে ১৫.৫ বিলিয়ন মার্কিন ডলার (১৩.৫ বিলিয়ন ইউরো)। 'মেসিনা স্ট্রেইট ব্রিজ' নামের সেতুটি সিসিলি দ্বীপকে দেশটির মূল ভূখণ্ডের সঙ্গে সড়ক ও রেলপথে যুক্ত করবে। পরিকল্পনা অনুযায়ী, সেতুর মাঝখানে দুটি রেললাইন ও উভয় পাশে তিনটি করে যানবাহন চলাচলের রাস্তা (লেন) তৈরি করা হবে। ঝুলন্ত সেতুটি দুই প্রান্তে দুটি ৩৯৯ মিটার উঁচু টাওয়ারের মাধ্যমে যুক্ত থাকবে, যা একটি নতুন বিশ্বরেকর্ড সৃষ্টি করবে। ২০৩৩ সালের মধ্যে সেতুর নির্মাণকাজ শেষ হবে। সেতুটি নির্মাণে আধুনিক প্রকৌশল প্রযুক্তি ব্যবহৃত হবে। ফলে প্রবল হাওয়া ও ভূমিকম্প সহ্য করতে সক্ষম হবে এটি।

## অ-পারমাণবিক বোম

২২-২৭ জুলাই ২০২৫ ইস্তানবুলে অনুষ্ঠিত আন্তর্জাতিক প্রতিরক্ষা শিল্পমেলা (IDEF) তুরস্ক সবচেয়ে শক্তিশালী অ-পারমাণবিক বোমা 'গাজাপ' (Gazap) উন্মোচন করে। ২,০০০ পাউন্ড বা প্রায় ৯৭০ কেজি ওজনে বোমাটি তৈরি করে তুরস্কের জাতীয় প্রতিরক্ষা মন্ত্রণালয়ের গবেষণা উন্নয়ন কেন্দ্র (R&D) Centre। 'গাজাপ' বোমাটি বর্তমানে প্রচলি স্ট্যান্ডার্ড এমকে সিরিজ ঘরানার এবং এই ঘরানার যত বোমা বর্তমা পৃথিবীতে প্রচলিত রয়েছে, সেগুলোর তুলনায় তিনগুণ বেশি শক্তিশালী সাধারণ স্ট্যান্ডার্ড এমকে সিরিজের বোমায় ফ্র্যাগমেন্টেশন বা বিস্ফোর উপাদান থাকে প্রতি মিটারে ৩.২, আর গাজাপে প্রতি মিটারে বিস্ফোর উপাদানের অনুপাত ১০.১৬। ফলে বিস্তীর্ণ এলাকা জুড়ে ধ্বংসযজ্ঞ চালাতে সক্ষম গাজাপ। সব যুদ্ধবিমান থেকে এই বোমা নিক্ষেপ কর যাবে না। শুধু এফ ১৬ ফাইটার জেট যুদ্ধবিমান থেকেই ছোড়া যাবে।

## পত্রিকার 'সর্বশেষ' হকারকে জাতীয় সম্মাননা



ফ্রান্সের রাজধানী প্যারিসের রাস্তা সংবাদপত্র বিক্রি করে অর্ধশতকে বেশি সময় পার করা আলী আকবরকে দেশটির অন্যতম সর্বোচ্চ বেসামরিক সম্মান 'অর্ডার অব মেরিট' দেওয় হয়। ২০২৫ সালের সেপ্টেম্বরে আলী আকবরকে এ সম্মানন দেওয়া হবে। ফরাসি সংস্কৃতিতে বিশেষ অবদানের জন্য তিনি এ সম্মানন পাচ্ছেন। ব্যতিক্রমী এই স্বীকৃতি দেবেন দেশটির প্রেসিডেন্ট ইমানুয়েল মাখোঁ। ছাত্রাবস্থায় আলী আকবরের কাছ থেকেই পত্রিকা কিনতেন তিনি হারিয়ে যেতে বসা পেশা পত্রিকার হকারি প্যারিসে এখন একমাত্র তিনিই ধরে রেখেছেন। অর্থাৎ প্যারিস তথা পুরো ফ্রান্সে পত্রিকার সর্বশেষ হকার তিনি। সম্ভবত ইউরোপেও। পাকিস্তানের রাওয়ালপিন্ডিতে জন্ম আলী আকবরের। তিনি ষাটের দশকের শেষ ভাগে ইউরোপে পাড়ি জমান। শুরুতে যান নেদারল্যান্ডসের আমস্টারডামে।

## ইউরোজোনের ২১তম সদস্য



২৬ জুন ২০২৫ ইউরোপীয় ইউনিয়নের (EU) অর্থমন্ত্রীদের বৈঠকে বুলগেরিয়াকে ইউরো গ্রহণের জন্য চূড়ান্ত ছাড়পত্র দেয়। ১ জানুয়ারি ২০২৬ দেশটি লেভ মুদ্রা ত্যাগ করে ২১তম সদস্য দেশ হিসেবে ইউরো চালু করবে। ১ জানুয়ারি ২০০৭ বুলগেরিয়া ইউরোপীয় ইউনিয়নে যোগ দেয়। ১ জানুয়ারি ২০২৪ বুলগেরিয়া ইউরো গ্রহণের ইচ্ছা প্রকাশ করে।

### ইউরো মুদ্রা গ্রহণকারী দেশ

| দেশ | গ্রহণ (১ জানুয়ারি) | পূর্বের মুদ্রা | দেশ | গ্রহণ (১ জানুয়ারি) | পূর্বের মুদ্রা |
|---|---|---|---|---|---|
| অস্ট্রিয়া | ১৯৯৯ | অস্ট্রিয়ান শিলিং | স্পেন | ১৯৯৯ | স্প্যানিশ পেসেটা |
| বেলজিয়াম | ১৯৯৯ | বেলজিয়ান ফ্রাঙ্ক | গ্রিস | ২০০১ | গ্রিক ড্রাকমা |
| ফিনল্যান্ড | ১৯৯৯ | ফিনিশ মার্ককা | স্লোভেনিয়া | ২০০৭ | স্লোভেনীয় টোলার |
| ফ্রান্স | ১৯৯৯ | ফরাসি ফ্রাঙ্ক | সাইপ্রাস | ২০০৮ | সাইপ্রিয়ট পাউন্ড |
| জার্মানি | ১৯৯৯ | ডয়েচে মার্ক | মালটা | ২০০৮ | মাল্টিজ লিরা |
| আয়ারল্যান্ড | ১৯৯৯ | আইরিশ পাউন্ড | স্লোভাকিয়া | ২০০৯ | স্লোভাক কোরুনা |
| ইতালি | ১৯৯৯ | ইতালীয় লিরা | এস্তোনিয়া | ২০১১ | এস্তোনিয়ান ক্রুন |
| লুক্সেমবার্গ | ১৯৯৯ | লুক্সেমবার্গ ফ্রাঙ্ক | লাটভিয়া | ২০১৪ | লাটভিয়ান ল্যাটস |
| নেদারল্যান্ডস | ১৯৯৯ | ডাচ গিল্ডার | লিথুয়ানিয়া | ২০১৫ | লিথুয়ানিয়ান লিটাস |
| পর্তুগাল | ১৯৯৯ | পর্তুগিজ এস্কুডো | ক্রোয়েশিয়া | ২০২৩ | ক্রোয়েশিয়ান কুনা |

নামিবিয়ার বর্তমান প্রধানমন্ত্রী Tjitunga Elijah Ngurare

Scanned with CamScanner

## আন্তর্জাতিক আদালতে পাকিস্তানের জয়

৮ আগস্ট ২০২৫ ভারতকে পশ্চিমা নদীগুলোর পানি পাকিস্তানের অবাধ ব্যবহারের জন্য প্রবাহিত রাখতে হবে বলে রায় দেয় নেদারল্যান্ডসের হেগে অবস্থিত স্থায়ী সালিশ আদালত (PCA)। এই রায়ে বলা হয় ভারতের নির্মিত জলবিদ্যুৎ প্রকল্পগুলো চুক্তির নির্ধারিত শর্ত কঠোরভাবে মেনে চলতে হবে। চুক্তির মূল নথির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নয় এমন কোনো স্থাপনাও (জলবিদ্যুৎ কেন্দ্রের জন্য বাঁধ বা এ জাতীয় স্থাপনা) সিন্ধু নদ কিংবা সিন্ধুর সঙ্গে সম্পর্কিত কোনো নদনদীতে স্থাপন করা যাবে না। সিন্ধু পানিবন্টন চুক্তির মূল শর্ত হলো, সিন্ধু অববাহিকার পশ্চিমাঞ্চলীয় তিন নদী, যেগুলো পাকিস্তানের ভূখণ্ডে পড়েছে, সেগুলোতে পানির প্রবাহ বাধামুক্ত রাখবে ভারত। ১৯৬০ সালে বিশ্বব্যাংকের মধ্যস্থতায় পাকিস্তান ও ভারতের মধ্যে স্বাক্ষরিত হয় সিন্ধু পানিবন্টন চুক্তি। এই চুক্তির ফলে পাকিস্তানের ৮০% কৃষি জমির জন্য পানি সরবরাহ নিশ্চিত হয়। ২২ এপ্রিল ২০২৫ জম্মু-কাশ্মীরের পেহেলগামে এক হামলায় ২৬ জন নিহত হওয়ার পর ভারত পাকিস্তানকে দায়ী করে এবং সিন্ধু পানিচুক্তি স্থগিত করে।



## সিল্ক রুটে যুক্ত হবে ইরান

চীন ও পাকিস্তানের সঙ্গে সিল্ক রোড উদ্যোগে যুক্ত হতে চায় ইরান। ৩ আগস্ট ২০২৫ ইসলামাবাদে অনুষ্ঠিত এক যৌথ বৈঠকে এমন আগ্রহের কথা জানায় ইরানের প্রতিনিধিদল। এর মধ্য দিয়ে ক্রমবর্ধমান আঞ্চলিক সংযোগ ও অবকাঠামোগত উন্নয়ন থেকে লাভবান হবে তেহরান। সিল্ক রোড হলো এশিয়া, ইউরোপ ও আফ্রিকার ৬৫টির বেশি দেশের মধ্যে ব্যবসা-বাণিজ্য প্রসার ও যোগাযোগ বাড়াতে চীনের একটি বিশেষ কৌশলগত উদ্যোগ। এশিয়া ও ইউরোপের মধ্যে ব্যবসা-বাণিজ্যের প্রাচীন পথ সিল্ক রুটকে ধরে চীন ২০১৩ সালে এটি বাস্তবায়নের উদ্যোগ নেয়। সিল্ক রোডে অন্তর্ভুক্ত দেশগুলোর মাধ্যমে বিশ্ববাণিজ্যের এক-তৃতীয়াংশ সম্পন্ন হয়।

## দক্ষিণ এশিয়ার প্রথম ট্র্যাকলেস বৈদ্যুতিক ট্রাম

৬ আগস্ট ২০২৫ পাকিস্তানের পাঞ্জাব প্রদেশের রাজধানী লাহোরে দক্ষিণ এশিয়ার প্রথম সম্পূর্ণ বৈদ্যুতিক এবং ট্র্যাকবিহীন সুপার অটোনোমাস র‍্যাপিড ট্রানজিট (SART) ট্রামের সফল পরীক্ষামূলক উদ্বোধন হয়। এই অত্যাধুনিক ট্রাম ব্যবস্থাটি ভার্চুয়াল ট্র্যাক প্রযুক্তির ওপর ভিত্তি করে তৈরি, যা দক্ষিণ এশিয়ার গণপরিবহনে এক নতুন যুগের সূচনা করেছে। ঐতিহ্যবাহী রেল ট্র্যাকের পরিবর্তে, SART ট্রাম ভার্চুয়াল ট্র্যাক টেকনোলজি ব্যবহার করে। এতে সেন্সর, জিপিএস এবং ডিজিটাল ম্যাপিংয়ের সাহায্যে ট্রামটি সাধারণ সড়কের ওপর মসৃণভাবে চলাচল করে, যা রেল অবকাঠামো নির্মাণের খরচ বাঁচায়। একটি পূর্ণ চার্জে এটি ৪০ কিমি পর্যন্ত চলতে পারে এবং ফাস্ট চার্জিং স্টেশনে মাত্র ১০ মিনিটে ২৭ কিলোমিটারের চার্জ দেওয়া যায়। প্রতিটি ট্রামে ৩-৪টি কোচ থাকে।

## ট্রাম্প-পুতিন বৈঠক

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ১৫ আগস্ট ২০২৫ যুক্তরাষ্ট্রের আলাস্কার জনবহুল শহর অ্যাঙ্কোরেজে রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের সঙ্গে বৈঠকে বসেন। আলোচনা তিন ঘণ্টারও বেশি সময় ধরে চলে। রাশিয়ান প্রতিনিধিদলের মধ্যে ছিলেন ক্রেমলিনের সহযোগী ইউরি উশাকভ এবং পররাষ্ট্রমন্ত্রী সের্গেই ল্যাভরভ; অন্যদিকে মার্কিন প্রতিনিধিদলের মধ্যে ছিলেন পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিও এবং ট্রাম্পের বিশেষ দূত স্টিভ উইটকফ। ২৪ ফেব্রুয়ারি ২০২২ ইউক্রেনে পূর্ণ মাত্রায় রুশ আগ্রাসনের নির্দেশ দেওয়ার পর পুতিনকে এই প্রথম কোনো পশ্চিমা দেশে আমন্ত্রণ জানানো হলো।



**যুক্তরাষ্ট্রের ৫ প্রেসিডেন্টের সাথে পুতিনের প্রথম বৈঠক**

| নাম | সময় | স্থান |
|---|---|---|
| বিল ক্লিনটন | ৩ জুন ২০০০ | মস্কো, রাশিয়া |
| জর্জ ডব্লিও বুশ | ১৬ জুন ২০২১ | লুবলিয়ানা, স্লোবেনিয়া |
| বারাক ওবামা | ৭ জুলাই ২০০৯ | মস্কো, রাশিয়া |
| ডোনাল্ড ট্রাম্প | ১৬ জুলাই ২০১৮ | হেলসিংকি, ফিনল্যান্ড |
| জো বাইডেন | ১৬ জুন ২০২১ | জেনেভা, সুইজারল্যান্ড |

উল্লেখ্য, এ বৈঠকের আগে রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন ৫ জন মার্কিন প্রেসিডেন্টদের সঙ্গে ৪৮ বার বৈঠক করেন।

**বৈঠকের আলোচ্য বিষয় :** আলাস্কার অ্যাঙ্কোরেজের জয়েন্ট বেস এলমেনডর্ফ-রিচার্ডসনে আলোচনার মূল বিষয় ছিল চলমান রুশ-ইউক্রেনীয় যুদ্ধ, যা ট্রাম্প শেষ করতে চান। দুই নেতা ইউক্রেন যুদ্ধ বন্ধ এবং শান্তি মীমাংসার বিকল্প খুঁজে বের করার পথে আত্মবিশ্বাসের সঙ্গে একত্রে এগিয়ে যাওয়ার বিষয়ে একমত পোষণ করেন। শীর্ষ সম্মেলনটি কোনো চুক্তি ঘোষণা ছাড়াই শেষ হয়। ইউক্রেন ও তাদের ইউরোপীয় মিত্ররা দীর্ঘদিন ধরে এমন চুক্তির বিরোধিতা করে আসছে, যে চুক্তির মাধ্যমে ক্রিমিয়া, দোনেৎস্ক, খেরসন, লুহানস্ক ও জাপোরিঝিয়ার মতো অঞ্চলগুলো রাশিয়াকে ছেড়ে দিতে হবে।

নামিবিয়ার প্রথম প্রধানমন্ত্রী Hage Gottfried Geingob

Scanned with CamScanner

## বিনা পয়সায় ৯৭টি পর্বতচূড়ায়

১১ আগস্ট ২০২৫ নেপাল সরকার জানায়, হিমালয় পর্বতমালার ৯৭টি দুর্গম চূড়ায় আরোহণের ক্ষেত্রে আগামী দুই বছর পর্বতারোহীদের কাছ থেকে কোনো ফি নেবে না। ফি মওকুফের এ উদ্যোগ দেশের স্বল্প পরিচিত পর্যটন স্থানগুলোকে জনপ্রিয় করে তুলবে। আরোহণে ফি মওকুফ করা পর্বত চূড়াগুলোর অবস্থান নেপালের কর্নালি ও সুদূর পশ্চিম প্রদেশে। এগুলোর উচ্চতা ৫,৯৭০ মিটার-৭,১৩২ মিটার পর্যন্ত। মাউন্ট এভারেস্টসহ পৃথিবীর সবচেয়ে উঁচু ১০টি পর্বত চূড়ার আটটিরই অবস্থান নেপালে। নেপালের জাতীয় আয়ের বড় অংশই আসে পর্বতারোহীদের ফি থেকে।

## ইসরায়েলের গাজা দখলের পরিকল্পনা

ফিলিস্তিনের গাজা নগর দখলের জন্য সেনা মোতায়েনের পরিকল্পনা অনুমোদন করে ইসরায়েলের প্রতিরক্ষামন্ত্রী কাৎজ। তিনি প্রায় ৬০,০০০ রিজার্ভ সেনা তলবের অনুমতি দেন। ২০ আগস্ট ২০২৫ দেশটির প্রতিরক্ষা মন্ত্রণালয় বিষয়টি নিশ্চিত করে। অভিযানের পরবর্তী ধাপে গাজা নগরে নিয়মিত সেনারা অভিযান চালাবে। তাদের মূল লক্ষ্য থাকবে গাজা নগর দখল। প্রাথমিক ধাপের অংশ হিসেবে সেনারা ইতিমধ্যে গাজা নগরের জেইতুন ও জাবালিয়া এলাকায় অভিযান চালাচ্ছে। ৭ অক্টোবর ২০২৩ থেকে ইসরায়েলি হামলায় উপত্যকাটিতে এখন পর্যন্ত ৬২,০০০ বেশি ফিলিস্তিনি নিহত হয়েছেন। তাদের মধ্যে প্রায় ১৯,০০০ শিশু।

## যে দেশে জন্মায়নি কোনো শি



পৃথিবীতে এমন একটি দেশ আছে যেখানে ৯৬ বছরেও কোনো শিশু জন্ম নেয়নি। শুধু তাই নয়, দেশটিতে কোনো হাসপাতালও নেই। এমন দেশটি হলো বিশ্বের ক্ষুদ্রতম দে হিসেবে স্বীকৃত ভ্যাটিকান সিটি। ১১ ফেব্রুয়া ১৯২৯ প্রতিষ্ঠিত ভ্যাটিকান সিটি ক্যাথলিক চা আধ্যাত্মিক ও প্রশাসনিক সদর দপ্তর, যেখানে রোম ক্যাথলিকদের ধর্মীয় নেতারা বাস করেন। অসং অনুরোধ সত্ত্বেও আজ পর্যন্ত ভ্যাটিকান সিটি কোনো হাসপাতাল তৈরি করা হয়নি। দেশটিতে য কেউ গুরুতর অসুস্থ হন বা কোনো গর্ভবতী নারী প্রসব বেদনা শুরু হয় তবে তাকে পাশের শহর রো তথা ইতালি দেশে পাঠিয়ে দেওয়া হয়। হাসপাত না করার পেছনে অন্যতম একটি কারণ হ দেশটির আয়তন। ভ্যাটিকান সিটির আয়তন ম ১১৮ একর। এই দেশে যদি হাসপাতাল বানা হয় তবে অনেক জায়গা লাগবে। ভ্যাটিকান সিটি জনসংখ্যা মাত্র ৮০০-৯০০, যার মধ্যে বেশিরভা যাজক এবং ধর্মীয় নেতা।

## সাগরের তলদেশে শক্তি

৩১ জুলাই ২০২৫ যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প রুশ অর্থনীতিকে 'মৃত' বলেন। জবাবে রাশিয়ার সাবেক প্রেসিডেন্ট দিমিত্রি মেদভেদেভ পারমাণবিক প্রত্যাঘাত 'ডেড হ্যান্ডের' প্রসঙ্গ এনে প্রচ্ছন্ন হুমকি দেন। এরপর ১ আগস্ট ২০২৫ এর প্রতিক্রিয়ায় মার্কিন প্রেসিডেন্ট কৌশলগত গুরুত্বপূর্ণ অবস্থানে দুটি পারমাণবিক সাবমেরিন মোতায়েনের নির্দেশ দেন। ডেড হ্যান্ড (Dead Hand) হলো স্নায়ুযুদ্ধ-পরবর্তী একধরনের স্বয়ংক্রিয় বা আধ স্বয়ংক্রিয় পারমাণবিক অস্ত্র ব্যবস্থাপনা পদ্ধতি, যা দেশের রাজনৈতিক নেতৃত্ব সম্পূর্ণভাবে ধ্বংস হয়ে গেলেও পাল্টা পারমাণবিক হামলা চালাতে সক্ষম। এ ব্যবস্থার মূল উদ্দেশ্য হলো শত্রুপক্ষকে নিশ্চিত ধ্বংসের বার্তা দেওয়া।

■ **যুক্তরাষ্ট্র**



যুক্তরাষ্ট্রের ওহাইও-ক্লাস ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্রবাহী সাবমেরিনগুলোর গোপনে চলাফেরার ক্ষমতা ও নির্ভুলভাবে পারমাণবিক অস্ত্র ছোড়ার খ্যাতি রয়েছে। এসব সাবমেরিনকে 'বুমার' নামে ডাকা হয় এবং এর অন্তত ১৪টি এখন সক্রিয়। দীর্ঘমেয়াদি ব্যবহারের জন্য তৈরি এসব জাহাজ বড় ধরনের মেরামত ছাড়াই ১৫ বছর পর্যন্ত টহল দিতে পারে। প্রতিটি সাবমেরিন ২০টি পর্যন্ত সাবমেরিন থেকে নিক্ষিপ্ত ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র (SLBM) বহন করতে পারে।

যুক্তরাষ্ট্র ৩ ধরনের ফাস্ট অ্যাটাক সাবমেরিন পরিচালনা করে ভার্জিনিয়া-ক্লাস, সিউল্ফ-ক্লাস ও লস অ্যাঞ্জেলেস-ক্লাস (৬৮৮ ক্লাস নামেও পরিচিত)। এসব সাবমেরিনে টমাহক ও হারপুন ক্ষেপণাস্ত্র এবং এমকে-৪৮ টর্পেডো থাকে। এগুলো শত্রুপক্ষের যুদ্ধজাহাজ ধ্বংস, নজরদারি, তথ্য সংগ্রহ ও মাইন বসানোর কাজে ব্যবহৃত হয়।

■ **রাশিয়া**

রাশিয়ার সাবমেরিন বাহিনী পৃথিবীর অন্যতম বৃহৎ, যার বহরে রয়েছে প্রায় ৬৪টি সাবমেরিন। এর মধ্যে প্রায় ১৪টি ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্রবাহী সাবমেরিন (SSBN) রাশিয়ার কৌশলগত প্রতিরক্ষার কেন্দ্রবিন্দু। রাশিয়ার নৌবাহিনীর কাছে আটটি বোরেই-ক্লাস সাবমেরিন রয়েছে, যেগুলোর প্রতিটিতে ১৬টি বুলাভা Submarine Launched Ballistic Missile (SLBM) ও ৬টি ৫৩৩ মিমি টর্পেডো লঞ্চার রয়েছে। বোরেই-ক্লাস সাবমেরিনগুলো ধীরে ধীরে ডেলটা ৪-ক্লাস সাবমেরিনের স্থান নিচ্ছে, যা টাইফুন-ক্লাস সাবমেরিনের সমসাময়িক হিসেবে গড়ে তোলা হয়। বর্তমানে ডেলটা ৪-এর অন্তত ছয়টি সক্রিয়। রাশিয়ার আক্রমণাত্মক সাবমেরিনগুলোর মধ্যে ইয়াসেন-ক্লাস সবচেয়ে আধুনিক। এখন পর্যন্ত চারটি সাবমেরিন রয়েছে এই শ্রেণিতে।



নামিবিয়ার আইনসভার নাম পার্লামেন্ট

# যুক্তরাষ্ট্র

## INF চুক্তির অবসান

Intermediate-Range Nuclear Forces Treaty (INF Treaty) ক্ষেপণাস্ত্র নিয়ন্ত্রণ চুক্তি হিসেবেই বেশি পরিচিত। ৮ ডিসেম্বর ১৯৮৭ যুক্তরাষ্ট্রের ওয়াশিংটনে স্বাক্ষরিত চুক্তিটিতে স্বাক্ষর করেন তৎকালীন ৪০তম মার্কিন প্রেসিডেন্ট রোনাল্ড রিগ্যান ও সোভিয়েত নেতা মিখাইল গর্বাচেভ। ১ জুন ১৯৮৮ চুক্তিটি কার্যকর হয়। এই চুক্তির আওতায় ৫০০-৫,৫০০ কিলোমিটার পাল্লার ক্ষেপণাস্ত্র উৎপাদন নিষিদ্ধ হয়। ২০ অক্টোবর ২০১৮ মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প INF চুক্তি থেকে নিজেদের প্রত্যাহার করার ঘোষণা দেন। রাশিয়া চুক্তির শর্ত মেনে চলছে না-এই অজুহাতে ২ আগস্ট ২০১৯ যুক্তরাষ্ট্র আনুষ্ঠানিকভাবে রাশিয়ার সঙ্গে মাঝারিপাল্লার পরমাণু শক্তি (INF) চুক্তি বাতিল করে। রাশিয়া তখন বলেছিল, তারা চুক্তির প্রতি দায়বদ্ধ থাকবে এবং ওয়াশিংটন পারমাণবিক অস্ত্র মোতায়েন না করলে তারাও এমন কিছু করবে না। তবে ৪ আগস্ট ২০২৫ রাশিয়া তার নিরাপত্তায় 'সরাসরি হুমকি' সৃষ্টির জন্য 'পশ্চিমা দেশগুলোর কর্মকাণ্ডকে' দায় দিয়ে চুক্তি থেকে বেরিয়ে যাওয়ার সিদ্ধান্ত নেয়। দেশটি ঘোষণা দেয় তারা এখন আর পরমাণু ক্ষেপণাস্ত্র চুক্তি মানতে বাধ্য নয়।

## HIV ওষুধের অনুমোদন

১৮ জুন ২০২৫ যুক্তরাষ্ট্রের ফুড অ্যান্ড ড্রাগ অ্যাডমিনিস্ট্রেশন (FDA) প্রাণঘাতী ব্যাধি HIV'র বিরুদ্ধে শতভাগ কার্যকর ওষুধ lenacapavir (ব্র্যান্ডের নাম Yeztugo) অনুমোদন দেয়। বছরে মাত্র দুটি ইনজেকশনের মাধ্যমে HIV'র বিরুদ্ধে প্রায় শতভাগ সুরক্ষা দিতে পারে এই ওষুধ। ২০২৪ সালে মার্কিন ওষুধ প্রস্তুতকারক প্রতিষ্ঠান গিলিয়াড সায়েন্সেস এটি আবিষ্কার করে। বিজ্ঞানবিষয়ক সাময়িকী 'সায়েন্স' এই ওষুধকে 'বছরের যুগান্তকারী আবিষ্কার' হিসেবে ঘোষণা করে।

## নতুন পত্রিকা The California Post

রুপার্ট মারডকের নিউজ করপোরেশন ২০২৬ সালে যুক্তরাষ্ট্রে তাদের সবচেয়ে বড় দৈনিক পত্রিকা চালু করবে। পত্রিকার নাম দেওয়া হয় The California Post, সদর দপ্তর হবে লস অ্যাঞ্জেলেসে। পত্রিকায় থাকবে তারকাদের নিয়ে খবর ও বিনোদন সংবাদ, খেলাধুলা নিয়ে খবর। অডিও, মোবাইল, ডেস্কটপ, সামাজিক যোগাযোগ মাধ্যম ও প্রিন্টসহ বিভিন্ন প্ল্যাটফর্মে তা প্রকাশিত হবে। রুপার্ট মারডকের মালিকানাধীন 'নিউজ কর্পোরেশন' যুক্তরাষ্ট্রে সর্বশেষ ২ ফেব্রুয়ারি ২০১১ যে সংবাদমাধ্যমটি চালু করেছিল, তার নাম ছিল The Daily। ১৫ ডিসেম্বর ২০২২ তা বন্ধ হয়ে যায়।




## হোয়াইট হাউজে নতুন বলরুম

৩১ জুলাই ২০২৫ যুক্তরাষ্ট্রের হোয়াইট হাউসে ২০০ মিলিয়ন ডলার (প্রায় ১৫১ মিলিয়ন পাউন্ড) ব্যয়ে নতুন একটি বলরুম নির্মাণের পরিকল্পনা ঘোষণা করেন ট্রাম্প প্রশাসন। হোয়াইট হাউসের পূর্ব অংশে এই বলরুমটি নির্মিত হবে। বর্তমানে সেখানে ফার্স্ট লেডি মেলানিয়া ট্রাম্প এবং হোয়াইট হাউসের অন্যান্য গুরুত্বপূর্ণ দপ্তর অবস্থিত। নির্মাণ কাজ শুরু হবে ২০২৫ সালের সেপ্টেম্বর থেকে। 'অত্যন্ত প্রয়োজনীয় ও চমৎকার এই নতুন সংযোজন হবে প্রায় ৯০,০০০ বর্গফুট (৮,৩৬০ বর্গমিটার) আকারের, যেখানে একসঙ্গে প্রায় ৬৫০ জন বসতে পারবেন।' ২০২৯ সালের জানুয়ারিতে ট্রাম্পের মেয়াদ শেষ হওয়ার আগেই এটির নির্মাণকাজ সম্পন্ন হবে। বর্তমানে হোয়াইট হাউসের আনুষ্ঠানিক বেশির ভাগ অনুষ্ঠান ইস্ট রুমে অনুষ্ঠিত হয়, যার ধারণক্ষমতা প্রায় ২০০ জন।




## মার্কিন ভিসা বন্ড

৫ আগস্ট ২০২৫ যুক্তরাষ্ট্র নতুন ভিসা নীতি গ্রহণ করে। ২০ আগস্ট ২০২৫ থেকে ১২ মাসের এ পরীক্ষামূলক কর্মসূচি শুরু হয়। নতুন নিয়ম অনুযায়ী, যেসব দেশের নাগরিকদের ভিসা মেয়াদোত্তীর্ণ থাকার হার বেশি, তাদের নির্দিষ্ট পরিমাণ জামানত দিতে হবে। তবে কানাডা ও মেক্সিকোর ভ্রমণকারী এবং যুক্তরাষ্ট্রের ভিসা ওয়েভার কর্মসূচিতে অংশ নেওয়া ৪০টির বেশি দেশের নাগরিক এর বাইরে থাকবেন। এ কর্মসূচির অধীনে নাগরিকেরা ৯০ দিন পর্যন্ত ব্যবসা বা ভ্রমণের উদ্দেশ্যে যুক্তরাষ্ট্রে ভিসা ছাড়া যেতে পারেন। প্রথমে জাম্বিয়া ও মালাবির ভ্রমণকারীরা এ নীতির আওতাভুক্ত হন। উল্লেখ্য, ডোনাল্ড ট্রাম্প প্রশাসনের প্রথম মেয়াদে ২০২০ সালে পররাষ্ট্র দপ্তর ভিসা বন্ড কর্মসূচি চালুর চেষ্টা করে। তবে কোভিড-১৯ মহামারির কারণে বিশ্বব্যাপী ভ্রমণ হ্রাস পাওয়ায় তা পুরোপুরি কার্যকর হয়নি।

- **ভিসা বন্ড :** ভিসা বন্ড হলো একধরনের আর্থিক নিশ্চয়তা। কিছু দেশ নির্দিষ্ট বিদেশি নাগরিকদের সাময়িক ভিসা দেওয়ার আগে এমন জামানত বা নিশ্চয়তা নিয়ে থাকে; যেন তারা ভিসার শর্ত, বিশেষ করে থাকার সময়সীমা মেনে চলেন।
- **বন্ডের পরিমাণ :** যুক্তরাষ্ট্রের প্রস্তাবিত বন্ডের তিনটি স্তর ৫,০০০, ১০,০০০ ও ১৫,০০০ ডলার। কর্মসূচি চলাকালে প্রায় ২,০০০ ভিসা আবেদনকারীকে এই জামানত দিতে হবে। জামানতের পরিমাণ নির্ধারণ করবেন কনস্যুলার কর্মকর্তারা।

নামিবিয়ার আইনসভা দুই কক্ষবিশিষ্ট

Scanned with CamScanner

# মহাকাশ-বিজ্ঞান-প্রযুক্তি



## মুখে বললে লেখা হবে কাগজে

ভারতের কেরালা রাজ্যের অজয় এইচ নামের শিক্ষার্থী একটি যন্ত্র তৈরি করেন। যন্ত্রটি মানুষের মুখের কথা শুনে কাগজে লিখে দিতে পারে। ২০২৫ সালের মে মাসে অনুষ্ঠিত এক প্রদর্শনীতে যন্ত্রটি মানুষের সামনে আনা হয়। 'টক-টু-রাইট' নামের এই যন্ত্র মূলত শারীরিক প্রতিবন্ধীদের জন্য তৈরি করা হয়। এর মাধ্যমে তারা কারও সাহায্য ছাড়াই নিজের কথা সহজে লিখে প্রকাশ করতে পারবেন।

## চাঁদে পারমাণবিক চুল্লি

যুক্তরাষ্ট্রের মহাকাশ সংস্থা নাসা ২০৩০ সালের মধ্যে চাঁদে পারমাণবিক চুল্লি নির্মাণের পরিকল্পনা দ্রুত বাস্তবায়ন করবে। ২০২৫ সালের মে মাসে চীন ও রাশিয়া ঘোষণা করে, ২০৩৫ সালের মধ্যে চাঁদে স্বয়ংক্রিয় এক পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের পরিকল্পনা করছে। চাঁদের পৃষ্ঠে অবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য সবচেয়ে ভালো এমনকি সম্ভবত একমাত্র উপায় হবে সেখানে পারমাণবিক চুল্লি নির্মাণ। চাঁদের একটি দিন পৃথিবীর চার সপ্তাহের সমান যার মধ্যে দুই সপ্তাহ একটানা সূর্যের আলো থাকে ও দুই সপ্তাহ অন্ধকার থাকে। এ কারণে চাঁদে কেবল সূর্যের শক্তির ওপর নির্ভর করা খুবই কঠিন।

## জাপানে উড়ন্ত ট্যাক্সি

জাপান ২০২৭ সালের শুরু থেকেই বৈদ্যুতিক 'এয়ার ট্যাক্সি' চালু করবে। ANA HOLDINGS INC ও মার্কিন যুক্তরাষ্ট্রভিত্তিক জোবি অ্যাভিয়েশন যৌথভাবে পাঁচ আসন বিশিষ্ট ১০০টির বেশি এয়ার ট্যাক্সি চালুর উদ্যোগ নিচ্ছে। এই এয়ারক্রাফটগুলো একজন পাইলটসহ চারজন যাত্রী বহনে সক্ষম এবং ঘণ্টায় সর্বোচ্চ ৩২০ কিমি (২০০ মাইল) গতিতে চলতে পারবে। প্রসঙ্গত, ২০২৬ সালের মধ্যে দুবাইও উড়ন্ত ট্যাক্সি চালুর ঘোষণা দেয়।

## বিশ্বের প্রথম মানবাকৃতির রোবট গেমস



১৫-১৭ আগস্ট-২০২৫ চীনের বেইজিংয়ে বিশ্বের প্রথম মানবাকৃতি রোবট গেমস অনুষ্ঠিত হয়। এই আয়োজনে ৫০০টির বেশি রোবট ১০০ মিটার হার্ডলস থেকে শুরু করে কুংফু পর্যন্ত নানা খেলায় প্রতিদ্বন্দ্বিতা করে ১৬টি দেশের কয়েকটি রোবোটিকস দল চীনের রাজধানীর ন্যাশনাল স্পিড স্কেটিং ওভালে স্বর্ণপদকের জন্য তাদের রোবট নিয়ে লড়াই করে। দেশটি ২০২৫-এর এপ্রিলে বেইজিংয়ে বিশ্বের প্রথম মানবাকৃতির রোবট হাফ-ম্যারাথনের (২১.১ কিমি) আয়োজন করে।

## রিমোট সেন্সিং স্যাটেলাইট উৎক্ষেপণ

৩১ জুলাই ২০২৫ পাকিস্তান সফলভাবে অত্যাধুনিক রিমোট সেন্সিং স্যাটেলাইট মহাকাশে উৎক্ষেপণ করে। চীনের সিচুয়ান প্রদেশের শিচ্যাং স্যাটেলাইট উৎক্ষেপণ কেন্দ্র (Xichang Satellite Launch Center) থেকে এটি সফলভাবে উৎক্ষেপণ করা হয়। দেশটির মহাকাশ গবেষণা সংস্থা Space & Upper Atmosphere Research Commission (SUPARCO) নিজস্ব প্রযুক্তিতে এই স্যাটেলাইট তৈরি করে।

## মিল্কিওয়ে গ্যালাক্সিতে রহস্যময় বস্তু

মিল্কিওয়ে গ্যালাক্সিতে (ছায়াপথ) ASKAP J1832-0911 নামের রহস্যময় বস্তুর খোঁজ পান বিজ্ঞানীরা এক্স-রে এবং রেডিও তরঙ্গ নির্গমনের মধ্যে পারস্পরিক সম্পর্ক থাকার কারণে নতুন বস্তুটিকে বেশ রহস্যময় বলছেন বিজ্ঞানীরা। পৃথিবী থেকে প্রায় ১৫,০০০ আলোকবর্ষ দূরে রয়েছে বস্তুটি। এই ধরনের আরও অনেক অদৃশ্য বস্তু মিল্কিওয়ে গ্যালাক্সিতে থাকতে পারে।

## জিনের অজানা রহস্য উন্মোচন



জিনোম মানুষের শরীরের প্রতিটি কোষে থাকা DNA'র সম্পূর্ণ তথ্য। DNA'র এসব তথ্য-যাকে বিজ্ঞানীরা বলেন 'জিন'-আমাদের চোখের রং, উচ্চতা, রোগ প্রতিরোধ ক্ষমতাসহ সবকিছু নির্ধারণ করে। কিন্তু এতদিন এই DNA'র রহস্য পুরোপুরি উন্মোচন করতে পারেননি বিজ্ঞানীরা। এবার একদল আন্তর্জাতিক গবেষক এসব রহস্যের সমাধান খুঁজে পেয়েছেন। এই কাজের নেতৃত্ব দেন যুক্তরাষ্ট্রের ইউনিভার্সিটি অব কানেক্টিকাটের জেনেটিকস অ্যান্ড জিনোম সায়েন্সের সহযোগী অধ্যাপক ক্রিস্টিন বেক। গবেষণায় বিজ্ঞানীরা প্রায় ২,০০০ বেশি নতুন ও জটিল ধরনের জিনের পরিবর্তন খুঁজে পান । পাশাপাশি ১২,০০০ বেশি এমন জিন খুঁজে পান, যেগুলো DNA'র ভেতর এক জায়গা থেকে অন্য জায়গায় লাফিয়ে যেতে পারে। বিজ্ঞানীরা ১,২০০টিরও বেশি সেন্ট্রোমিয়ারের সম্পূর্ণ মানচিত্র তৈরি করেন। এই ছাড়া তারা অ্যামাইলেজ নামে একটি জিনের রহস্যও ভেদ করেন।

নামিবিয়ার নিম্নকক্ষের নাম National Assembly; সদস্য সংখ্যা ১০৪ জন

Scanned with CamScanner

# দুই বাংলাদেশির ইংলিশ চ্যানেল জয়



সারা বিশ্বে সাঁতারুদের জন্য ইংলিশ চ্যানেল পাড়ি দেওয়া আলাদা এক রোমাঞ্চকর অভিজ্ঞতা। ইংলিশ চ্যানেলের পানির তাপমাত্রা ১৫-১৯ ডিগ্রি সেলসিয়াসের মতো থাকে। সেখানে সাঁতরানো যেকোনো সাঁতারুর জন্যই চ্যালেঞ্জিং। ২৯ জুলাই ২০২৫ ইংলিশ চ্যানেল পাড়ি দেন বাংলাদেশের দুই সাঁতারু নাজমুল হক ও মাহফিজুর রহমান।

## ইংলিশ চ্যানেল

ইংলিশ চ্যানেল একটি সংকীর্ণ সাগর, যা উত্তর সাগর ও আটলান্টিক মহাসাগরকে যুক্ত করেছে। এটি যুক্তরাজ্যের দক্ষিণ অংশকে ফ্রান্সের উত্তর অংশ থেকে পৃথক করেছে। ইংলিশ চ্যানেল মূলত আটলান্টিক মহাসাগরের একটি অংশ। এর দৈর্ঘ্য ৫৬০ কিমি (৩৫০ মাইল) এবং অবস্থানভেদে প্রস্থ সর্বোচ্চ ২৪০ কিমি থেকে সর্বনিম্ন ৩৪ কিমি। এটি খুব একটা গভীর নয়। যে স্থানটিতে ইংলিশ চ্যানেল সবচেয়ে বেশি প্রশস্ত সেখানেও এর গড় গভীরতা ১২০ মিটার। সপ্তদশ শতাব্দীতে ইংলিশ চ্যানেল নামটি প্রচলিত হওয়ার আগে এটি ব্রিটিশ সমুদ্র বা সরু সাগর নামে পরিচিত ছিল। অনেকটা কোটের হাতার মতো দেখতে উপকূল রেখার কারণে ফরাসিরা একে লা মঁশ (La Manche) নামে ডাকেন। ধারণা করা হয়, ১.৮০ লাখ থেকে সাড়ে ৪ লাখ বছর আগে ইংলিশ চ্যানেলের জন্ম। ভৌগলিক কারণেই প্রথম ও দ্বিতীয় বিশ্বযুদ্ধসহ অতীতের অনেক যুদ্ধেই বিশেষ গুরুত্ব পেয়েছে ইংলিশ চ্যানেল। ফরাসি ও ব্রিটিশদের সভ্যতা, সংস্কৃতি, রাজনৈতিক দর্শন ইত্যাদির আদান-প্রদানেও ভূমিকা রেখেছে এটি।

### ইংলিশ চ্যানেল অতিক্রম করা প্রথম পুরুষ ও নারী

| ক্যাটাগরি | নাম | সময়কাল |
|---|---|---|
| ব্যক্তি | ক্যাপ্টেন ম্যাথু ওয়েব (যুক্তরাজ্য) | ২৪ আগস্ট ১৮৭৫ |
| | গার্ট্রুড ক্যারোলিন এডেরলে (যুক্তরাষ্ট্র) | ৬ আগস্ট ১৯২৬ |
| এশীয় | ব্রজেন দাস (বাংলাদেশ) | ২৩ আগস্ট ১৯৫৮ |
| | আরতি সাহা (ভারত) | ২৯ সেপ্টেম্বর ১৯৫৯ |
| ভারতীয় | মিহির সেন | ২৭ সেপ্টেম্বর ১৯৫৮ |
| | আরতি সাহা | ২৯ সেপ্টেম্বর ১৯৫৯ |
| বাঙালি | ব্রজেন দাস | ২৩ আগস্ট ১৯৫৮ |
| | আরতি সাহা | ২৯ সেপ্টেম্বর ১৯৫৯ |

## বাংলাদেশিদের জয়

২৩ আগস্ট ১৯৫৮ প্রথম বাংলাদেশি হিসেবে ইংলিশ চ্যানেল অতিক্রমের কৃতিত্ব দেখান ব্রজেন দাস। স্বাধীনতার পর বাংলাদেশের প্রথম সাঁতারু হিসেবে ২২ আগস্ট ১৯৮৮ ইংলিশ চ্যানেল পাড়ি দেন মোশাররফ হোসেন। দীর্ঘ ৩৭ বছর পর ২৯ জুলাই ২০২৫ বাংলাদেশের সাঁতার ইতিহাসে যোগ হয় আরেকটি গৌরবগাঁথা। আবারও ইংলিশ চ্যানেল জয় করেন বাংলাদেশের দুই সাঁতারু— মাহফিজুর রহমান সাগর ও নাজমুল হক হিমেল। এটি ছিল মোট ৬ জনের রিলে দল। বাকি চারজনের মধ্যে একজন মেক্সিকান ও তিনজন ভারতীয়।

| নাম | জেলা | তারিখ |
|---|---|---|
| ব্রজেন দাস | মুন্সীগঞ্জ | ২৩ আগস্ট ১৯৫৮ |
| আবদুল মালেক | চাঁদপুর | ১১ সেপ্টেম্বর ১৯৬৬ |
| মোশাররফ হোসেন | মুন্সীগঞ্জ | ২২ আগস্ট ১৯৮৮ |
| নাজমুল হক হিমেল | কিশোরগঞ্জ | ২৯ জুলাই ২০২৫ |
| মাহফিজুর রহমান সাগর | পাবনা | ২৯ জুলাই ২০২৫ |



ব্রজেন দাস মোট ৬ বার ইংলিশ চ্যানেল পাড়ি দেন— ২৩ আগস্ট ১৯৫৮, ২৭ আগস্ট ১৯৫৯, ২২ সেপ্টেম্বর ১৯৫৯, ২৭ আগস্ট ১৯৬০, ৮ সেপ্টেম্বর ১৯৬১ এবং ২১ সেপ্টেম্বর ১৯৬১।

## চ্যানেল টানেল

'চ্যানেল টানেল' সমুদ্রের নিচে তৈরি করা বিশ্বের সবচেয়ে দীর্ঘ সুড়ঙ্গ রেলপথ। ইংলিশ চ্যানেলের নিচে তৈরি করা রেলসুড়ঙ্গটি যুক্তরাজ্যের ফোকস্টোনকে ও ফ্রান্সের কোকুয়েলেসের সঙ্গে যুক্ত করেছে। টানেলের ৫০.৫ কিমির মধ্যে ৩.৩ কিমি ফ্রান্স অংশে ভূ-পৃষ্ঠের নিচে, ৯.৩ কিমি যুক্তরাজ্যের ভূ-পৃষ্ঠের নিচে এবং ৩৭.৯ কিমি সমুদ্রের নিচে অবস্থিত। ১৮০২ সালে ফ্রান্সের প্রকৌশলী অ্যালবার্ট ম্যাথু-প্রথম ইংলিশ চ্যানেলের নিচ দিয়ে যোগাযোগ ব্যবস্থা গড়ে তোলার ধারণা উত্থাপন করেন। ১৯৭৩ সালে যুক্তরাজ্য ও ফ্রান্স রেল সুড়ঙ্গ নির্মাণে সম্মত হয়। ১২ ফেব্রুয়ারি ১৯৮৬ যুক্তরাজ্য ও ফ্রান্স চ্যানেল টানেল নির্মাণের লক্ষ্যে চুক্তি স্বাক্ষর করে। ১৫ ডিসেম্বর ১৯৮৭ ব্রিটিশ ও ২৮ ফেব্রুয়ারি ১৯৮৮ ফ্রান্সের অংশে নির্মাণ কাজ শুরু হয়। ৬ মে ১৯৯৪ ব্রিটিশ রানি দ্বিতীয় এলিজাবেথ ও ফরাসি প্রেসিডেন্ট ফ্রঁসোয়া মিতেরঁ আনুষ্ঠানিকভাবে 'চ্যানেল টানেল' উদ্বোধন করেন। ১৪ নভেম্বর ১৯৯৪ এই সুড়ঙ্গ দিয়ে ইউরোস্টার (Eurostar) নামের রেল পরিষেবা চালু হয়। টানেল পাড়ি দিয়ে এক পাশ থেকে অপর পাশে পৌঁছাতে সময় লাগে ৩৫ মিনিট।



নামিবিয়ার উচ্চকক্ষের নাম National Council; সদস্য সংখ্যা ৪২ জন

Scanned with CamScanner

# ক্ষুধার্ত গাজা, নির্বাক বিশ্ব

৭ অক্টোবর ২০২৩ থেকে গাজায় হামলা শুরু করে ইসরায়েল। এরপর থেকে সামরিক আগ্রাসনের পাশাপাশি 'ক্ষুধা নীতি' অনুসরণ করে মানবিক দুর্যোগকে আরও গভীর করেছে তারা।



## ক্ষুধার থালায় বন্দুকের ছায়া

গাজা উপত্যকাটিতে ইসরায়েলি আগ্রাসন অব্যাহত থাকায় সেখানে চরম খাদ্যাভাব দেখা দিয়েছে। উপত্যকাটিতে অনাহারকে অস্ত্র হিসেবে ব্যবহার করছে ইহুদিবাদী ইসরায়েল। বিভিন্ন মানবাধিকার সংগঠন এ পরিস্থিতিকে 'যুদ্ধাপরাধ' এবং 'মানবতাবিরোধী অপরাধ' বলে আখ্যা দিয়েছে। গাজার ৮৫%-এর বেশি পানি ও স্যানিটেশন কাঠামো অকার্যকর রয়েছে। খাদ্য সরবরাহ বন্ধ, বিদ্যুৎ বিচ্ছিন্ন, চিকিৎসা নেই, পানি নেই, আশ্রয় নেই। কোনো ত্রাণ গাজায় যেতে পারছে না, তার আগেই আটকা পড়ছে ইসরায়েলের হাতে। অথচ সীমান্তের বাইরে বিপুল পরিমাণ খাদ্য, পানি ও ওষুধ মজুত থাকলেও সেগুলো নিয়ে সহায়তাকারী সংস্থাগুলো প্রবেশ করতে পারছে না। উল্লেখ্য, ৭ অক্টোবর ২০২৩ থেকে উপত্যকাটিতে ইসরায়েলের হামলায় এ পর্যন্ত প্রায় ৬০,০০০ বেশি ফিলিস্তিনি নিহত হন।

## গাজা হিউম্যানিটারিয়ান ফাউন্ডেশন

যুক্তরাষ্ট্র ও ইসরায়েল সমর্থিত গাজা হিউম্যানিটেরিয়ান ফাউন্ডেশন (GHF) হলো যুক্তরাষ্ট্রের একটি অলাভজনক সংস্থা যা ২০২৫ সালের ফেব্রুয়ারিতে গাজায় চলমান মানবিক সংকটের সময় মানবিক সাহায্য বিতরণের জন্য প্রতিষ্ঠিত হয়। শুরু থেকেই GHF'র ত্রাণ বিতরণ ব্যবস্থা ব্যাপকভাবে সমালোচিত। কারণ এর ফলে বিপুলসংখ্যক মানুষকে সক্রিয় যুদ্ধক্ষেত্রের মধ্য দিয়ে হেঁটে অল্প কয়েকটি কেন্দ্রে যেতে বাধ্য করা হচ্ছিল। ২৭ মে-৩১ জুলাই ২০২৫ এর মধ্যে অন্তত ৮৫৯ জন ফিলিস্তিনি GHF'র ত্রাণকেন্দ্রগুলোর আশেপাশে খাদ্য সংগ্রহের চেষ্টা করার সময় ইসরায়েলি বাহিনীর গুলিতে নিহত হন।



## ক্ষুধা কী

ক্ষুধা হলো এমন একটি শারীরিক ও মানসিক অবস্থা, যখন মানব
প্রয়োজনীয় পরিমাণ খাদ্য ও পুষ্টি গ্রহণ করতে পারে না। এ
কেবল পেট খালি থাকা বা খাবার না পাওয়ার সমস্যা নয়; ব
এটি একটি দীর্ঘমেয়াদি সংকট, যা শরীরের কার্যক্ষমতা, মানসি
স্থিতি এবং সামগ্রিক সুস্থতার উপর গভীর প্রভাব ফেলে।

## ক্ষুধা যখন অস্ত্র

যুদ্ধে জনসমষ্টিকে দুর্বল বা ধ্বংস করার জন্য ইচ্ছাকৃতভাবে
খাদ্যের উপর নিষেধাজ্ঞা ব্যবহার করা হয়। ক্ষুধাকে অস্ত্র
হিসেবে ব্যবহারের কিছু পদ্ধতি :

- শত্রু গোষ্ঠী বা বিদ্রোহী অঞ্চলগুলোর জন্য খাদ্য সরবরাহ বন্ধ করে দেওয়া হয়।
- আন্তর্জাতিক সংস্থাগুলো (যেমন— জাতিসংঘ, রেড ক্রস) থেকে খাদ্য সহায়তা আসতে দেওয়া হয় না।
- যুদ্ধ বা অবরোধের মাধ্যমে বাজারব্যবস্থা ভেঙে ফেলা হয়, ফলে খাদ্যের দাম বেড়ে যায় এবং মানুষ কিনতে পারে না।

## ইতিহাসের পাতায় ক্ষুধার অস্ত্র

প্রাচীনকাল থেকেই দুর্গ বা শহরের অবরোধে খাদ্য ও পানির সরবরা
বন্ধ করে দেওয়া একটি সাধারণ সামরিক কৌশল ছিল। শত্রুদে
অনাহারে রেখে আত্মসমর্পণ করাতে বাধ্য করা হতো। যেমন—

- ৭০ সালে রোমানদের দ্বারা জেরুজালেম অবরোধে খাদ্যাভা
ব্যাপক মৃত্যু ঘটেছিল।
- মধ্যযুগীয় ইউরোপেও দুর্গের অবরোধে খাদ্য অবরোধ ছি
একটি কার্যকর কৌশল।
- প্রথম বিশ্বযুদ্ধে জার্মানির বিরুদ্ধে মিত্রশক্তির অবরোধ কৃত্রি
খাদ্যসংকট তৈরি করেছিল।
- ১৯৩২-৩৩ সালে সোভিয়েত ইউনিয়নের স্ট্যালিন সরকা
ইউক্রেনে ইচ্ছাকৃতভাবে দুর্ভিক্ষ সৃষ্টি করে, যার ফলে লক্ষ লক্ষ
ইউক্রেনীয় কৃষক ও তাদের পরিবার মারা যায়।
- দ্বিতীয় বিশ্বযুদ্ধে নাৎসি জার্মানি সোভিয়েত ইউনিয়নের লেনিনগ্রা
শহরকে প্রায় ৯০০ দিন ধরে অবরোধ করে ক্ষুধার অস্ত্র প্রয়োগ করে

## আন্তর্জাতিক আইন কী বলে

যুদ্ধকালীন সময়ে বেসামরিক নাগরিকদের অনাহারে রাখ
আন্তর্জাতিক মানবিক আইন (International Humanitarian
Law) অনুযায়ী যুদ্ধাপরাধ হিসেবে গণ্য।

- ১২ আগস্ট ১৯৪৯ সালের জেনেভা কনভেনশনের সাথে যুক্ত
এবং ৮ জুন ১৯৭৭ সালের আন্তর্জাতিক সশস্ত্র সংঘাতের
শিকারদের সুরক্ষা (প্রোটোকল ১) সম্পর্কিত প্রোটোকলের
৫৪নং আর্টিকেলে বলা হয়— Starvation of civilians as a
method of warfare is prohibited।



Scanned with CamScanner



# গণতন্ত্র
## রাষ্ট্রের অপরিহার্য উপাদান

### নামকরণ ও সংজ্ঞা

গণতন্ত্রের অর্থ হলো জনগণের শাসন। বাংলা 'গণতন্ত্র' পরিভাষাটি ইংরেজি Democracy শব্দ থেকে এসেছে। আবার Democracy শব্দটির উৎপত্তি গ্রিক শব্দ Demokratia থেকে, যার অর্থ 'জনগণের শাসন'। Demokratia শব্দটির উৎপত্তি demos ও Kratos থেকে। গ্রিক শব্দ demos অর্থ হলো জনগণ আর Kratos অর্থ হলো ক্ষমতা বা শাসন ক্ষমতা বা কর্তৃত্ব। সুতরাং শব্দগত বা উৎপত্তিগত অর্থে গণতন্ত্র হচ্ছে জনগণ পরিচালিত শাসনব্যবস্থা। অর্থাৎ সরকার বা শাসন ব্যবস্থা যখন সংখ্যাগরিষ্ঠের মতামত দিয়ে পরিচালিত হয়, তখন তাকে গণতন্ত্র বা গণতান্ত্রিক শাসন ব্যবস্থা বলে আখ্যায়িত করা হয়ে থাকে।

- গ্রিক ঐতিহাসিক হেরোডোটাস গণতন্ত্রের সংজ্ঞা নির্ধারণ করতে গিয়ে বলেন, 'গণতন্ত্র হচ্ছে এমন এক ধরনের শাসন ব্যবস্থা যেখানে শাসন ক্ষমতা কোন শ্রেণীর উপর ন্যস্ত না থেকে বরং সমাজের সকল সদস্যের হাতে ন্যস্ত থাকে'।
- ১৯ নভেম্বর ১৮৬৩ মার্কিন প্রেসিডেন্ট আব্রাহাম লিংকন গণতান্ত্রিক সরকারের স্বরূপ বর্ণনা করতে গিয়ে বলেন, 'গণতন্ত্র হল জনগণের, জনগণের জন্য এবং জনগণের দ্বারা সরকার' (Democracy is a government of the people, for the people and by the people)।

### প্রকারভেদ

সাধারণভাবে গণতন্ত্রকে দু'ভাগে ভাগ করা যায়-প্রত্যক্ষ গণতন্ত্র ও প্রতিনিধিত্বমূলক বা পরোক্ষ গণতন্ত্র।

- **প্রত্যক্ষ গণতন্ত্র :** নাগরিকগণ যখন সরাসরিভাবে শাসনকার্যে অংশগ্রহণ করে রাষ্ট্রের ক্ষমতা প্রয়োগ করে, নীতি নির্ধারণ করে এবং আইন প্রণয়ন করে তখন তাকে প্রত্যক্ষ গণতন্ত্র বলে। আধুনিককালে সুইজারল্যান্ড প্রত্যক্ষ গণতন্ত্রের ভিত্তিতে শাসিত হয়।
- **প্রতিনিধিত্বমূলক বা পরোক্ষ গণতন্ত্র :** পরোক্ষ গণতন্ত্র হলো জনগণের প্রতিনিধির শাসন। নির্বাচিত প্রতিনিধিগণ জনগণের কল্যাণে জনগণের শাসন কার্য পরিচালনা করেন। আধুনিক যুগ মূলত পরোক্ষ গণতন্ত্রের যুগ।

### উৎপত্তি ও ক্রমবিকাশ

বিশ্বের প্রথম গণতন্ত্র সৃষ্টি হয় বর্তমান গ্রিসের ছোট একটি নগর রাষ্ট্র এথেন্সে। তবে প্রথম দিকে এথেন্সে ছিল রাজতন্ত্র। খ্রিষ্টপূর্ব সপ্তম শতকে রাজতন্ত্রের পরিবর্তে এক ধরনের অভিজাততন্ত্র প্রতিষ্ঠিত হয়। ক্ষমতা চলে আসে অভিজাতদের হাতে। সপ্তম খ্রিষ্টপূর্বাব্দের মাঝামাঝি সময়ে রাষ্ট্রব্যবস্থায় এক পরিবর্তন আসে। এ সময় অভিজাত বংশে জন্ম নেওয়া 'সোলন' (Solon) সবচেয়ে খ্যাতিমান ছিলেন। খ্রিষ্টপূর্ব ৫ম শতকে তিনি কিছু নতুন আইন প্রণয়ন করেন এবং গ্রিক আইনের কঠোরতা হ্রাস করেন। তিনি ঋণ থেকে কৃষকদের মুক্ত করার জন্য আইন পাস করেন। তার সময় অনেক অর্থনৈতিক সংস্কারও করা হয়। এজন্য তাকে আখ্যায়িত করা হয় গণতন্ত্রের জনক হিসেবে। সোলনের পর জনগণের কল্যাণে তাদের অধিকার দেওয়ার জন্য এগিয়ে আসেন পিসিসট্রেটাস এবং ক্লিসথেনিস। তারা জনগণের কল্যাণের জন্য অনেক আইন পাস করেন। তবে চূড়ান্ত গণতন্ত্র প্রতিষ্ঠা হয় পেরিক্লিসের সময়। তার সময়কে গ্রিক সভ্যতার 'স্বর্ণযুগ' বলা হয়ে থাকে। তার সময়ে নাগরিকদের ইচ্ছা অনুযায়ী দেশ পরিচালিত হতো। সকল নাগরিককে নিয়ে তৈরি হতো গণপরিষদ (Assembly)। আর বর্তমান যুক্তরাজ্যে সংসদীয় বা আধুনিক গণতন্ত্রের যাত্রা শুরু হয় ১৫ জুন ১২১৫ Magna Carta চুক্তির মাধ্যমে। ম্যাগনাকার্টা চার্টারের প্রথম নাম ছিল Charter of Runnymede। পরে এটি ম্যাগনাকার্টা চার্টার নামেই পরিচিতি লাভ করে। ম্যাগনাকার্টা চুক্তির মাধ্যমে চালু হওয়া যুক্তরাজ্যের গণতন্ত্র আজ অনেক দেশেই অনুসৃত হচ্ছে।

### আন্তর্জাতিক গণতন্ত্র দিবস

১৬ সেপ্টেম্বর ১৯৯৭ ইন্টার-পার্লামেন্টারি ইউনিয়ন (IPU) কর্তৃক গৃহীত হয় Universal Declaration on Democracy। এতে গণতন্ত্রের নীতি, আদর্শ, উপাদান, গণতান্ত্রিক সরকারের চর্চা এবং গণতন্ত্র সম্প্রসারণে আন্তর্জাতিক সুযোগ ও সম্ভাবনা তৈরির বিষয়ে ঘোষণা দেওয়া হয়। পরবর্তীকালে কাতারের নেতৃত্বে জাতিসংঘের সাধারণ অধিবেশনে আন্তর্জাতিক গণতন্ত্র দিবসের প্রস্তাবটি উপস্থাপন করা হয়। পরে IPU ১৫ সেপ্টেম্বরকে আন্তর্জাতিক গণতন্ত্র দিবস হিসেবে নির্ধারণের প্রস্তাব করলে তা ৮ নভেম্বর ২০০৭ জাতিসংঘ সাধারণ পরিষদের সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। এরপর থেকে প্রতি বছর ১৫ সেপ্টেম্বর আন্তর্জাতিক গণতন্ত্র দিবস পালিত হয়ে আসছে।

| | |
|---|---|
| গণতন্ত্রের সূতিকাগার | গ্রিস |
| আধুনিক গণতন্ত্রের সূতিকাগার | যুক্তরাজ্য |
| প্রত্যক্ষ গণতন্ত্রের দেশ | সুইজারল্যান্ড |
| সংসদীয় গণতন্ত্রের উৎপত্তি | যুক্তরাজ্য |
| রাষ্ট্রপতি শাসিত সরকার ব্যবস্থার উৎপত্তি | যুক্তরাষ্ট্র |
| বৃহত্তম গণতান্ত্রিক দেশ | ভারত |
| গণতন্ত্রের জনক | সোলন (গ্রিস) |
| আধুনিক গণতন্ত্রের জনক | জন লক (যুক্তরাজ্য) |
| সংসদীয় গণতন্ত্রের জনক | সাইমন ডি মন্টফোর্ট |



Scanned with CamScanner

# শিক্ষা ও সাক্ষরতার ইতিহাস

'Education' শব্দটি এসেছে ল্যাটিন শব্দ, educere বা educare হতে। 'শিক্ষা' শব্দটি এসেছে সংস্কৃত শব্দ 'শা ধাতু হতে। 'শিক্ষা' হলো শরীর, মন ও আত্মার সুসামঞ্জস্য উন্নয়ন ঘটানোর কৌশল। ১৭ সেপ্টেম্বর ঐতিহাসি শিক্ষা দিবস ও ৮ সেপ্টেম্বর আন্তর্জাতিক সাক্ষরতা দিবস দুটি নিয়ে এবারের আয়োজন

## ঐতিহাসিক মহান শিক্ষা দিবস

সাধারণ শিক্ষার্থীদের অংশগ্রহণ ও নেতৃত্বে তৎকালীন পাকিস্তানের পূর্বাঞ্চলে ১৯৬২ সালে শিক্ষা আন্দোলন সংঘটিত হয়। এই আন্দোলনের সূচনা হয় অবৈতনিক প্রাথমিক শিক্ষা, গণমুখী শিক্ষার প্রসার, শিক্ষার বাণিজ্যিকীকরণ ও শিক্ষাক্ষেত্রে বৈষম্য-বঞ্চনা নিরসন তথা সংখ্যাগরিষ্ঠ জনগণের স্বার্থ সংরক্ষণের লক্ষ্যে।

**ইতিহাস:** প্রথমে এই আন্দোলন শুরু হয় ঢাকা কলেজ থেকে। তিন বছরের ডিগ্রি পাস কোর্সের বিপক্ষে ঢাকা কলেজের ছাত্ররা প্রথম প্রতিক্রিয়া ব্যক্ত করেন। ডিগ্রির প্রতিবন্ধী ছাত্র এম আই চৌধুরী এ আন্দোলনের সূচনা করেন। বিচ্ছিন্নভাবে বিভিন্ন কলেজে এ আন্দোলন চলতে থাকে। 'ডিগ্রি স্টুডেন্টস ফোরাম' নামে সংগঠন পরে 'ইস্ট পাকিস্তান স্টুডেন্টস ফোরাম' নামে সংগঠিত হয়ে আন্দোলন চালাতে থাকে। ১০ আগস্ট ১৯৬২ আন্দোলনের গুণগত পরিবর্তন ঘটে। এদিন বিকেলে ঢাকা কলেজ ক্যান্টিনে স্নাতক ও উচ্চমাধ্যমিক উভয় শ্রেণির ছাত্ররা এক সমাবেশে মিলিত হয়। এই সভার পূর্ব পর্যন্ত ছাত্র সংগঠনগুলোর কেন্দ্রীয় নেতাদের সঙ্গে শিক্ষা কমিশনবিরোধী আন্দোলনের কোনো যোগসূত্র ছিল না। এক সভায় ১৫ আগস্ট সারা দেশে ছাত্রদের সাধারণ ধর্মঘট পালনের সিদ্ধান্ত নেয়। দেশব্যাপী ছাত্রসমাজের কাছে তা ব্যাপক সাড়া জাগায়। এরপর আন্দোলনের পরবর্তী কর্মসূচি হিসেবে ১০ সেপ্টেম্বর ১৯৬২ সচিবালয়ের সামনে ছাত্রদের অবস্থান ধর্মঘটের সিদ্ধান্ত হয়। পূর্ব পাকিস্তান সরকার ১৪৪ ধারা জারি করে। এমতাবস্থায় ১০ সেপ্টেম্বর কর্মসূচি প্রত্যাহার করা হলেও ছাত্ররা ১৭ সেপ্টেম্বর হরতালের ডাক দেয়। ব্যাপক প্রচারের সাথে চলতে থাকে পথসভা, খণ্ডমিছিল। ব্যবসায়ী সমিতি, কর্মচারী সমিতি, রিকশা ইউনিয়ন, শ্রমিক ইউনিয়নগুলোর সঙ্গে যোগাযোগ করা হয়। ১৭ সেপ্টেম্বর ১৯৬২, ১৪৪ ধারা উপেক্ষিত করে তৎকালীন ছাত্র সংগ্রাম পরিষদের আহ্বানে দেশব্যাপী হরতাল পালিত হয়। সেদিন পুলিশের সঙ্গে ছাত্র-জনতার ব্যাপক সংঘর্ষ হয়। পুলিশ নির্বিচারে শিক্ষার্থীদের উপর গুলি করে। শহিদ হন নবকুমার স্কুলের ছাত্র বাবুল, বাসের কন্ডাক্টর গোলাম মোস্তফা ও গৃহকর্মী ওয়াজিউল্লাহ।

## আন্তর্জাতিক সাক্ষরতা দিবস

৮ সেপ্টেম্বর বিশ্বব্যাপী আন্তর্জাতিক সাক্ষর দিবস পালিত হয়। ১৯৭২ সালে গণপ্রজাত বাংলাদেশ সরকারের সংবিধান প্রণীত হয় তার ১৭নং অনুচ্ছেদে দেশ থেকে নিরক্ষর দূরীকরণ এবং শিক্ষাকে অবৈতনিক ও বাধ্যতামূল হিসেবে ঘোষণা করা হয়। সাক্ষরতা বিস্তা ১৯৭২ সালে স্বাধীন বাংলাদেশে প্রথমবারে মতো সাক্ষরতা দিবস উদ্‌যাপিত হয়। ১৯৬ সাল থেকে বিশ্বব্যাপী এবং ১৯৭২ সাল থে স্বাধীন বাংলাদেশে ৮ সেপ্টেম্বর আন্তর্জাতি সাক্ষরতা দিবস উদ্‌যাপিত হয়ে আসছে। উল্লেখ বিশ্বের বিভিন্ন দেশে এই সাক্ষরতার সংজ্ঞা ভিন্নতা থাকলেও ১৯৬৭ সালে ইউনেস্কো সর্বজনীন একটি সংজ্ঞা নির্ধারণ করে। তখ শুধু কেউ নাম লিখতে পারলেই তাকে সাক্ষ বলা হতো। পরবর্তীতে প্রায় প্রতি দশকে এই সংজ্ঞায় পরিবর্তন আসে এবং ১৯৯ সালের একটি সংজ্ঞায় ব্যক্তিকে সাক্ষর হওয়া জন্য তিনটি শর্ত পূরণ করতে হয়। সেগুলে হলো— ব্যক্তি নিজ ভাষায় সহজ ও ছো বাক্য পড়তে পারবে, নিজ ভাষায় সহজ ছোট বাক্য লিখতে পারবে, দৈনন্দিন জীবনে সাধারণ হিসাব-নিকাশ করতে পারবে।



### সাক্ষর

সাক্ষর এর ইংরেজি Literate। এটি স + অক্ষর = সাক্ষর। এর অর্থ হলো অক্ষর জ্ঞান সম্পন্ন, অক্ষরযুক্ত, অল্পশিক্ষিত। অর্থাৎ অক্ষর দিয়ে বা বর্ণ দিয়ে কিছু লিখতে ও পড়তে পারা। যে ব্যক্তি অক্ষর দিয়ে কোনো কিছু পড়তে ও লিখতে পারে তাকে সাক্ষর বলে। অন্যদিকে, সাক্ষরতা (Literacy) হলো একটি ধারাবাহিক শিক্ষা উন্নয়ন কার্যক্রম। নিরক্ষর ব্যক্তিদের সাক্ষর করে তোলার জন্য সরকারি, বেসরকারি ভাবে যে কার্যক্রম গ্রহণ করা হয় তাই মূলত সাক্ষরতা কার্যক্রম। যেমন— গণশিক্ষা কার্যক্রম, বয়স্ক শিক্ষা কার্যক্রম, মৌলিক শিক্ষা কার্যক্রম।

### স্বাক্ষর

স্বাক্ষর এর ইংরেজি Signature। এখানে স্ব = নিজ, আপন অক্ষর = বর্ণ, সুতরাং স্বাক্ষর নিজের অক্ষর। কাজেই শব্দের উৎপত্তিগত দিক থেকে বলা যায় কোনো ব্যক্তি নিজের নাম লিখতে বা দস্তখত বা সই করতে পারাই হলো স্বাক্ষর। তাই বলা যায় অক্ষর জ্ঞান সম্পন্ন ব্যক্তি কোনো কিছুতে যে নাম বা চিহ্ন ব্যবহার করেন তাকেই ঐ ব্যক্তির স্বাক্ষর বলে।

নামিবিয়া আফ্রিকান ইউনিয়নের সদস্যপদ লাভ করে ১৯৯০ সালের জুন

# ইন্টার-পার্লামেন্টারি ইউনিয়ন

## পটভূমি

ইন্টার-পার্লামেন্টারি ইউনিয়ন বা আন্ত-সংসদীয় ইউনিয়ন (IPU) হলো পার্লামেন্ট সদস্যদের আন্তর্জাতিক প্রতিষ্ঠান। এটি রাজনৈতিক বহুমুখী আলোচনার জন্য প্রথম স্থায়ী ফোরাম। ব্রিটিশ নাগরিক উইলিয়াম র‍্যান্ডাল ক্রেমার এবং ফ্রান্সের ফ্রেডেরিক প্যাসি IPU'র স্বপ্নদ্রষ্টা ও প্রতিষ্ঠাতা। ৩১ অক্টোবর ১৮৮৮ তারা প্রথম প্যারিসে এই ধরনের একটি সংগঠন প্রতিষ্ঠার জন্য বৈঠক করেন। ৩০ জুন ১৮৮৯ লন্ডনে এটি প্রতিষ্ঠিত হয়। যার প্রতিষ্ঠাকালীন নাম ছিল Inter-Parliamentary Conference for International Arbitration। ১৯০৫ সালে নামকরণ করা হয় Inter-Parliamentary Union (IPU)। ১৬ সেপ্টেম্বর ১৯৯৭ IPU কর্তৃক গৃহীত হয় Universal Declaration on Democracy। প্রাথমিকভাবে প্রতিষ্ঠানটি ছিল স্বতন্ত্র সংসদ সদস্যদের জন্য। পরে এটি সার্বভৌম রাষ্ট্রগুলোর আন্তর্জাতিক সংস্থায় রূপান্তরিত হয়। হেগে অবস্থিত আন্তর্জাতিক সালিশি আদালতের ধারণাও এই IPU থেকেই জন্ম নেয়।

## লক্ষ্য ও উদ্দেশ্য

- সকল দেশের সংসদ ও সংসদ সদস্যদের মধ্যে যোগাযোগ, সমন্বয় এবং অভিজ্ঞতা বিনিময়কে উৎসাহিত করা।
- আন্তর্জাতিক শান্তি, নিরাপত্তা ও উন্নয়ন প্রতিষ্ঠায় সংসদীয় অংশগ্রহণ বৃদ্ধি করা।
- বৈশ্বিক আইন ও নীতি নির্ধারণে সংসদীয় ভূমিকা জোরদার করা।
- পার্লামেন্টে নারী ও যুবক প্রতিনিধিত্ব বাড়ানো।
- সংলাপ ও মধ্যস্থতার মাধ্যমে দ্বন্দ্ব সমাধান করা।

## IPU ও বাংলাদেশ

৩১ আগস্ট ১৯৭১ বাংলাদেশের তৎকালীন প্রবাসী সরকারের প্রতিনিধি বিচারপতি আবু সাঈদ চৌধুরী IPU'র প্রেসিডেন্ট ফ্রান্সের আঁদ্রে চন্দ্রনগরের কাছে চিঠি লেখেন। চিঠিতে তিনি ১৯৭১ সালের সেপ্টেম্বরে IPU'র ৫৯তম সম্মেলনে বাংলাদেশের প্রতিনিধিদের যোগদানের সুযোগ দেওয়ার অনুরোধ জানান। ১৮-২৫ সেপ্টেম্বর ১৯৭২ ইতালির রাজধানী রোমে অনুষ্ঠিত IPU'র ৬০তম সাধারণ অধিবেশনে বাংলাদেশ সদস্যপদ লাভ করে। বাংলাদেশ ১৯৭৫ সালে সদস্যপদ প্রত্যাহার করলেও ১৯৮৬ সালে পুনরায় যোগদান করে। এরপর ১৮ এপ্রিল ২০০৮-৬ এপ্রিল ২০০৯ সদস্যপদ স্থগিত ছিল। ১৬ অক্টোবর ২০১৪ সুইজারল্যান্ডের রাজধানী জেনেভায় IPU'র ১৩১তম সাধারণ অধিবেশনে প্রথম বাংলাদেশি হিসেবে ২৮তম প্রেসিডেন্ট নির্বাচিত হন সাবের হোসেন চৌধুরী। এরপর ১-৫ এপ্রিল ২০১৭ IPU'র ১৩৬তম সাধারণ অধিবেশন বাংলাদেশের ঢাকায় অনুষ্ঠিত হয়।

## অধিবেশন

IPU বর্তমানে প্রতিবছর সাধারণ অধিবেশন আয়োজন করে। একটি সম্মেলন হয় সদর দপ্তর সুইজারল্যান্ডের রাজধানী জেনেভায় ও অন্যটি IPU'র গভর্নিং কাউন্সিলের সিদ্ধান্তে আঞ্চলিক কোনো রাষ্ট্রে।

■ অধিবেশন ▶ প্রথম : ২৯-৩০ জুন ১৮৮৯; (প্যারিস, ফ্রান্স) • ১৩৬তম : ১-৫ এপ্রিল ২০১৭ (ঢাকা, বাংলাদেশ) • ১৫০তম : ৫-৯ এপ্রিল ২০২৫ (তাসখন্দ, উজবেকিস্তান) • ১৫১তম : ১৯ অক্টোবর-২৩ অক্টোবর ২০২৫ (জেনেভা, সুইজারল্যান্ড)।

## ক্রেমার-প্যাসি পুরস্কার

২০২২ সালে IPU'র প্রতিষ্ঠাতা উইলিয়াম র‍্যান্ডাল ক্রেমার ও ফ্রেডেরিক প্যাসি'র নামে ক্রেমার-প্যাসি পুরস্কার প্রবর্তন করা হয়। এটি সংসদ সদস্যদের দেওয়া হয়, যারা IPU'র লক্ষ্য ও উদ্দেশ্য যেমন— শান্তি, সমতা, টেকসই উন্নয়ন ও বিশ্ব ঐক্য বাস্তবায়নে গুরুত্বপূর্ণ অবদান রাখেন।

## বিশ্ব পার্লামেন্ট দিবস

৩০ জুন বিশ্ব পার্লামেন্ট দিবস (International Day of Parliamentarism)। ২৩ মে ২০১৮ জাতিসংঘের সাধারণ পরিষদ IPU'র প্রতিষ্ঠার দিন ৩০ জুনকে আন্তর্জাতিক বিশ্ব পার্লামেন্ট দিবস হিসেবে ঘোষণা করে। এই দিনটি গণতন্ত্রের ভিত্তিপ্রস্তর হিসেবে সংসদের গুরুত্বকে স্বীকৃতি দেয় এবং তাদের শক্তিশালী, স্বচ্ছ, জবাবদিহিতামূলক ও প্রতিনিধিত্বশীল হতে উৎসাহিত করে।

### FACT FILE

পূর্ণরূপ : Inter Parliamentary Union ▌প্রতিষ্ঠা : ৩০ জুন ১৮৮৯ ▌সদর দপ্তর : জেনেভা, সুইজারল্যান্ড (প্রথম সদর দপ্তর ছিল বার্ন, সুইজারল্যান্ড) ▌দাপ্তরিক ভাষা : ইংরেজি ও ফরাসি ▌অঙ্গ সংগঠন : ৪টি— অ্যাসেম্বলি, গভর্নিং কাউন্সিল, এক্সিকিউটিভ কমিটি ও সচিবালয় ▌কার্যনির্বাহী কমিটির প্রধান ▶ প্রেসিডেন্ট • মেয়াদকাল : ৩ বছর • প্রথম প্রেসিডেন্ট : অগাস্ট বেয়ারনার্ট (বেলজিয়াম); ১৯০৯-১৯১২ • প্রথম নারী প্রেসিডেন্ট : নাজমা হেপতুল্লা (ভারত); ১৯৯৯-২০০২ • বর্তমান প্রেসিডেন্ট : তুলিয়া অ্যাকসন (তানজানিয়া); ২৭ অক্টোবর ২০২৩-বর্তমান ▌প্রধান নির্বাহী কর্মকর্তা ▶ মহাসচিব • মেয়াদকাল : ৪ বছর • প্রথম মহাসচিব : চার্লস আলবার্ট গোবাট (সুইজারল্যান্ড); ১৮৯২-১৯০৯ • বর্তমান মহাসচিব : মার্টিন চুংগং (ক্যামেরুন); ১ জুলাই ২০১৪-বর্তমান ▌বর্তমান সদস্য : ১৮১ • বাংলাদেশের সদস্যপদ লাভ : ১৯৭২ • সর্বশেষ সদস্য : বেলিজ (৬ এপ্রিল ২০২৫)



Scanned with CamScanner

## ভাষা ও সাহিত্য

মণিপুরীদের মধ্যে দুটি ভিন্ন ভাষা প্রচলিত রয়েছে বিষ্ণুপ্রিয়া মণিপুরী ভাষা (বিষ্ণুঠা) ও মৈতৈ মণিপুরী ভাষা (মৈতৈলোনকেই)। বিষ্ণুপ্রিয়া মণিপুরীদের মাঝে প্রচলিত ভাষার সংক্ষিপ্ত নাম হলো 'বিষ্ণুঠার'। এ ভাষার স্বরূপগত উৎপত্তির মূলে রয়েছে মাগধীয় প্রাকৃত। যদিও বাংলা-অসমীয়ার সঙ্গে বিষ্ণুপ্রিয়া মণিপুরী ভাষার ক্ষেত্রগত কিছু মিল পরিলক্ষিত হয়, তথাপি এর নিজস্ব ধ্বনিগত ও রূপগত কিছু বৈশিষ্ট্য রয়েছে। বিষ্ণুপ্রিয়া মণিপুরীরা তাদের নিজভাষাকে 'ইমারঠার' নামে আখ্যায়িত করেন। যার অর্থ মাতৃভাষা। কার্যত Languistic Commissioner of India স্বয়ং তদন্ত সাপেক্ষে Registrar General, Government of India, no- 27,78 cd (c.e.n.) New Delhi, Dated 26th June 1980-এর আদেশ অনুযায়ী, বিষ্ণুপ্রিয়াদের ভাষার নাম হলো 'বিষ্ণুপ্রিয়া মণিপুরী'। মণিপুরী ভাষা আজ শুধু মণিপুরের রাষ্ট্রভাষাই নয়, এটি ভারতের সংবিধানে ৮ম তফসিলে অন্তর্ভুক্তির মাধ্যমে দেশটির জাতীয় ভাষা হিসেবে স্বীকৃতি লাভ করেছে। মহাভারত, রামায়ণের মতো মহাকাব্য এবং ধর্মীয় গ্রন্থ শ্রীমদ্ভাগবদগীতা, বাইবেল প্রভৃতি মণিপুরী ভাষায় অনূদিত হয়েছে।

## জনসংখ্যা

২০২২ সালের জনশুমারি অনুযায়ী মণিপুরীদের মোট জনসংখ্যা ২২,৯৭৯ জন।

মণিপুরী বসবাসে শীর্ষ ৫ উপজেলা ও জেলা

| ক্রমিক | উপজেলা | | জেলা | |
|---|---|---|---|---|
| | নাম | জনসংখ্যা | নাম | জনসংখ্যা |
| ১ | কমলগঞ্জ (মৌলভীবাজার) | ১৫৭০৮ | মৌলভীবাজার | ১৮০৩১ |
| ২ | সিলেট সিটি কর্পোরেশন | ২০৪০ | সিলেট | ২৮৩৪ |
| ৩ | জুড়ী (মৌলভীবাজার) | ১০৭৮ | হবিগঞ্জ | ৮০৩ |
| ৪ | চুনারুঘাট (হবিগঞ্জ) | ৭০৭ | ঢাকা | ৩১৮ |
| ৫ | শ্রীমঙ্গল (মৌলভীবাজার) | ৫৬৪ | গাজীপুর | ১০৯ |

## FACT FILE

ইংরেজি নাম : Manipuri • বসবাসে শীর্ষ উপজেলা : কমলগঞ্জ (মৌলভীবাজার) • বসবাসে শীর্ষ জেলা : মৌলভীবাজার • ভাষা : বিষ্ণুপ্রিয়া মণিপুরী ও মৈথৈ • ধর্ম : বৈষ্ণব ও ইসলাম • পরিবার : পিতৃতান্ত্রিক • জনসংখ্যা : ২২,৯৭৯ • বর্ষবরণ অনুষ্ঠান : বিষু বা চেরৌ ও চৈরাউবা কুম্মৈ • কলাবতী শাড়ি উদ্ভাবন করেন রাধাবতী দেবী।

## মণিপুরী ললিতকলা একাডেমি

মণিপুরী জনগোষ্ঠীর ঐতিহ্যমণ্ডিত সাংস্কৃতিক উপাদানকে সংরক্ষণ ও পুনর্জাগরণ করার জন্য ১৯৭৭ সালে মৌলভীবাজার জেলার কমলগঞ্জ উপজেলার মাধবপুর ইউনিয়নের শিববাজারে মণিপুরী ললিতকলা একাডেমি প্রতিষ্ঠিত হয়। ২০১০ সালে মণিপুণি ললিতকলা একাডেমি একটি পূর্ণাঙ্গ স্বায়ত্তশাসিত সরকারি প্রতিষ্ঠান হিসেবে রাজস্বখাতে অন্তর্ভুক্ত হয়।

## মণিপুরী জাদুঘর

মণিপুরী জাদুঘর মৌলভীবাজারের কমলগঞ্জ উপজেলার আদমপুর ইউনিয়নের ছনগাঁও গ্রামে অবস্থিত। ১ অক্টোবর ২০০৬ মণিপুরী বাসিন্দা হামোম তনুবাবু এই জাদুঘর প্রতিষ্ঠা করেন। মণিপুরী জাদুঘরের পোশাকি নাম 'চাউবা মেমোরিয়াল মণিপুরি ইন্টেলেকচুয়াল প্রপার্টি মিউজিয়াম'।

## মণিপুরী শাড়ি

সিলেটি মণিপুরী তাঁতশিল্পের ঐতিহ্য অনেক প্রাচীন। এটি ৩০০ বছরের কৃষ্টি ও সংস্কৃতি। ধারণা করা হয় মণিপুরি নারী তাঁতিরা মণিপুরী 'ইন্নাফ' (ওড়না) থেকে ১২ হাতের শাড়ি বোনা শুরু করেন। সিলেটের মণিপুরী শাড়ি দেশের ৩৭তম নিবন্ধিত ভৌগোলিক নির্দেশক (GI) পণ্য।

## মণিপুরী নৃত্য

উপমহাদেশের শাস্ত্রীয় নৃত্যের অন্যতম একটি শাখা মণিপুরী নৃত্য। একে সুপ্রাচীন নৃত্যধারা হিসেবে অভিহিত করা হয়ে থাকে। ভারতের মণিপুর থেকে মূলত মণিপুরী নৃত্যের উৎপত্তি। এই নৃত্যকে বহির্বিশ্বে পরিচিত করেন কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর। তিনি প্রথম সিলেটে এবং ত্রিপুরাতে এই নৃত্য অনুষ্ঠান দেখে মণিপুরী নৃত্যের প্রতি মুগ্ধ ও আকৃষ্ট হন। এরপর তিনি আগরতলা থেকে মণিপুরী নৃত্য শিক্ষক এনে এবং পরবর্তীকালে মণিপুর থেকে নৃত্য শিক্ষক এনে শান্তিনিকেতনে মণিপুরী নৃত্য শিক্ষার ব্যবস্থা শুরু করেন।

## পরীক্ষার প্রশ্নে মণিপুরী

১. ক্ষুদ্র নৃ-গোষ্ঠী 'মণিপুরী' বাংলাদেশের কোন জেলায় বেশি বসবাস করে? [৪৫তম বিসিএস]
ক সিলেট খ মৌলভীবাজার গ হবিগঞ্জ ঘ সুনামগঞ্জ

২. বাংলাদেশের বিখ্যাত মণিপুরী নাচ কোন অঞ্চলের? [২২তম বিসিএস]
ক রাঙামাটি খ রংপুর গ কুমিল্লা ঘ সিলেট

৩. মণিপুরী উপজাতি কোন জেলায় বাস করে? [শিক্ষা, ডাক, স্বাস্থ্য ও অর্থ মন্ত্রণালয় প্রশাসনিক ও ব্যক্তিগত কর্মকর্তা ২০১৫]
ক কুমিল্লা খ সিলেট গ রাঙামাটি ঘ ময়মনসিংহ

৪. মণিপুরী নৃগোষ্ঠীর বসবাস বাংলাদেশের কোন অঞ্চলে? [জাবি 'সি১' ইউনিট ২০১৭-১৮]
ক ময়মনসিংহ খ রংপুর গ সিলেট ঘ পটুয়াখালী

৫. কোন উপজাতি বা ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর ধর্ম ইসলাম? [৩৬তম বিসিএস]
ক রাখাইন খ মারমা গ পাঙন ঘ খিয়াং

নামিবিয়ায় এমন কিছু প্রাণী, উদ্ভিদ ও প্রাকৃতিক দৃশ্য রয়েছে যা পৃথিবীর আর কোথাও নেই

প্রবন্ধ

# বাংলাদেশের পর্যটন শিল্প সম্ভাবনা ও উত্তরণ

প্রাকৃতিক সৌন্দর্য উপভোগের আকাঙ্ক্ষা মানুষকে নিয়ে যায় হিমালয় থেকে সুন্দরবন, পিরামিডের চূড়া থেকে টেম্স নদীর তীরে। বাংলাদেশ একটি বৈচিত্র্যপূর্ণ পর্যটন সম্ভাবনাময় দেশ। বাংলাদেশের অর্থনীতিতে পর্যটন একটি বিশাল সম্ভাবনা নিয়ে এসেছে, যা কর্মসংস্থান সৃষ্টি, বৈদেশিক মুদ্রা অর্জন এবং দেশের ভাবমূর্তি উজ্জ্বল করতে সাহায্য করবে

## পর্যটন শিল্প

পর্যটন হলো এমন একটি প্রক্রিয়া যেখানে মানুষ তাদের স্বাভাবিক আবাসস্থল থেকে অন্য কোথাও ভ্রমণ করে, যা বিনোদন, ব্যবসা বা অন্যান্য উদ্দেশ্যে হতে পারে। কোনো ভৌগোলিক স্থানকে কেন্দ্র করে যে শিল্প গড়ে ওঠে, যেখানে পর্যটকদের জন্য আকর্ষণীয় সুযোগ সুবিধা তৈরি করা হয় তাকে পর্যটন শিল্প বলে। পর্যটন একটি বহুমাত্রিক ও শ্রম ঘন শিল্প। সবচেয়ে দ্রুত সম্প্রসারণশীল ও বৃহৎ বাণিজ্যিক কাজকর্ম হিসেবে এই শিল্প নিজস্ব গণ্ডি পেরিয়ে বিশ্বব্যাপী স্বীকৃতি লাভ করেছে। মানুষের এই ভ্রমণ আকাঙ্ক্ষা থেকেই পর্যটন শিল্পের উৎপত্তি। পৃথিবীর অনেক দেশে এ পর্যটন শিল্প আজ এক নতুন রূপ লাভ করেছে।

## পর্যটন শিল্পের ইতিহাস

১৯৭১ সালে পৃথিবীর মানচিত্রে নতুন এক দেশের জন্ম হয়, যার নাম বাংলাদেশ। স্বাধীনতার পর ২৭ নভেম্বর ১৯৭২ মহামান্য রাষ্ট্রপতির ১৪৩ নং আদেশ The Bangladesh parjaton corporation order, 1972 জারির মাধ্যমে পর্যটন শিল্প প্রাতিষ্ঠানিক রূপ পায়। এর ধারাবাহিকতায় ১৯৭৩ সালের জানুয়ারি মাসে বাণিজ্য মন্ত্রণালয়ের অধীনে বাংলাদেশ পর্যটন কর্পোরেশন নামে একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান আত্মপ্রকাশ করে। বাংলাদেশে জাতীয় পর্যটন সংস্থা হিসেবে দুটি প্রধান প্রতিষ্ঠান কাজ করে। বাংলাদেশ পর্যটন কর্পোরেশন (BPC) এবং বাংলাদেশ ট্যুরিজম বোর্ড (BTB)। ১ জানুয়ারি ১৯৭৩ থেকে কার্যক্রম শুরু করে বাংলাদেশ পর্যটন কর্পোরেশন (BPC)। সংস্থা দুটি বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় এর আওতাধীন স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান। পর্যটন আইন-২০১০-এর মাধ্যমে ২০১০ সালের সেপ্টেম্বর মাসে জাতীয় পর্যটন সংস্থা (BTB) হিসেবে বাংলাদেশ ট্যুরিজম বোর্ড (BTB) গঠন করা হয়।

■ **জাতিসংঘের বিশ্ব পর্যটন সংস্থা (UN Tourism) :** জাতিসংঘের 'বিশ্ব পর্যটন সংস্থা' (World Tourism Organization পূর্বের নাম UNWTO) কার্যক্রম শুরু করে ১৯২৫ সালে। ১৯ ফেব্রুয়ারি ১৯৭৫ বাংলাদেশ এই সংস্থার সদস্য হয়। ১৯৮০ সালের বার্ষিক সম্মেলনে সংস্থার বিধিমালা গঠনের তারিখ ২৭ সেপ্টেম্বরকে বিশ্বব্যাপী পর্যটন দিবস পালনের সিদ্ধান্ত হয়। সংস্থাটির সদস্য রাষ্ট্র ১৬০টি।

## বাংলায় বিশ্বের বিখ্যাত পর্যটকবৃন্দ

বাংলা সুদূর অতীত থেকেই পর্যটকদের আকৃষ্ট করে। বিশ্বের নানা অংশ থেকে পর্যটকরা বিভিন্ন উদ্দেশ্যে বাংলা ভ্রমণ করেছে। অতীতে বাংলায় আসা কয়েকজন পর্যটক হচ্ছেন— গ্রিসের প্লিনি দ্য এল্ডার ১ম শতকে, মিসরের ক্লডিয়াস টলেমায়েস টলেমি ২য় শতকে, চীনের ফা-হিয়েন ৫ম শতকে ও হিউয়েন-সাং ৭ম শতকে, মরক্কোর ইবনে বতুতা ১৪শ শতকে, চীনের মা হুয়ান ১৫শ শতকে, পর্তুগালের দুয়ার্তে বারবোসা ১৬শ শতকে, ইতালির সিজার ফ্রেডেরিক ১৭শ শতকে, ইংল্যান্ডের র‍্যাল্ফ ফিচ ১৬শ শতকে, এবং ফ্রান্সের জে.বি টেভার্নিয়ার ১৭শ শতকে বাংলায় আগমন করেন।

## উল্লেখযোগ্য পর্যটন স্পট

ট্যুর অপারেটরস এসোসিয়েশন অব বাংলাদেশের প্রদত্ত পরিসংখ্যান অনুযায়ী, বছরে ৫০-৬০ লাখ মানুষ দেশের বিভিন্ন জায়গায় ঘুরতে যান। ওয়ার্ল্ড ট্রাভেল অ্যান্ড ট্যুরিজম কাউন্সিলের হিসাব অনুযায়ী বাংলাদেশের পর্যটন খাতে সরাসরি কর্মরত মানুষের সংখ্যা ১৫ লাখ। আর পরোক্ষভাবে আরও ২৩ লাখ মানুষ এর সঙ্গে জড়িত। সব মিলিয়ে প্রায় ৪০-৪৫ লাখ মানুষের কর্মসংস্থান সৃষ্টি করছে। আর্থিক মূল্যে দেশিয় পর্যটন খাতের আয়তন বেড়ে এখন দাঁড়িয়েছে কমপক্ষে ৪ হাজার কোটি টাকা। নিম্নে বাংলাদেশের কয়েকটি গুরুত্বপূর্ণ স্থানসমূহ উল্লেখ করা হলো—

■ **কক্সবাজার :** বাংলাদেশের দক্ষিণ-পূর্বাঞ্চলে অবস্থিত একটি পর্যটন শহর। এটি চট্টগ্রাম বিভাগের কক্সবাজার জেলার অন্তর্গত। এখানে রয়েছে বিশ্বের দীর্ঘতম অবিচ্ছিন্ন প্রাকৃতিক বালুময় সমুদ্র সৈকত যা ১২০ কিমি পর্যন্ত বিস্তৃত। এছাড়া বাংলাদেশের কক্সবাজার জেলার অন্তর্গত টেকনাফ উপজেলার একটি ইউনিয়ন সেন্টমার্টিন। সেন্টমার্টিন নারিকেল জিঞ্জিরা নামেও পরিচিত। এটি বাংলাদেশের একমাত্র প্রবাল দ্বীপ।

■ **সুন্দরবন :** খুলনা, সাতক্ষীরা ও বাগেরহাট জেলা জুড়ে বিস্তৃত। বর্তমানে বাংলাদেশের অংশে সুন্দরবনের আয়তন ৬,০১৭ বর্গ কিলোমিটার। সুন্দরবন ৬ ডিসেম্বর ১৯৯৭ ইউনেস্কো ঘোষিত ৭৯৮তম বিশ্ব ঐতিহ্য হিসেবে স্বীকৃতি দেয় এবং এর পূর্বে ১ মে ১৯৯২ সুন্দরবনকে রামসার কনভেনশনের আওতায় ৫৬০তম রামসার স্থান হিসেবে ঘোষণা করা হয়।



Scanned with CamScanner

■ **পাহাড়পুর বৌদ্ধ বিহার :** ৩০০ বছর ধরে বৌদ্ধদের অতি বিখ্যাত ধর্ম শিক্ষাদান কেন্দ্র ছিল। খ্রিষ্টিয় দশম শতকে বিহারের আচার্য ছিলেন অতীশ দীপঙ্কর শ্রীজ্ঞান। ১৯৮৫ সালে ইউনেস্কো এটিকে বিশ্ব ঐতিহ্যবাহী স্থানের স্বীকৃতি প্রদান করে।

■ **ষাট গম্বুজ মসজিদ :** ষাট গম্বুজ মসজিদ সুলতানি আমলে নির্মিত হয়। মসজিদটির নির্মাণ ১৪৪২ সালে শুরু হয় এবং এটি ১৪৫৯ সালে সম্পূর্ণ হয়। মসজিদটি সাধারণত নামাজের জন্য ব্যবহার করা হয়। ১৯৮৫ সালে ইউনেস্কো বাগেরহাটকে ঐতিহাসিক মসজিদের শহর হিসেবে ৩২১তম বিশ্ব ঐতিহ্যের তালিকাভুক্ত করে। এতে বাগেরহাটের ১৭টি স্থাপনা স্থান পায়। যার মধ্যে ষাটগম্বুজ মসজিদ অন্যতম। এছাড়াও বাংলাদেশে রয়েছে অসংখ্য নৈসর্গিক স্থান যেমন- শ্রীমঙ্গল, বান্দরবান, সাজেক উপত্যকা, রাঙ্গামাটি ইত্যাদি।

## সমস্যাসমূহ

পর্যটন শিল্প বিকাশে বাংলাদেশের সামনে যেসব প্রধান চ্যালেঞ্জ রয়েছে, সেগুলোকে হলো—

■ **কাগুজে নীতিমালা :** ১৯৯২ সালে জাতীয় পর্যটন নীতিমালা তৈরি করা হয় এবং ২০১০ সালে সেটি হালনাগাদও করা হয়। এখানে কক্সবাজার, সিলেট ও পার্বত্য চট্টগ্রামসহ বিভিন্ন স্থান ঢেলে সাজানোর কথা বলা রয়েছে। কিন্তু দীর্ঘ এ সময়ে চোখে পড়ার মতো কার্যকর কোনো উদ্যোগ নেই।

■ **দুর্বল অবকাঠামো :** পর্যটন কেন্দ্রগুলোতে পর্যাপ্ত সংখ্যক মানসম্মত হোটেল, মোটেল, রিসোর্ট এবং ইকো-লজের অভাব রয়েছে। এছাড়াও, সড়ক, রেল, নৌ ও বিমান যোগাযোগ ব্যবস্থা এখনও আধুনিকায়ন হয়নি, যা পর্যটকদের যাতায়াতকে কঠিন করে তোলে।

■ **রাজনৈতিক অস্থিরতা :** দেশে গণতান্ত্রিক রাজনৈতিক সংস্কৃতি গড়ে না ওঠায় রাজনৈতিক অস্থিরতা দেশের পর্যটন শিল্প বিকাশে বড় সমস্যা। বিভিন্ন সময়ে হরতাল, মিছিল মিটিং এর জন্য অনেক রাস্তা বন্ধ থাকে, যোগাযোগ ব্যহত হয়। তাছাড়া এই ধরনের অস্থিরতার সময় পর্যটন কেন্দ্রগুলো ও বন্ধ করে দেওয়া হয় যা পর্যটন খাতের উন্নয়নের পথে একটি বড় বাঁধা।

■ **দক্ষ মানবসম্পদের অভাব :** পর্যটন শিল্পে দক্ষ ও প্রশিক্ষিত জনবলের তীব্র সংকট রয়েছে। মানসম্মত গাইড, হোটেল ব্যবস্থাপক, রন্ধনশিল্পী এবং নিরাপত্তা কর্মীদের অভাব পর্যটকদের সেবার মানকে ক্ষতিগ্রস্ত করছে। বহুভাষিক গাইডের অভাব বিদেশি পর্যটকদের জন্য একটি বড় সমস্যা।

■ **অপর্যাপ্ত প্রচার ও ব্র্যান্ডিং :** আধুনিক ডিজিটাল বিপণন কৌশল এবং আন্তর্জাতিক পর্যটন মেলায় পর্যাপ্ত অংশগ্রহণ না থাকায় বিশ্বব্যাপী বাংলাদেশের পর্যটন সম্ভাবনা সম্পর্কে সঠিক বার্তা পৌঁছাচ্ছে না।

■ **ভিসা প্রক্রিয়ার জটিলতা :** বিদেশি পর্যটকদের জন্য ভিসা প্রাপ্তির প্রক্রিয়া এখনও অনেক জটিল ও সময়সাপেক্ষ। প্রয়োজনীয় কাগজপত্র সংগ্রহ এবং আবেদন প্রক্রিয়ার দীর্ঘসূত্রিতা অনেক সম্ভাব্য পর্যটককে বাংলাদেশ ভ্রমণ থেকে বিরত রাখে।

## পর্যটন শিল্প বিকাশের সম্ভাবনা

বাংলাদেশের উদীয়মান শিল্পের মধ্যে অন্যতম একটি হচ্ছে পর্যটন শিল্প। দেশের মোট জিডিপির শতকরা ৪.৪% আসে এই শিল্প থেকে। পর্যটন শিল্পকে উন্নত করে দেশের বেকারত্ব দূর করার পাশাপাশি প্রচুর বৈদেশিক মুদ্রাও আয় করা যায়। পৃথিবীতে এখন প্রায় ৮০৯ কোটি জনসংখ্যার বিপরীতে পর্যটকের সংখ্যা প্রায় ১০০ কোটি ছাড়িয়েছে। ২০৫০ সালে এই পর্যটকের সংখ্যা বেড়ে ৪৫০ কোটিতে গিয়ে পৌঁছবে। বাংলাদেশের প্রাকৃতিক সৌন্দর্যে রয়েছে সুবিশাল সমুদ্রসৈকত, পাহাড়, অরণ্যঘেরা জলপ্রপাত, প্রত্নতত্ত্বের প্রাচুর্য, ঐতিহাসিক নিদর্শনসহ নানা ধরনের প্রাকৃতিক সৌন্দর্যমণ্ডিত স্থান, যা পর্যটকদের আকৃষ্ট করার জন্য যথেষ্ট।

## উত্তরণের উপায়

- অবকাঠামোগত উন্নয়ন ও যাতায়াত ব্যবস্থা আধুনিকীকরণ করা।
- সিসি ক্যামেরার আওতায় এনে তদারকির ব্যবস্থা করে, পর্যটন এলাকায় পুলিশ কেন্দ্র স্থাপন, ও পর্যটকদের নিরাপত্তা ব্যবস্থা শতভাগ নিশ্চিত করা।
- বিদেশি পর্যটকদের জন্য পর্যাপ্ত সংখ্যক গাইডের ব্যবস্থা করা, গাইডদের প্রশিক্ষণ কার্যক্রম চালু করা ও যথাযথ গুরুত্ব দেওয়া।
- রাজনৈতিক স্থিতিশীলতা প্রণয়ন করে অর্থনৈতিক বরাদ্দ বৃদ্ধি করা।
- ভিসা প্রক্রিয়ায় ডিজিটাল সেবার আওতায় আধুনিক প্রযুক্তির মাধ্যমে সহজীকরণ করা।
- পর্যটন বিষয়ে শিক্ষা ও গবেষণার ওপর গুরুত্বারোপ করা।
- পর্যটন এলাকায় নিরবচ্ছিন্ন বিদ্যুৎ, গ্যাস ও উচ্চগতির ইন্টারনেট ব্যবস্থা, পর্যটকদের জন্য বিভিন্ন অফার প্যাকেজ চালু রাখা প্রভৃতি।

বাংলাদেশের পর্যটন শিল্প এক অপার সম্ভাবনার দুয়ার খুলে দিতে পারে। তবে, এই সম্ভাবনাকে বাস্তবে রূপ দিতে হলে চিহ্নিত সমস্যাগুলো সমাধান করে একটি সুচিন্তিত, সুসংহত এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা গ্রহণ ও তার কার্যকর বাস্তবায়ন অপরিহার্য। দেশের অর্থনৈতিক সমৃদ্ধি এবং আন্তর্জাতিক ভাবমূর্তির জন্য এক নতুন দিগন্ত উন্মোচন করবে।

'তোমরা যেখানে সাধ চলে যাও— আমি এই বাংলার পারে র'য়ে যাব; দেখিব কাঁঠালপাতা ঝরিতেছে ভোরের বাতাসে'; —জীবনানন্দ দাশ



দক্ষিণ আফ্রিকা জাতিপুঞ্জ কর্তৃক নামিবিয়া শাসনের ক্ষমতা পায় ১৯২০ সালে

Scanned with CamScanner

Feature

# A Good Teacher The Architect of Future

A good teacher is not merely an instructor who delivers lessons; they are mentors, guides, motivators and lifelong influencers. Their impact extends far beyond the classroom walls, shaping the thoughts, values and futures of the individuals they teach. In a world that is rapidly evolving— technologically, socially and culturally— the role of a good teacher becomes even more vital. They are the bridge between knowledge and understanding, tradition and innovation, curiosity and discovery.

## Blending Science with Sensitivity

Teaching is not only a science; it is also an art. A good teacher knows when to follow a lesson plan and when to deviate to ignite curiosity. They understand that learning is a human experience, involving emotion, inspiration, and interaction. They adapt their tone, timing, and tools to the needs of different learners. From storytelling to Socratic questioning from hands-on experiments to digital simulations— a good teacher selects the right method for the right moment.

## Creating a Dynamic Environment

Inside the classroom, a good teacher creates a safe, inclusive and engaging space. They understand the importance of body language, eye contact, classroom arrangement and student participation. A good teacher ensures that all voices are heard and every student feels valued. They turn a chalkboard or a digital screen into a window to the world, using real-life examples, case studies, visuals, and activities to make concepts come alive.

## Nurturing the Whole Student

The best teachers don't limit themselves to class hours. They take interest in students' lives outside the classroom— offering advice, encouragement and emotional support. A good teacher helps a shy student speak up in a debate club, guides another through a science fair project or simply listens when someone needs to talk. They teach not just subjects but life skills— empathy, discipline, time management and critical thinking.

## Essential Teaching Skills

According to Mark Van Doren, an American poet, writer and critic, 'the art of teaching is the art of assisting discovery.'

A good teacher possesses a range of skills— Communication : Explaining clearly, listening actively • Patience : Understanding different learning paces • Creativity : Using varied teaching techniques • Adaptability : Responding to changing needs or challenges • Assessment : Knowing how to evaluate and give feedback effectively • Collaboration : Working with parents, colleagues and administrators. These skills, combined with passion and dedication, transform a teacher from good to great.

## Embracing Change, Leading Minds

In the age of Artificial Intelligence and rapid automation, the teacher's role is evolving. AI can deliver content but it cannot nurture curiosity, spark imagination or build character. A good teacher in the AI era becomes a facilitator, helping students to think critically, ask questions, evaluate sources and develop human-centric skills like emotional intelligence and ethical reasoning. Moreover, they harness technology to personalize learning, track progress and introduce students to new tools. They teach students not just how to use AI but how to think beyond it.

## Lifelong Learner, Compassionate Leader

Perhaps what sets a truly good teacher apart is their own love for learning. They keep upgrading their knowledge, refining their methods and embracing feedback. Their humility and curiosity are as powerful as their knowledge. They do not teach to finish a syllabus— they teach to start a spark, to make a difference, to create change. They celebrate small successes and believe in students even when students don't believe in themselves.

## Mastery of Subject and Relevance to Reality

Whether teaching literature, science or mathematics, a good teacher demonstrates deep command over their subject. In the Bangladeshi education system, where textbook-based rote learning often dominates, the truly exceptional teacher brings lessons to



Scanned with CamScanner

life by connecting theory to the world around the student— from climate issues in the Sundarbans to real-life applications of algebra in household budgeting. They encourage students to think beyond the syllabus and explore learning as a continuous journey.

### Effective Communication

A good teacher knows how to communicate effectively—be it in standard language, regional dialects or foreign language—tailoring their language and teaching methods to fit their students' backgrounds. They simplify difficult ideas through storytelling, real-life analogies, or visual aids. They create an environment where students feel free to ask questions, share opinions, and make mistakes.

### Empathy and Awareness

- Javed was leaning — a lamp post. — against.
- If I — a more reliable car, I — to Dhaka rather than fly. — had, would drive.
- They — my proposal. — turned down.
- Something — very good. — smells.
- The synonym of 'jeopardy' is —. — peril.
- As the sun —, I decided to go out.— was shining.
- Baby : Adult : : Sapling :—. —Tree.
- Hadn't I worked hard, I —. — couldn't have succeeded.
- One of the crucial—. — problems of the day is price spiral.



Scanned with CamScanner

- Half of the glasses — broken. — are.
- Did you — her a visit?— pay.
- We look forward to —. — hearing from you.
- Mumps — a very common disease which usually affects children. — is
- — trying hard, the boy couldn't succeed. — Despite.
- As soon as I came in, she — the room. — left.
- Since last year, I — him only once. — have seen.
- The synonym of 'Truce' is — ceasefire.
- The synonym of 'Futile' is — useless.
- A bull market is a period when financial investments are — in value. — rising.
- The word 'Mandatory' means— obligatory.
- Had I been the prime minister, I — corruption from the country. → would have uprooted.
- A synonym of 'sanguine' is — optimistic.
- The number of students present in the class today — very poor. — is.
- She — the earth 48 times and spent almost three days in space. — orbited.
- Everything including the books — bought. — was.
- I don't know who — the chair. — broke.
- My mother — TV news every night. — watches.
- 'Let us not taint ourselves in any way.' In this sentence, 'taint' means — blemish.
- Recourse — arms is not the best solution to hostility between countries. — to.
- Central — Nazrul's rebellion was his rejection of social hierarchy. — to.
- Education enriches us — knowledge and skills. — with.
- My uncle promised me a present. Correct passive is— I was promised a present by my uncle.
- Homer describes a race of men who — from the gods. — sprang.
- It was ten to twelve. Most of the shops — just closed. — had.
- She — wash the plates in the kitchen leaving her study. — need not.
- If Kalpana Chawla had not — ardent desire, she would not have become an astronaut. — had.
- Hridoy suggested that his brother — hard to get a good job. — work.
- Antonym of 'healthy' — unwholesome.
- The question is <u>how he will respond</u>. The underlined part of the sentence is/an — noun clause.
- Do as <u>I say</u>. The underline clause is — adverb.
- Two-thirds of the people — present in the congregation. — were.
- Meaning of the idiom 'Magnus opus' — best work.
- What is the plural form of the word 'alumna' — alumnae.
- Langston Hughes is a/an — writer. — American.
- Hemorrhage is related with — health.

**Find meaning of the underlined words.**

- The slender boy <u>scaled</u> the wall like a lizard. — climbed.
- Frank <u>condoned</u> his brother's actions because he knew he meant well. — overlooked.
- The discontented students <u>retaliated</u> by boycotting the school cafeteria.— took revenge.
- As a result of the accident, the police <u>revoked</u> his driver's license. — cancelled.
- The tourists have decided to take a cruise, so they went to the travel agency for some <u>Brochures</u>. — pamphlets.
- The campers heard a strange <u>rustling</u> in the trees. — movement.
- Plato's teachings had a profound <u>effect</u> on Aristotle. — influence.

## Conditional Sentence বা শর্তবাচক বাক্য

Conditional Sentence বা শর্তবাচক বাক্য হলো এমন একটি বাক্য যা কোনো শর্ত ও তার ফলাফল বা পরিণতি ব্যক্ত করে। সাধারণত, শর্ত (condition) পূরণ হলে ফলাফল (result) ঘটে। এই ধরনের বাক্যে দুইটি অংশ থাকে— শর্তবাক্য এবং ফলাফল বাক্য। শর্তবাক্যটি সাধারণত if বা unless দিয়ে শুরু হয়।

**Conditional বাক্য চার প্রকার**

| শ্রেণি | ব্যবহার | গঠন | উদাহরণ |
|---|---|---|---|
| Zero Conditional | সাধারণ সত্য, বৈজ্ঞানিক সত্য বা নিয়মিত ঘটনা প্রকাশে | If + present simple, ... present simple | If water reaches 100 C, it boils. |
| First Conditional | ভবিষ্যতে সম্ভাব্য ও বাস্তব ঘটনা বোঝাতে | If + present simple, ... will + verb (base form) | If it rains tomorrow, we will cancel the picnic. |
| Second Conditional | বর্তমান বা ভবিষ্যতের অসম্ভব বা অল্প সম্ভাব্য কাল্পনিক ঘটনা বোঝাতে | If + past simple, ... would + verb (base form) | If I had a million dollars, I would buy a house. |
| Third Conditional | অতীতে ঘটেনি এমন কাল্পনিক ঘটনা বা অনুশোচনা প্রকাশে | If + past perfect, ... would have + past participle | If they had left earlier, they would have caught the train. |

সোমালিয়ার প্রথম প্রেসিডেন্ট আদান আব্দুল্লাহ উসমান দার

Scanned with CamScanner

# সাধারণ জ্ঞান

## ■ বাংলাদেশ

- বাংলাদেশে মুক্তিযুদ্ধভিত্তিক প্রথম ভাস্কর্যের নাম কী?— জাগ্রত চৌরঙ্গী।
- স্বাধীন বাংলা ফুটবল দলের অধিনায়ক কে ছিলেন?— জাকারিয়া পিন্টু।
- ১৯৭১ সালে মুক্তিযুদ্ধের সময় জাতিসংঘের কোন দেশ বাংলাদেশের পক্ষে 'ভেটো' প্রদান করেছিল?— ইউনিয়ন অব সোভিয়েত সোশ্যালিস্ট রিপাবলিকস।
- 'ইনট্যানজিবল কালচার হেরিটেজ অব হিউম্যানিটি' হিসেবে সম্প্রতি তালিকাভুক্ত হয়েছে— রিকশা আর্ট।
- হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের তৃতীয় টার্মিনালের স্থপতি কে?— রোহানি বাহারিন।
- বাংলাদেশের সীমান্তে ভারতের রাজ্য কয়টি?— ৫।
- বাংলাদেশের জাতীয় পতাকার অনুপাত কত?— ১০ : ৬।
- যমুনা নদীর উৎপত্তি কোথায়?— মানস সরোবর।
- কুমিল্লা ও নোয়াখালী প্রাচীন যে জনপদের অংশ ছিল— সমতট।
- ১৯৬৮ সালে ছাত্ররা কয় দফা দাবি পেশ করে?— ১১।
- ২০২৪ সালে ৬ষ্ঠ সাফ অনূর্ধ্ব-১৬ নারী চ্যাম্পিয়নশিপে শিরোপা লাভ করে— বাংলাদেশ।
- জনশুমারি ২০২২ অনুযায়ী বাংলাদেশে নারীর সংখ্যা মোট জনসংখ্যার— ৫০.৪৩%।
- তিস্তা, মহানন্দা ও জাদুকাটা নদীগুলো— আন্তঃসীমান্ত নদী।
- মুক্তিযুদ্ধের স্মৃতিবিজড়িত তেলিয়াপাড়া যে জেলায় অবস্থিত— হবিগঞ্জ।
- বিশ্বে পারমাণবিক শক্তি ব্যবহারকারী দেশের তালিকায় বাংলাদেশের অবস্থান কততম?— ৩৩তম।
- কোন তারিখে বাংলাদেশের জাতীয় সংবিধান গৃহীত হয়?— ৪ নভেম্বর ১৯৭২।
- RTGS'র পূর্ণরূপ কী?— Real Time Gross Settlement.
- কে বঙ্গভঙ্গ ব্যবস্থা রহিত করেন?— লর্ড হার্ডিঞ্জ।
- ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের শপথ বাক্য পাঠ করান— জেলা প্রশাসক।
- নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকার বিলুপ্ত হয় সংবিধানের কোন সংশোধনীর মাধ্যমে?— পঞ্চদশ সংশোধনী।
- বাংলাদেশের কোন অঞ্চলকে বরেন্দ্রভূমি বলা হয়?— রাজশাহী বিভাগের উত্তর-পশ্চিমাংশ।
- বাংলাদেশে কত সালে জাতীয় শুদ্ধাচার কৌশল প্রণীত হয়?— ২০১২।
- বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় ভারতের প্রেসিডেন্ট কে ছিলেন?— ভি. ভি. গিরি।
- ঢাকা মেট্রোরেল প্রকল্পে অর্থায়ন করেছে কোন প্রতিষ্ঠান?— জাইকা ও বাংলাদেশ সরকার।
- ১৮৫৭ সালে মহাবিদ্রোহের পর বাংলায় মুসলমান জাগরণে নেতৃত্ব দেন— নবাব আবদুল লতিফ।
- জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় আনুষ্ঠানিকভাবে চালু হয় কোন সালে?— ১৯৭১।
- দেশের প্রথম নারী আলোকচিত্রীর নাম কী?— সাঈদা খানম।
- রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র কোন মন্ত্রণালয়ের অধীন?— বিজ্ঞান ও প্রযুক্তি।
- প্রথম স্বীকৃতি প্রাপ্ত বাংলাদেশি জিআই পণ্য কোনটি?— জামদানি শাড়ি।
- বাংলাদেশে কালবৈশাখী ঝড় কোন দিক থেকে আসে? — উত্তর-পশ্চিম।

## ■ আন্তর্জাতিক

- কোন শহরকে 'City of Culture' বলা হয়?— প্যারিস।
- 'বুলস্ আই' কোন খেলার সঙ্গে সম্পর্কিত?— শুটিং।
- জোট নিরপেক্ষ দেশসমূহের প্রথম সম্মেলন অনুষ্ঠিত হয়— বেলগ্রেডে।
- কারা 'বর্গী' নামে পরিচিত?— মারাঠি।
- 'এলাম, দেখলাম, জয় করলাম'-কথাটি কে বলেছেন?— জুলিয়াস সিজার।
- কে বলেছিলেন 'বুলেটের চাইতে ব্যালট শক্তিশালী'?— আব্রাহাম লিংকন।
- কে প্রথম কৃষ্ণাঙ্গ নারী হিসেবে দুটি অস্কার জিতেন?— রুথ ই. কার্টার।
- 'ফ্রম থার্ড ওয়ার্ল্ড টু ফার্স্ট' বইটি কে রচনা করেন?— লি কুয়ান ইউ।
- পামির মালভূমি কোন মহাদেশে অবস্থিত?— এশিয়া।
- শ্রীলংকাকে ভারত থেকে পৃথক করেছে কোন প্রণালি?— পক।
- বলশেভিক বিপ্লব কত সালে সংঘটিত হয়?— ১৯১৭।
- ২০২৬ ফিফা বিশ্বকাপে অংশগ্রহণকারী দলের সংখ্যা— ৪৮।
- যে প্রতিষ্ঠান ৩ বার শান্তিতে নোবেল পুরস্কার পেয়েছে— আন্তর্জাতিক রেডক্রস কমিটি (ICRC)।
- রাইডার কাপ কোন খেলায় একটি মর্যাদাপূর্ণ ইভেন্ট?— গলফ।
- 'ছিয়াত্তরের মন্বন্তর' নামক ভয়াবহ দুর্ভিক্ষ দেখা দিয়েছিল —১১৭৬ বঙ্গাব্দে।
- ইংল্যান্ডের শিল্প বিপ্লবের ফলে ভারতীয় উপমহাদেশের কোন শিল্প ধ্বংস হয়?— বস্ত্রশিল্প।
- 'Montreal Protocol' যার সাথে সম্পর্কিত— ক্লোরোফ্লুরোকার্বন।
- মেইতেই, নাগা ও কুকি সম্প্রদায় বসবাস করে— মণিপুরে।
- ফিজির রাজধানীর নাম কী?— Suva.
- Which country has donated the highest amount of humanitarian aid to the Rohingya refugees in Bangladesh?— The USA.
- উষ্ণস্রোত ও শীতল স্রোতের মিলনে— কুয়াশা ও ঝড় হয়।
- ভূপৃষ্ঠের বৈচিত্র্যময় চরিত্রের নির্ভুল, নিয়মবিন্যস্ত ও যুক্তিসংগত বর্ণনা ও ব্যাখ্যা দেওয়া-ভূগোলের এই সংজ্ঞাটি প্রদান করেন— রিচার্ড হার্টশোন।
- মানচিত্রের প্রতিভূ অনুপাতকে ইংরেজিতে কোন শব্দ দ্বারা প্রকাশ করা হয়ে থাকে?— Representative fraction.
- প্রবল জোয়ারের কারণ, এ সময়— সূর্য, চন্দ্র ও পৃথিবী একই সরলরেখায় থাকে।

সোমালিয়ার বর্তমান প্রেসিডেন্ট হাসান শেখ মাহমুদ

Scanned with CamScanner

## অর্থনীতি

- কে সর্বপ্রথম 'ব্লু ইকোনোমি'-এর ধারণা দেন?— গুন্টার পাউলি।
- 'ফিশারীয় সমীকরণ' কীসের সঙ্গে সম্পর্কিত?— মুদ্রার পরিমাণ।
- কোনটি ছাড়া সামাজিক উন্নয়ন সম্ভব নয়?— অর্থনৈতিক উন্নয়ন।
- 'মানব সমাজের ইতিহাস মূলত শ্রেণি সংগ্রামের ইতিহাস'-উক্তিটি কার?— কার্ল মার্ক্স।
- 'বেইল আউট' শব্দটি কোন বিষয়ের সঙ্গে সম্পর্কিত?— অর্থনীতি।
- বিশ্বে সবচেয়ে বেশি পেট্রোলিয়াম উৎপাদন করে যে দেশ— যুক্তরাষ্ট্র।
- 'অ্যামাজন' অনলাইন বাণিজ্যিক প্রতিষ্ঠানের প্রতিষ্ঠাতা — জেফ বেজোস।
- রাফাহ ক্রসিং কোন দুইটি দেশের সীমান্তে অবস্থিত?— মিসর-ফিলিস্তিন।
- বাংলাদেশের প্রথম দ্বিপক্ষীয় বাণিজ্য চুক্তি স্বাক্ষর হয় কোন দেশের সাথে?— ভুটান।

## সাধারণ বিজ্ঞান, ICT ও IQ

- বায়ুমণ্ডলের যে স্তরে বেতার তরঙ্গ প্রতিফলিত হয়— আয়নোস্ফিয়ার।
- নবায়নযোগ্য শক্তির উৎস কোনটি?— সৌরশক্তি।
- বায়ুমণ্ডলে শীতল ও উষ্ণতম স্তর কোনটি?— Mesosphere and Themosphere.
- GIS এর পূর্ণরূপ— Geographic Information System.
- হেক্সাডেসিমেলের ভিত্তি হচ্ছে— ১৬।
- ন্যানো পার্টিকেলের আকৃতিসীমা— ন্যানোমিটার। — ১-১০০।
- ২, ১, ১/২ , ১/৪ ... এই সিরিজটির পরবর্তী সংখ্যা কী হবে?— ১/৮।
- কোনটি ডাটাবেজ প্রোগ্রাম নয়?— Power Point.
- ChatGPT-এর নির্মাতা প্রতিষ্ঠান কোনটি?— OpenAI.
- বাংলাদেশের কোন ই-গভর্নমেন্ট সার্ভিস নাগরিকদের অনলাইনে বিভিন্ন সরকারি পরিষেবায় প্রবেশাধিকার দেয়?— ই-পাসপোর্ট, ই-টিন এবং ই-ভিসা।
- ১২৫, ৮০, ৪৫, ২০,— সিরিজটির শূন্যস্থানে কোন সংখ্যা বসবে?— ৫।
- কোনটি মানবদেহে প্রোটিনের চাহিদা মেটায়?— মাছ।
- হাইপারটেনশনের কারণ— বংশগতির বৈশিষ্ট্য, অতিরিক্ত চর্বিজাতীয় খাদ্যগ্রহণ, ধুমপান ও মদ্যপান।
- ০.১ × ০.১ × ০.১ = ?— ০.০০১।
- OTT-এর পূর্ণরূপ কী?— Over the Top.
- ইন্টারনেট কোন শিল্প বিপ্লবের আবিষ্কার?— তৃতীয় শিল্প বিপ্লব।
- আমাজন কোন দেশ ভিত্তিক ই-কমার্স সাইট?— যুক্তরাষ্ট্র।
- বিকাল ৫টায় ঘড়ির কাঁটা ও মিনিটের কাঁটার মধ্যে কোণের পরিমাণ কত ডিগ্রি হবে?— ১৫০ ডিগ্রি।
- ২, ৫, ১০, ১৮, ২৬, ৩৭, ৫০ সংখ্যা সারিতে ভুলভাবে প্রদত্ত সংখ্যাটি হলো— ১৮।
- ৩ + ৫ + ৭ + ৯ + ......... + ২০১ = ?— ১০২০০।
- ১৫, ২০, ২৭, ৩৬ এই ধারার ১০ম পদটি কত?— ১৩২।
- ASCII কোডে যান্ত্রিক নিয়ন্ত্রণের জন্য কতটি কোড ব্যবহৃত হয়?— ৩২টি।
- কোনটি DBMS-এর উদাহরণ?— MS ACCESS.

## চারুকলা

- জয়নুল আবেদিন 'মনপুরা-৭০' স্কেলচিত্রটি এঁকেছেন— ১৯৭৩ সালে।
- কাঠখোদাই, এচিং, অ্যাকোয়াটিন্ট, ড্রাইপয়েন্ট ও ডিপ এচিং-এর খ্যাতিমান শিল্পী— সফিউদ্দীন আহমেদ।
- শিল্প-নিরীক্ষায় শিল্পাচার্য জয়নুল আবেদিন যে লোকশিল্পকে বিশেষভাবে পর্যবেক্ষণ করেন সেটি— নকশিকাঁথা।
- Sculpture শব্দটি এসেছে ল্যাটিন শব্দ Sculpere থেকে, যার অর্থ— খোদাই করা।
- চিত্রশিল্পী ফ্রিদা কাহলোর জন্মস্থান— মেক্সিকো।
- 'গজল' কোন ধরনের সংগীত?— প্রণয় সংগীত।
- আলপনা, নকশিকাঁথা, লক্ষ্মীসরা, গাজীর পট ইত্যাদি কোন ধরনের শিল্পকর্ম?— লোকশিল্প।
- অপরাজেয় বাংলার স্থপতি কে?— সৈয়দ আবদুল্লাহ্ খালিদ।
- কক্সবাজার রেল স্টেশনের আকৃতি কোন ধরনের?— ঝিনুকের মতো।
- ১৯৪৩-এর দুর্ভিক্ষের চিত্রকর্ম কে এঁকেছেন?— জয়নুল আবেদিন।
- কোন সংগীতজ্ঞকে 'সুর সম্রাট' বলা হয়?— ওস্তাদ আলাউদ্দিন খাঁ।

### ড. মুহাম্মদ ইউনূস



জন্ম : ২৮ জুন ১৯৪০ ♦ জন্মস্থান: বাথুয়া, হাটহাজারী, চট্টগ্রাম
বাবা : হাজী দুলা মিয়া সওদাগর ♦ মা: সুফিয়া খাতুন ♦ দাদা: হাজী নজু মিয়া সওদাগর
উপাধি : ক্ষুদ্র ঋণের প্রবর্তক • সামাজিক ব্যবসার অগ্রদূত
গরিবের ব্যাংকার • Three-Zeros তত্ত্বের জনক

১৯৫৭ সালে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগে ভর্তি হন। ১৯৬০ সালে স্নাতক ও ১৯৬১ সালে স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেন। ১৯৬৫ সালে ফুলব্রাইট বৃত্তি নিয়ে উচ্চশিক্ষার জন্য যুক্তরাষ্ট্রে যান। ১৯৬৯ সালে তিনি যুক্তরাষ্ট্রের ভ্যান্ডারবিল্ট বিশ্ববিদ্যালয়ের গ্র্যাজুয়েট প্রোগ্রাম ইন ইকোনমিক ডেভেলপমেন্ট (GPED) থেকে অর্থনীতিতে পিএইচডি ডিগ্রি লাভ করেন।

সোমালিয়ার প্রথম প্রধানমন্ত্রী মুহাম্মদ হাজী ইব্রাহীম

Scanned with CamScanner

# বিজ্ঞান

## ■ পদার্থবিজ্ঞান

- পরিবাহিতা বৃদ্ধির জন্য বিশুদ্ধ সেমিকন্ডাক্টরে অপদ্রব্য মেশানোকে বলা হয়— ডোপিং/ ডোপায়ন।
- $^{234}_{90}Th$ নিউক্লিয়াসে ইলেক্ট্রনের সংখ্যা— 90।
- কোনো বস্তুর বেগ আলোর বেগের সমান হলে এর ভর কত হবে?— অসীম।
- চাঁদের অভিকর্ষজ ত্বরণ পৃথিবীর অভিকর্ষজ ত্বরণের ছয় ভাগের এক ভাগ। চাঁদের ব্যাসার্ধ পৃথিবীর ব্যাসার্ধের এক-চতুর্থাংশ। পৃথিবীর ভর M-এর তুলনায় চাঁদের ভর কত?— M/96।
- একটি কণা A বিস্তারে সরল ছন্দিত স্পন্দনে স্পন্দিত হচ্ছে। সাম্যাবস্থা থেকে কত দূরত্বে কণাটির বিভব শক্তি তার মোট শক্তির এক-চতুর্থাংশ হয়?— A/2।
- NAND গেটের বুলিয়ান সমীকরণ কোনটি?— $X = \overline{A.B}$।
- ধর, পৃথিবীর ব্যাস বরাবর একটি সুড়ঙ্গ খনন করা হলো, এবং পৃথিবীর পৃষ্ঠ থেকে একটি ক্ষুদ্র বস্তুকে সুড়ঙ্গের মধ্যে ছেড়ে দেওয়া হলো। বস্তুটি যখন পৃথিবীর কেন্দ্রে পৌঁছাবে তখন মুক্তিবেগ $V_e$ এর সাপেক্ষে বস্তুটির বেগ কত হবে?— $\frac{1}{\sqrt{2}}Ve$।
- m এবং 2m ভরের দুটি আয়তাকার বাক্স একটি ঘর্ষণহীন অনুভূমিক পৃষ্ঠে একটি দড়ি দ্বারা সংযুক্ত। F মাত্রার একটি সম্মুখ বল দ্বারা ভারী বাক্সটি ডানদিকে টানা হচ্ছে। ফলে, হালকা বাক্সটি দড়ি দ্বারা টান অনুভব করে। দড়িটিতে টান কত?— F/3।
- একটি হুইটস্টোন ব্রিজের চারটি বাহু, P, Q, R এবং S-এ যথাক্রমে 8Ω, 12Ω, 16Ω এবং 48Ω রোধ যুক্ত আছে। ব্রিজটিকে সাম্যাবস্থায় আনতে চতুর্থ বাহুতে কত রোধ কীভাবে যুক্ত করতে হবে?— 48Ω, parallel।
- $\overline{A} = \hat{i} + 2\hat{j} + 2\hat{k}$ এবং $\overline{B} = 3\hat{i} + 2\hat{j} - \hat{k}$ হলে $\overline{A}$ এর ওপর $\overline{B}$ এর অভিক্ষেপ কত?— $\frac{5}{3}$।
- একটি তরঙ্গের দুইটি বিন্দুর মধ্যে দশা পার্থক্য $\pi/2$। বিন্দুদ্বয়ের পথ পার্থক্য কত?— $\lambda/4$।
- কোন একটি হ্রদের তলদেশ হতে একটি বায়ু বুদবুদ পানির উপরিপৃষ্ঠে আসলে এর আয়তন দ্বিগুণ হয়। বায়ুর চাপ $1.01\times10^5$ Pa হলে হ্রদের গভীরতা কত?— 10.3m।
- নিউটনের গতির দ্বিতীয় সূত্র F = ma। v বেগে চলমান কোনো বস্তুর ভর শূন্য না হয়েও কখন বল শূন্য হয়?— v ধ্রুবক হলে।
- 5 kg ভরের একটি বস্তু স্থির অবস্থায় ছিল। 20 N বল প্রয়োগ করায় 5 s পর বস্তুটির গতিশক্তি কত হবে?— 1 kJ।
- 4 kg ভরের একটি বস্তুকে 0.2 m দৈর্ঘ্যের সুতা দিয়ে একটি নির্দিষ্ট অক্ষের চারদিকে 2 rads⁻¹ কৌণিক বেগে ঘুরানো হলে কৌণিক ভরবেগ— $0.32\ kgm^2s^{-1}$।

## ■ রসায়ন

- $_{39}Y$ মৌলটির পর্যায় সারণিতে অবস্থান কোনটি?— পর্যায় 5, গ্রুপ 3।
- 1°; 2°, 3° অ্যামিনের মধ্যে পার্থক্য নির্ণয়ে ব্যবহৃত হয় কোনটি?— $HNO_2$।
- STP- তে কোন গ্যাসের 1L এ বিদ্যমান অণুসংখ্যা কত? (গ্যাসের আণবিক ভর 32)— $6.023\times10^{23}$।
- $NH_3$, $RNH_2$, $R_2NH$ যৌগগুলির ক্ষার-ধর্ম প্রদর্শনের ক্রম হচ্ছে— $R_2NH > RNH_2 > NH_3$।
- $R\text{-}CO\text{-}R \rightarrow R\text{-}CH_2\text{-}R$ পরিবর্তনের জন্য কোন বিকারকটি প্রয়োজন?— Zn.Hg/HCl।
- $Al_2Cl_6$ অণুতে সমযোজী ও সন্নিবেশ সমযোজী বন্ধনের সংখ্যা যথাক্রমে কয়টি?— 6 and 2।
- কোন যৌগের কার্বনে একাধিক ধরনের সংকরণ আছে?— 1, 2-বিউটাডাইন।
- $(NH_4)_3[Fe(CN)_6]$ যৌগে আয়রনের জারণ মান কত?— +3।
- গলিত $CaCl_2$ এর মধ্য দিয়ে 1F তড়িৎ চালনা করলে ক্যাথোডে কত গ্রাম Ca ধাতু জমা হবে?— 20.0g।
- 2.5 গ্রাম $CaCO_3$ থেকে NTP- তে কী পরিমাণ $CO_2$ উৎপন্ন হবে?— 0.56L।
- হাইড্রোজেনের পারমাণবিক বর্ণালীর লাইমেন সিরিজের রেখা সৃষ্টিকারী চতুর্থ শক্তিস্তর থেকে আগত ইলেক্ট্রনের বিকিরিত শক্তির তরঙ্গ সংখ্যা কত হবে? [$R_H = 10.97 \times 10^6 m^{-1}$]— $10.284375\times10^6 m^{-1}$।
- IUPAC পদ্ধতিতে $CH_3\text{-}CH(CH_3)\text{-}CH_2\text{-}C(CH_3)(OH)\text{-}CH_2CH_3$ যৌগটির নাম কী?— 3, 5-ডাইমিথাইল হেক্সানল-3।
- 25°C তাপমাত্রায় 0.01M ঘনমাত্রায় জলীয় দ্রবণে অ্যাসিটিক অ্যাসিড 4.2% বিয়োজিত হলে দ্রবণে হাইড্রোজেন আয়নের ঘনমাত্রা কত?— $4.2\times10^{-4}$M।
- কোনো নদীর 1L পানিতে ক্লোরাইড ($Cl^-$) আয়নের পরিমাণ নির্ণয়ের টাইট্রেশনের সমাপ্তি বিন্দুতে 3.0 mL 0.01M $Ag^+$ আয়ন প্রয়োজন হয়। নদীর পানিতে ক্লোরাইড ($Cl^-$) আয়নের ঘনমাত্রা কত ppm?— 1.065।
- 25°C তাপমাত্রায় $N_2O_4(g) \rightleftharpoons 2NO_2(g)$ বিক্রিয়াটির সাম্যধ্রুবক, Kp = 0.008 atm এবং $N_2O_4$ এর আংশিক চাপ 0.8 atm হলে বিক্রিয়াটিতে $NO_2$ এর আংশিক চাপ কত?— $8.0\times10^{-2}$atm।
- Fe (III) লবণের $4.2 \times 10^{-3}$ mol/L ঘনমাত্রার 50 mL দ্রবণের সাথে $1.5 \times 10^{-4}$ mol/L ঘনমাত্রার 30 mL NaOH দ্রবণ যোগ করলে $Fe(OH)_3$ এর আয়নিক গুণফল— দ্রাব্যতা গুণফল অপেক্ষা বেশি হবে।
- স্থির তাপমাত্রায় 30 cm (Hg) চাপে 200 $cm^3$ হাইড্রোজেন গ্যাস এবং 40 cm (Hg) চাপে 300 $cm^3$ নাইট্রোজেন গ্যাসকে 400 $cm^3$ আয়তনের শূন্য ফ্লাস্কে রাখা হলে মিশ্রণের মোট চাপ কত হবে?— 45cm (Hg)।

সোমালিয়ার বর্তমান প্রধানমন্ত্রীর নাম হামজা আবদি বারে

Scanned with CamScanner

## ■ গণিত

- যদি $A = \begin{bmatrix} 1 & 2 \\ 3 & -4 \end{bmatrix}$ হয় তবে $A^2 + 3A - 10I$ হবে একটি — শূন্য ম্যাট্রিক্স।
- $(3, -1)$ এবং $(4, -2)$ বিন্দুদ্বয়ের সংযোগ সরলরেখা x অক্ষের সাথে কত কোণ উৎপন্ন করবে?— $135°$।
- $x^2 + y^2 + 2x + 3y + 11 = 0$ এবং $x^2 + y^2 + 4x + 3y + 12 = 0$ বৃত্ত দুটির সাধারণ জ্যা এর সমীকরণ— $2x + 1 = 0$।
- $-1 + i$ এর আর্গুমেন্ট কোনটি?— $\frac{3\pi}{4}$।
- x-অক্ষের উপর কেন্দ্রবিশিষ্ট একটি বৃত্ত $(3, 5)$ ও $(6, 4)$ বিন্দু দুইটি দিয়ে অতিক্রম করে। বৃত্তটির সমীকরণ কোনটি?— $x^2 + y^2 - 6x - 16 = 0$।
- $y = x^2 - 2x + 1$ হলে কোন বিন্দুতে $\frac{dy}{dx} = 0$ হবে?— $(1, 0)$।
- $16y^2 - 9x^2 + 18x + 64y + 199 = 0$ দ্বারা নির্দেশিত কণিক কোনটি?— অধিবৃত্ত।
- $2\tan^{-1}\frac{1}{3} + \tan^{-1}\frac{1}{7} = ?$— $\frac{\pi}{4}$।
- $y^2 = 4x$ পরাবৃত্ত এবং $y = x$ সরলরেখা দ্বারা আবদ্ধ ক্ষেত্রের ক্ষেত্রফল কত?— $\frac{8}{3}$।
- $y + x = 0$ সরলরেখাটি x-অক্ষের সাথে কত ডিগ্রি কোণ উৎপন্ন করে?— $135°$।
- $\begin{bmatrix} 1 & 3 & 2 \\ 2 & 0 & 3 \\ 1 & -1 & P \end{bmatrix}$ ম্যাট্রিক্সটি ব্যতিক্রমী হলে P এর মান কত?— $4/3$।
- $(1, 1)$ বিন্দুগামী ও $2x - 3y - 5 = 0$ রেখার উপর লম্বরেখার সমীকরণ কোনটি?— $3x + 2y - 5 = 0$।
- $\int \frac{x\,dx}{\sqrt{1-x^2}} = ?$— $-\sqrt{1 - x^2} + c$।
- দুইটি সরলরেখার মধ্যবর্তী সূক্ষ্মকোণ $45°$ এবং একটি সরলরেখার ঢাল $\frac{1}{2}$ হলে, অপর সরলরেখার নতি কত?— $-\frac{1}{3}$।
- $xy - 4 = 0$ অধিবৃত্ত, x-অক্ষ, $x = 1$ এবং $x = e$ রেখা দুইটি দ্বারা সীমাবদ্ধ ক্ষেত্রের ক্ষেত্রফল কত বর্গ একক?— 4।
- $\sin^4 x + \cos^4 x$-এর পর্যায় কত?— $\frac{\pi}{2}$।
- $3x + 4y = 12$ রেখাটি x ও y অক্ষকে যথাক্রমে A ও B বিন্দুতে ছেদ করলে, মূলবিন্দু হতে AB রেখার ওপর লম্ব দূরত্ব কত?— $\frac{12}{5}$।
- তিনটি বল P, $\sqrt{3}P$ এবং P সাম্যাবস্থায় থাকলে প্রথম দুইটি বলের মধ্যবর্তী কোণ কত?— $150°$।
- যদি $x^2 + y^2 = 9$ বৃত্তের স্পর্শক x-অক্ষের সাথে $45°$ কোণ উৎপন্ন করে, তাহলে উক্ত স্পর্শকের সমীকরণ কোনটি?— $x - y \pm 3\sqrt{2} = 0$।
- যদি $x^2 - bx + c = 0$ এর মূলদ্বয় ক্রমিক পূর্ণসংখ্যা হয়, তবে $b^2 - 4c$ এর মান কত?— 1।
- k-এর কোন মানের জন্য $y = kx(1-x)$ বক্ররেখার মূলবিন্দুতে স্পর্শকটি x-অক্ষের সাথে $30°$ কোণ উৎপন্ন করে?— $\frac{1}{\sqrt{3}}$।

## ■ জীববিজ্ঞান

- DNA থেকে mRNA তৈরির প্রক্রিয়াকে বলে— Transcription।
- 'Historia Animalium' গ্রন্থের রচয়িতা—Aristotle।
- একটি সম্পূর্ণ বিকশিত উদ্ভিদ কোষের কোষ প্রাচীরে কয়টি স্তর রয়েছে?— 3।
- কোন ধমনী হৃৎপিণ্ডের প্রাচীরে রক্ত সরবরাহ করে?— করোনারি।
- মানবদেহের ক্ষুদ্রতম হাড় কোনটি?— স্টেপস।
- নিউক্লিক অ্যাসিড পুনরাবৃত্ত একক কোনটি?— নিউক্লিওটাইড।
- পুষ্পক উদ্ভিদের মূলে কোন ধরনের ভাস্কুলার বান্ডল থাকে?— অরীয়।
- কোন পর্বের প্রাণীতে মেসোগ্লিয়া থাকে?— Cnidaria।
- টোবাকো মোজাইক ভাইরাসের প্রোটিন আবরণকে বলে—ক্যাপসিড।
- দুই বা ততোধিক জোড়া বিপরীত বৈশিষ্ট্যসম্পন্ন জীবের মধ্যে ক্রস ঘটালে $F_2$ জনুতে কোন ধরনের ফিনোটাইপিক অনুপাত পাওয়া যাবে?— 9 : 3 : 3 : 1।
- কোষ বিভাজনের সময় ক্রোমোসোমের বিপরীত মেরুতে চলতে সাহায্য করে কোনটি?— মাইক্রোটিউব্যুলস।



- ঘাসফড়িং-এর ট্রাকিয়া কখনো চুপসে যায় না, কারণ— টিনিডিয়া।
- রুই মাছের কোথায় $CO_2$ যুক্ত রক্ত থাকে?— অন্তর্বাহী ব্রঙ্কিয়াল ধমনি।
- পত্ররন্ধ্র উন্মোচন ও বন্ধ হওয়া নিয়ন্ত্রণ করে না কোনটি?— ম্যাগনেসিয়াম আয়ন।
- ব্যারোরিসেপ্টর কী?— সংবেদী স্নায়ু প্রান্ত।
- রক্তের মাধ্যমে বেশিরভাগ কার্বন-ডাইঅক্সাইড কোন প্রক্রিয়ায় পরিবহন হয়?— বাইকার্বোনেট যৌগরূপে।
- অঙ্গের প্রতিস্থাপন সম্ভব কোন পদ্ধতিতে?— স্টেম সেল।
- কোন কোষ হতে হিস্টামিন ক্ষরণ হয়?— বেসোফিল।
- সাধারণ সর্দি কাশি কোন ভাইরাসের কারণে হয়?— রাইনো ভাইরাস।
- কোনটি রক্তনালির সংকোচন ঘটিয়ে রক্তপাত হ্রাস করে?— সেরোটনিন।
- DNA হেলিকেজ-এর কাজ কোনটি?— DNA ডাবল হেলিক্স প্যাঁচ খোলা।
- মানুষের রূপান্তরিত কশেরুকার সংখ্যা কত?— দুইটি।
- হ্যামস্ট্রিং পেশি কোনটি?— বাইসেপস ফিমোরিস।
- এপিনেফ্রিন হরমোন কোনটি নিয়ন্ত্রণ করে?— গ্লাইকোজেনোলাইসিস।
- পানির ফটোলাইসিসের জন্য প্রয়োজন— Mn।
- খনিজ লবণ শোষণের সময় উদ্ভিদের মূল কোন ক্যাটায়ন দ্রুতগতিতে শোষণ করে?— $K^+$।
- আমরা অম্ল জাতীয় খাদ্য গ্রহণ করা সত্ত্বেও রক্তের pH এর পরিবর্তন না হওয়ার কারণ— বাফার।
- গ্লাইকোলাইসিস কোষের কোন অঙ্গাণুতে ঘটে?— সাইটোপ্লাজম।
- প্রোটিন কোথায় তৈরি হয়?— রাইবোসোম।



Scanned with CamScanner

# ব্যবসায় শিক্ষা

## হিসাব বিজ্ঞান

- শাপলা কোম্পানির নিট চলতি মূলধন ১,৮০,০০০ টাকা এবং চলতি অনুপাত ৩ : ২। উক্ত কোম্পানির চলতি সম্পত্তির পরিমাণ কত?— ৫,৪০,০০০ টাকা।
- আর্থিক বিবরণীকে সংযুক্ত টীকায় যে তথ্য প্রদর্শন করা হয়, তা করা হয়— পূর্ণপ্রকাশ নীতির জন্য।
- একটি কোম্পানির আয় বিবরণীতে কর পূর্ববর্তী মুনাফার পরিমাণ ৭,০০,০০০ টাকা এবং আয়কর ২,১০,০০০ টাকা দেখানো হয়েছে। কোম্পানির তার অগ্রাধিকার শেয়ারের উপর ৫০,০০০ টাকা লভ্যাংশ ঘোষণা করেছে এবং ডিবেঞ্চারের ওপর ৩,০০, ০০০ টাকা সুদ প্রদান করেছে। যদি কোম্পানিটির সারা বছর ধরে ১,০০০ সাধারণ শেয়ার, ১০% ১০,০০০ অগ্রাধিকার শেয়ার এবং ১৫% ২০,০০০ ডিবেঞ্চার বিলিকৃত থাকে, তবে কোম্পানির শেয়ার আয় কত হবে?— ৪.৪০ টাকা।
- কোন বর্ণনা স্থায়ী সম্পদের সঠিক ব্যাখ্যা প্রদান করে?— স্থায়ী সম্পদের আয়ুষ্কাল দীর্ঘ এবং ভবিষ্যতে যার আর্থিক মূল্য থাকে এবং যা বিশেষ করে পুনঃবিক্রয়ের উদ্দেশ্যে ক্রয় করা হয় না।
- চৈতি লিমিটেড ভুলক্রমে বকেয়া সেবা আয়ের সমন্বয় সাধন করেনি। আর্থিক বিবরণীতে এর ফলাফল কী হবে?— সম্পত্তি কম দেখানো হবে।
- বিক্রয় বহিতে যা লিপিবদ্ধ হয়— বাকিতে বিক্রয়।
- অগ্রিম খরচের সমন্বয়— সম্পদ হ্রাস ও খরচ বৃদ্ধি।
- 'সেবা প্রদান করা হয়েছে কিন্তু টাকা পাওয়া যায়নি'– মৌলিক হিসাব সমীকরণে লেনদেনটির প্রভাব— সম্পদ বৃদ্ধি ও মালিকানা স্বত্ব বৃদ্ধি।
- Closing এন্ট্রি সম্পন্ন করলে, যে হিসাবটির ব্যালেন্স শূন্য হয়ে যাবে— Service revenue।
- ব্যাংক চার্জ ২৬০ টাকা। নগদান বইতে ভুলক্রমে ৬২০ টাকা ডেবিট করা হয়েছে। নগদান বই ও ব্যাংক বিবরণীর উদ্বৃত্তের পার্থক্য কত হবে?— ৮৮০।
- ডেবিট নোটের সাহায্যে কোনটি লেখা হয়?— ক্রয় ফেরত বহি।
- বিলম্বিত শেয়ারের মালিক কারা?— প্রবর্তকগণ।
- অর্থনীতিতে মৃদু মুদ্রাস্ফীতির (Mild Inflation) কারণে কোন পরিস্থিতি উদ্ভব হতে পারে?— বেকারত্ব।
- সমবায় সমিতির ১ম বার্ষিক সাধারণ সভা আহ্বান করতে হয় কত মাসের মধ্যে?— ১৫ মাস।
- অনাদায়ি পাওনা সঞ্চিতি ডেবিট ৩,০০০ টাকা এবং দেনাদার ক্রেডিট ৩,০০০ টাকা। এই দাখিলা কেন প্রদান করা হয়।— অনাদায়ী পাওনা অলোপন করার জন্য।
- একটি ব্যবসায়ের নিট বিক্রয় ৮,০০,০০০ টাকা। যদি নিট বিক্রয়ের উপর ১.৫% অনাদায়ী পাওনা ধার্য করা হয় এবং সমন্বয়ের পূর্বে অনাদায়ী পাওনা সঞ্চিতির জের ১৫,০০০.০০ টাকা হয়, তাহলে সমন্বয়ের পর উক্ত জেরের পরিমাণ কত টাকা হবে?— ২৭,০০০।
- কোনটি হিসাব বিজ্ঞান তথ্যের মৌলিক গুণগত বৈশিষ্ট্য?— তুলনাযোগ্যতা।
- মুদ্রাস্ফীতির সময় কোন ব্যয় নির্বাহ পদ্ধতি সর্বোচ্চ নিট আয় প্রদর্শন করে?—আগের মূল্যের মজুত আগে ছাড়া পদ্ধতি।
- রেওয়ামিলে মেশিনের মূল্য এবং পুঞ্জীভূত অবচয়ের পরিমাণ যথাক্রমে ৫০,০০০ টাকা ও ২০,০০০ টাকা। চলতি বছরে অবচয়ের পরিমাণ ৪,৫০০ টাকা হলে মেশিনের পুস্তক মূল্য কত টাকা?— ২৫,৫০০।
- মজুরি বকেয়া আছে ৩,০০০ টাকা। রেওয়ামিলে মজুরির পরিমাণ দেওয়া আছে ৬২,০০০ টাকা। আর্থিক অবস্থার বিবরণীতে বকেয়া মজুরির পরিমাণ কত হবে?— ৩,০০০ টাকা।
- জুন মাসের ১৩ তারিখে ৭৫০ টাকার পণ্য ২/১০, নিট ৩০ শর্তে বিক্রয় করা হয়েছে। জুনের ১৬ তারিখে ৫০ টাকার পণ্য ফেরত আসে। জুনের ২৩ তারিখে সম্পূর্ণ পাওনা পাওয়া গেলে প্রাপ্ত টাকার পরিমাণ কত?— ৬৮৬।
- ব্যবসায়ের আশেপাশের পরিবেশের সুস্থতা বজায় রাখা সমাজের কোন শ্রেণির প্রতি দায়িত্ব পালন করা বোঝায়?— সাধারণ সম্প্রদায়ের প্রতি।
- প্রতিষ্ঠানে একজন আদর্শ নেতার মানসিক গুণাবলির অংশ কোনটি?— দূরদর্শিতা।
- পাবলিক লিমিটেড কোম্পানির ক্ষেত্রে মোট পরিচালকদের সংখ্যার কত অংশকে তাদের মেয়াদান্তে বাধ্যতামূলকভাবে অবসর গ্রহণ করতে হয়?— ১/৩।

## ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা

- একক মালিকানা ব্যবসায় যে দলিলটি প্রয়োজন— ট্রেড লাইসেন্স।
- একটি কোম্পানি নিবন্ধনের জন্য কতটি দলিল দাখিল করা আবশ্যক?— ৬টি।
- হার্জবার্গের দ্বি-উপাদান তত্ত্ব অনুযায়ী কোনটি হাইজিন উপাদান?— নিরাপত্তা।
- MBO-এর পূর্ণরূপ কী?—Management by Objectives।
- নাবালক অংশীদারের সাবালকত্ব প্রাপ্তির— দিনের মধ্যে চুক্তিতে স্বাক্ষর করতে হয়।— ১৮০।
- বৈজ্ঞানিক ব্যবস্থাপনার উদ্ভাবন কী ধরনের বিপ্লব ছিল?— মানসিক।
- শীর্ষস্তরের ব্যবস্থাপনায় সবচেয়ে উল্লেখযোগ্য দক্ষতা হলো— ধারণাগত।
- মালিকানার স্বাধীনতা কোন পরিবেশের উপাদান?— অর্থনৈতিক এবং আইনগত পরিবেশ।
- মানব সম্পদ কোন ধরনের পরিবেশের উপাদান?— অর্থনৈতিক।
- যে ধরনের শেয়ারের জন্য অর্থ প্রদান করতে হয় না— বোনাস শেয়ার।
- টুথপেস্ট যে ধরনের পণ্য— সুবিধাজনক।
- Laissez-faire তত্ত্ব কোন অর্থনীতির জন্য প্রযোজ্য হয়?— পুঁজিবাদী।



Scanned with CamScanner

- কোন ধরনের সাংগঠনিক কাঠামোতে কর্মীদের উদ্ভাবন ক্ষমতা সবচেয়ে বেশি হ্রাস পায়?— সরলরৈখিক সংগঠন।
- সমাপনী মজুত পণ্য বেশি দেখানো হলে কম দেখানো হবে— বিক্রীত পণ্যের ব্যয়।
- অর্থনৈতিক মন্দার সময়কালে কোন ব্যয় প্রবাহ পদ্ধতি সর্বনিম্ন নিট আয় সৃষ্টি করে?— LIFO পদ্ধতি।
- কোন লেনদেনের ফলে মালিকানা স্বত্ব হ্রাস পায়?— ধারে সেবা ক্রয়।
- দায়সমূহকে চলতি ও স্থায়ী শ্রেণীবিভাগে বিভক্ত করা হয় কোন নীতি বা ধারণার কারণে?— চলমান প্রতিষ্ঠান অনুমান।
- অর্থনীতিতে অদৃশ্য হাত (Invisible Hand) তত্ত্বের প্রবক্তা কে?— Adam Smith।
- দ্বৈত অধীনতা এড়াতে প্রতিষ্ঠানে কোন নীতি অনুসরণ করা হয়?— আদেশের ঐক্য নীতি।
- কোন ধরনের শেয়ারের মালিক হওয়ার জন্য বিদ্যমান শেয়ার মালিকদের বাড়তি অর্থ প্রদান করতে হয় না?— বোনাস শেয়ার।
- জবাবদিহিতার নীতি অনুসারে প্রতিষ্ঠানে জবাবদিহিতা সর্বদা কেমন হয়ে থাকে?— উর্ধ্বমুখী।
- বাংলাদেশের পরিবেশ সংরক্ষণে 'পরিবেশ সংরক্ষণ আইন'-টি কত সালে প্রণীত হয়েছে?— ১৯৯৫।
- Martin Evans এবং Robert House কর্তৃক প্রদত্ত তত্ত্বে নেতৃত্বের কোন ধরনের আচরণটির উল্লেখ আছে?— নির্দেশনামূলক।
- কর্মীদের দিক বিচারে একজন ব্যবসায়িক নেতার প্রধান কাজ কী?— দলগত প্রচেষ্টার উন্নয়ন।
- কোনটি একার্থক পরিকল্পনা?— প্রকল্প।

## ■ উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন

- কোন উপাদানকে উৎপাদনের জীবনী শক্তি হিসেবে বিবেচনা করা হয়?— সংগঠন।
- JIT-এর পূর্ণরূপ কী?— Just In Time।
- সার্বিক মান ব্যবস্থাপনার উদ্দেশ্য কী?— ধারাবাহিক পণ্যমান বৃদ্ধি।
- বিপণনের মৌলিক ধারণা কোনটি?— বিনিময়।
- বিজ্ঞাপন মাধ্যম নির্বাচনে বিবেচনায় নিতে হয়— পণ্যের প্রকৃতি।
- উৎপাদন ও পুনঃবিক্রেতা উভয়কর্তৃক বিজ্ঞাপন ও ব্যক্তিক বিক্রয় কোন ধরনের পণ্যের ক্ষেত্রে ব্যবহৃত হয়?— অযাচিত পণ্য।
- পণ্যের জীবন চক্রের কোন স্তরে পণ্যে পরিমার্জন আনা প্রয়োজন?— পূর্ণতাস্তর।
- কাস্টমাইজেশনের মৌলিক দিক কোনটি?— ক্রেতার প্রয়োজন মতো পণ্য পরিমার্জন।
- কারিগরি দক্ষতা বিশেষভাবে প্রয়োজন হয়—প্রথম পর্যায়।
- পরিকল্পনার গাণিতিক প্রকাশ— বাজেট।
- প্রশিক্ষণের পদ্ধতি নয়— পদোন্নতি।
- সম্পূর্ণ ভোক্তা সম্পর্কিত ব্যবসায়— ই-রিটেইলিং।
- স্থায়ী পরিকল্পনা নয়— কর্মসূচি।
- প্রমিতকরণ বলতে বোঝায়— মান নির্ধারণ।
- সাধারণত বিলম্বিত শেয়ার যাকে ইস্যু করা যায়—প্রবর্তক।
- GI-এর পূর্ণরূপ কী?— Geographical Indication।
- আদেশ দান ও জবাবদিহিতা এর মধ্যে সমতা রক্ষণ নীতিকে ব্যবস্থাপনার কোন নীতি বলে?— আদেশের ঐক্য।
- 'Equity তত্ত্ব'-এর প্রবক্তা কে?— J. Stacey Adams।
- 'উৎপাদন ব্যয় হিসাববিজ্ঞান' এর ক্ষেত্রে যেটি প্রযোজ্য —প্রতিষ্ঠানের বিভাগ ভিত্তিক তথ্য প্রদান।
- চুক্তির অবর্তমানে অংশীদারি ব্যবসায়ের লাভ কীসের ভিত্তিতে বণ্টন করতে হবে?— সমান অনুপাতে।

## ■ ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা

- সুদের হার বৃদ্ধির কারণে ভবিষ্যতে প্রাপ্ত অর্থের বর্তমান মূল্য— কম হবে।
- পোর্টফোলিওতে বিনিয়োগ করা হয়।— বিনিয়োগ ঝুঁকি হ্রাসের জন্য।
- দীর্ঘ-মেয়াদি অর্থায়নের ক্ষেত্রে অভ্যন্তরীণ উৎস কোনটি? — সংরক্ষিত মুনাফা।
- সরকার যে বন্ড ইস্যু করে তাকে— বলা হয়।— ট্রেজারি বন্ড।
- অ্যানুইটির ক্ষেত্রে— প্রতিটি কিস্তির পরিমাণ সমান থাকে।
- বিনিময় বিল হচ্ছে— অর্থ প্রদানের শর্তহীন আদেশ।
- ব্যাংকের নগদ জমার হার বৃদ্ধির ফলে কী ঘটে?— মূল্যস্ফীতির নিয়ন্ত্রণ।
- কোন ধরনের জীবন বিমায় ঋণ সুবিধা পাওয়া যায়?— মেয়াদি।
- 'মৃত্যুহার পঞ্জি' সর্বপ্রথম কে প্রস্তুত করেন।— এম. এন. মিশ্র।
- একটি কোম্পানির সমচ্ছেদ বিন্দু নির্ণয়ে যে তথ্যটি লাগে না— মোট বিক্রয় পরিমাণ।
- ব্যাংক সমন্বয় বিবরণীতে 'Deposit in transit' কীভাবে সমন্বয় হবে?— ব্যাংক ব্যালেন্সের সাথে যোগ।
- পেনশন বিমা, যে বিমা শ্রেণির অন্তর্ভুক্ত— জীবন।
- ব্যাংকিং ও অ-ব্যাংকিং ব্যবসায়ের ক্ষেত্রে সর্বোচ্চ অংশীদারের সংখ্যা যথাক্রমে— ১০, ২০।
- শ্রম বিভাজন ও বিশেষায়ণ যে সংগঠন কাঠামোর বৈশিষ্ট্য— কার্যভিত্তিক।
- ব্যাংক হার হ্রাস পেলে বাজারে অর্থ সরবরাহ— বৃদ্ধি পায়।
- ঋণপত্র ইস্যু করা যায়— সমমূল্যে, অবহারে ও অধিহারে।
- বিমাতে 'পেরিল' শব্দটি যা বোঝাতে ব্যবহৃত হয়— ঝুঁকি।
- ব্যাংকের নামের শেষে PLC শব্দ কী নির্দেশ করে?— Public Limited Company।
- Initial Public Offering (IPO) এ শেয়ার ক্রয় করার জন্য কোন ধরনের হিসাব থাকতে হবে?— বিও হিসাব।
- কোম্পানি দেউলিয়া ঘোষিত হলে সবার আগে কাদের পাওনা পরিশোধ করতে হবে?— ঋণদাতা।
- এক ব্যক্তি কোম্পানির দায়বদ্ধতা কীরূপ?— অসীম দায়।
- 'বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন' কোন ধরনের সংগঠন?— কার্যভিত্তিক।
- 'বার্তা সংস্থা' কোন শিল্পের আওতাভুক্ত?— সেবা শিল্প।



Scanned with CamScanner



# বিশ্ব ঐতিহ্যের জেলা নওগাঁ

## পটভূমি

নওগাঁ জেলা ভৌগোলিকভাবে বৃহত্তর বরেন্দ্র ভূমির অংশ। জেলার ভূ-প্রকৃতি সমতল। ১৮১০ সালে নওগাঁ থানা গঠিত হয়। ১৮৭৭ সালে তৎকালীন রাজশাহী জেলার উত্তর প্রান্তের মান্দা, নওগাঁ ও পাঁচুপুর থানা নিয়ে নওগাঁ মহকুমা প্রতিষ্ঠিত হয়। ১৮৯৬-৯৭ সালে নওগাঁ মহকুমার সীমানা ব্যাপক বিস্তার লাভ করে। ১৯৪৯ সালে পুনরায় নওগাঁ মহকুমার উল্লেখযোগ্য বিস্তৃতি ঘটে। ১৯৬৩ সালে নওগাঁ পৌরসভা গঠিত হয়। ১৯৭৫ সালে দেশের মহকুমাগুলো জেলায় উন্নীত হলে নওগাঁ জেলায় উন্নীত হয়। কিন্তু এই ব্যবস্থা কার্যকর হবার পূর্বেই সবকিছুই ভন্ডুল হয়ে যায়। এরপর ১ মার্চ ১৯৮৪ নওগাঁ জেলা আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু করে।

## নামকরণ

নওগাঁ শব্দের উৎপত্তি হয় ফার্সী শব্দ 'নও' (নতুন) ও 'গাঁ' (গ্রাম) শব্দ দু'টি হতে। এই শব্দ দু'টির অর্থ হলো নতুন গ্রাম। কিন্তু এই জনপদের নাম নওগাঁ কেন হয় সে প্রশ্নের উত্তর দেওয়া সহজ নয়। প্রচলিত মতে, সন্নিহিত নয়টি চক বা জনবসতির সমন্বয়ে গঠিত নয় গাঁ কালক্রমে পরিবর্তিত হয়ে নওগাঁ নাম ধারণ করেছে। নওগাঁবাসীরা এক থেকে আট পর্যন্ত ঠিকমত উচ্চারণ করার পর নয়কে বলতেন 'নও' বা 'লও'। নওগাঁ নামের গ্রাম হতেই নওগাঁ শহর; নওগাঁ শহরের নাম অনুসারে সাবেক নওগাঁ থানা ও মহকুমা এবং বর্তমান উপজেলা ও জেলার নামকরণ।

## সাধারণ তথ্যাবলি

- প্রতিষ্ঠা : ১ মার্চ ১৯৮৪
- সীমানা : উত্তরে ভারতের পশ্চিমবঙ্গ রাজ্য, দক্ষিণে নাটোর ও রাজশাহী, পূর্বে জয়পুরহাট ও বগুড়া এবং পশ্চিমে চাঁপাইনবাবগঞ্জ জেলা অবস্থিত।
- আয়তন : ৩,৪৩৫.৬৫ বর্গকিলোমিটার
- জনসংখ্যা : ২৭,৮৪,৫৯৯ জন [জনশুমারি ২০২২]
- ঘনত্ব (প্রতি বর্গ কিমি) : ৮১১ জন
- সাক্ষরতা (৭ বছর ও ঊর্ধ্ব) : ৭৩.৬% [SVRS ২০২৩]

## প্রশাসনিক কাঠামো

- উপজেলা : ১১টি— সাপাহার, পত্নীতলা, রাণীনগর, বদলগাছী, ধামইরহাট, মান্দা, পোরশা, মহাদেবপুর, নিয়ামতপুর, নওগাঁ সদর ও আত্রাই।
- থানা : ১১টি
- পৌরসভা : ৩টি
- ইউনিয়ন : ৯৯টি
- জাতীয় সংসদের আসন : ৬টি।

- প্রধান নদনদী ▶ ছোট যমুনা, আত্রাই, পুনর্ভবা, তুলশীগঙ্গা ও নাগর নদ।

## জগদ্দল বিহার

জগদ্দল মহাবিহার বাংলাদেশের নওগাঁ জেলার ধামইরহাট উপজেলার একটি প্রাচীন প্রত্নতাত্ত্বিক স্থান। এই বিহারটি প্রাচীন বাংলার শিক্ষা দীক্ষার একটি গুরুত্বপূর্ণ কেন্দ্র ছিল।

## পাহাড়পুর বৌদ্ধ বিহার



পাহাড়পুর বৌদ্ধবিহার বা সোমপুর বিহার বর্তমানে ধ্বংস প্রাপ্ত একটি প্রাচীন বৌদ্ধ বিহার। পাল বংশের দ্বিতীয় রাজা শ্রী ধর্মপাল দেব অষ্টম শতকের শেষে বা নবম শতকের শুরুতে এই বিহার তৈরি করেন। ১৮৭৯ সালে স্যার আলেকজান্ডার কানিংহাম এই বিশাল স্থাপনা আবিষ্কার করেন। ১৯৮৫ সালে ইউনেস্কো এটিকে ৩২২তম বিশ্ব ঐতিহ্য হিসেবে স্বীকৃতি প্রদান করে।

## জানেন কি : নওগাঁ জেলা

- আয়তনে : দেশের ১১তম
  রাজশাহী বিভাগে : ১ম
- জনসংখ্যায় : দেশের ১৩তম
  রাজশাহী বিভাগে : ৫ম

## মুক্তিযুদ্ধে নওগাঁ

- সেক্টর ▶ ৭নং
- হানাদার বা শত্রুমুক্ত দিবস
  - ২৭ নভেম্বর: নিয়ামতপুর
  - ১০ ডিসেম্বর: রাণীনগর
  - ১২ ডিসেম্বর: বদলগাছী
  - ১৩ ডিসেম্বর: পোরশা, ধামইরহাট
  - ১৪ ডিসেম্বর: আত্রাই, সাপাহার
  - ১৫ ডিসেম্বর: মহাদেবপুর
  - ১৬ ডিসেম্বর: মান্দা
  - ১৭ ডিসেম্বর: পত্নীতলা
  - ১৮ ডিসেম্বর: নওগাঁ সদর

## উল্লেখযোগ্য ব্যক্তিত্ব

অক্ষয়কুমার মৈত্রেয় (ইতিহাসবিদ) • কালাপাহাড় (মধ্যযুগের বিখ্যাত সেনাপতি) • তালিম হোসেন (কবি) • মোহাম্মদ বায়তুল্লাহ (বাংলাদেশ জাতীয় সংসদের প্রথম ডেপুটি স্পীকার) • আখতার হামিদ সিদ্দিকী (বাংলাদেশ জাতীয় সংসদের ডেপুটি স্পীকার) • জেমস (সঙ্গীতশিল্পী) • আব্দুল জলিল (রাজনীতিবিদ)।

## হলুদ বিহার

নওগাঁ জেলার বদলগাছী উপজেলার বিলাসবাড়ি ইউনিয়নের দ্বীপগঞ্জ গ্রামে হলুদ বিহার অবস্থিত। এটি পাহাড়পুর বৌদ্ধ বিহারের সমসাময়িক একটি বৌদ্ধ বিহার। বর্তমানে হলুদ বিহার ঢিবির পরিধি প্রায় ১০০ ফুট, সমতল থেকে এর উচ্চতা প্রায় ২৫ ফুট। হলুদ বিহারের ঢিবিতে বুদ্ধ মূর্তি, প্রাচীন ইট, পোড়ামাটির চিত্র ফলক রয়েছে।

## কুসুম্বা মসজিদ

কুসুম্বা মসজিদটি দেশের ইতিহাস ও ঐতিহ্যের উজ্জ্বলতম নিদর্শন। এটি নওগাঁ জেলার মান্দা উপজেলার কুসুম্বা গ্রামের একটি প্রাচীন মসজিদ। এই মসজিদটির দৈর্ঘ্য ৫৮ ফুট এবং প্রস্থে ৪২ ফুট। দুই সারিতে ৬টি গোলাকার গম্বুজ রয়েছে। বাংলাদেশের পাঁচ টাকার নোটে ঐতিহাসিক কুসুম্বা মসজিদের ছবি রয়েছে।



Scanned with CamScanner

## রাজশাহী বিভাগের ক্ষুদ্রতম জেলা

# জয়পুরহাট

### পটভূমি

বর্তমান জয়পুরহাট এবং পাঁচবিবি উপজেলার গ্রামসমূহ নিয়ে একসময় লালবাজার থানা গঠিত হয়। এই লাল বাজারেই তখন পোস্ট অফিস স্থাপিত হয়। সে সময় লাল বাজার, ক্ষেতলাল এবং বদলগাছী থানা দিনাজপুর জেলার অন্তর্ভুক্ত ছিল। ১৩ এপ্রিল ১৮২১ রাজশাহী জেলার ৪টি থানা (আদমদীঘি, বগুড়া, শেরপুর ও নওখিলা), দিনাজপুরের ৩টি থানা (লালবাজার, বদলগাছী ও ক্ষেতলাল) এবং রংপুরের ২টি থানাসহ (গোবিন্দগঞ্জ ও দেওয়ানগঞ্জ) মোট ৯টি থানা নিয়ে বগুড়া জেলা গঠিত হয়। ১৬ মার্চ ১৮৬৮ লালবাজার পুলিশ থানা খাসবাগুড়ী নামক গ্রামে যমুনা তীরে স্থানান্তরিত হয়। ১৯০৭ সালে জয়পুরহাটে একটি পৃথক থানা গঠিত হয়। ১৯১৮ সালে জয়পুরহাট থানা ভবন নির্মিত হয় এবং পুরানো পাঁচবিবি-জয়পুরহাট থানার উত্তরসীমা রূপে চিহ্নিত হয়। ১ জানুয়ারি ১৯৭১ জয়পুরহাট মহকুমা প্রতিষ্ঠিত হয় এবং এটি ছিল বগুড়া জেলার একমাত্র মহকুমা। পরবর্তীতে ১৯৮৪ সালে জয়পুরহাট মহকুমা থেকে জেলা হিসেবে আত্মপ্রকাশ করে।

### নামকরণ

ভারতবর্ষের ইতিহাস থেকে জানা যায় ধর্মপাল দীর্ঘদিন নওগাঁ ও জয়পুরহাটে রাজত্ব করেন। ধর্মপালের পর দেবপাল রাজা হন। দেবপালের পর রাজা হন জয়পাল। ১৮০০ সালের দিকে এই জয়পাল রাজার নামেই জয়পুরহাট জেলার নাম জয়পুর নামকরণ করা হয়। তার পূর্বে এর নাম ছিলো গোপেন্দ্রগঞ্জ। ১৮৮৪ সালে জলপাইগুড়ি হতে কলকাতা পর্যন্ত ২৯৬ মাইল রেললাইন স্থাপন করা হয় এবং মালামাল রপ্তানির জন্য ৪-৭ মাইল পর পর স্টেশন স্থাপন করা হয়। এই সময় ভারতবর্ষে পূর্বেই আরেকটি জয়পুর স্টেশন ছিলো যা এখনো রয়েছে। তাই ভারত সরকার সে সময় জয়পুরের সঙ্গে হাট যুক্ত করে জয়পুরহাট স্টেশন নামকরণ করে সেই অনুসারে জেলার নামকরণ জয়পুরহাট বলেই প্রচলিত হয়।

### সাধারণ তথ্যাবলি

- প্রতিষ্ঠা : ১৯৮৪ সালে
- সীমানা : উত্তরে দিনাজপুর এবং ভারত; দক্ষিণে বগুড়া ও নওগাঁ; পূর্বে বগুড়া ও গাইবান্ধা; পশ্চিমে নওগাঁ ও ভারত।
- আয়তন : ১,০১২.৪১ বর্গ কিমি
- জনসংখ্যা : ৯,৫৬,৪৩১ জন [জনশুমারি ২০২২]
- ঘনত্ব (প্রতি বর্গ কিমি) : ৯৪৫ জন
- সাক্ষরতা (৭ বছর +) : ৮২.১% [জনশুমারি ২০২২]
- প্রধান নদনদী > তুলসীগঙ্গা, ছিরি, ছোট যমুনা ও হারাবতী।

### প্রশাসনিক কাঠামো

- উপজেলা : ৫টি— আক্কেলপুর, পাঁচবিবি, ক্ষেতলাল, কালাই ও জয়পুরহাট সদর।
- থানা : ৫টি
- পৌরসভা : ৫টি
- ইউনিয়ন : ৩২টি
- জাতীয় সংসদের আসন : ২টি।

### জানেন কি : নাটোর জেলা

- আয়তনে : দেশের ৫৮তম
  রাজশাহী বিভাগে : ৮ম
- জনসংখ্যায় : দেশের ৫৮তম
  রাজশাহী বিভাগে : ৮ম

### মুক্তিযুদ্ধে নাটোর

- সেক্টর ৮ ৬নং ও ৭নং
- হানাদার বা শত্রুমুক্ত দিবস
  ১৩ ডিসেম্বর : আক্কেলপুর
  ১৪ ডিসেম্বর : জয়পুরহাট সদর, কালাই, ক্ষেতলাল, পাঁচবিবি।

### উল্লেখযোগ্য ব্যক্তিত্ব

মনতাজুর রহমান আকবর (চলচ্চিত্র পরিচালক) • ফাতেমা তুজ জোহরা (কণ্ঠশিল্পী) • শামসুদ্দিন হীরা (গীতিকার ও সুরকার) • আতাউর রহমান (কবি) • খুরশিদ আলম (একুশে পদক প্রাপ্ত কণ্ঠশিল্পী) • মেজর জেনারেল সাফিনুল ইসলাম (BGB'র সাবেক মহাপরিচালক)



• আলেমা খাতুন ভাসানী (মওলানা ভাসানীর স্ত্রী) • মেজর জেনারেল শাকিল আহমেদ (BGB'র সাবেক মহাপরিচালক) • টুলু হোসেন বাদশা (ফুটবল খেলোয়াড়)।

### স্থাপনা ও দর্শনীয় স্থান

- জয়পুরহাট সদর : পাগলা দেওয়ান বধ্যভূমি, ভীমের পান্টি, মঙ্গলবাড়ি, বেল আমলা বার শিবালয় (শিব মন্দির), দুয়ানী ঘাট, বাংলাদেশ কয়লা, খনিজ ও ধাতব গবেষণা ইন্সটিটিউট, জয়পুরহাট চিনিকল লি., জামালগঞ্জ কয়লাখনি, হানাইল চণ্ডী মন্দির।
- আক্কেলপুর : গোপীনাথপুর মন্দির, বধ্যভূমি।
- ক্ষেতলাল : হিন্দা-কসবা শাহী জামে মসজিদ, আছরাঙ্গা দিঘি।
- কালাই : নান্দাইল দিঘি।
- পাঁচবিবি : লকমা জমিদার বাড়ি, নিমাই পীরের মাজার।

**আছরাঙ্গা দিঘি**

জয়পুরহাট জেলার ক্ষেতলাল উপজেলার মামুদপুর ইউনিয়নে আছরাঙ্গা দিঘি অবস্থিত। এর মোট আয়তন ২৫.৫৩ একর। প্রায় ১২০০ বছর পূর্বে ১১০০ ফুট দৈর্ঘ্য এবং ১০৭০ ফুট প্রস্থ বিশিষ্ট এ দিঘিটি খনন করা হয়। অনেকের মতে তাহিরপুর রাজ পরিবারের সদস্য মনু ভট্ট এ দিঘিটি খনন করেন। ১৯৯২ সালে এ দিঘিটি পুনরায় খনন করা হয়। দিঘিটি পুনঃখননকালে ১২টি মূর্তি পাওয়া যায় যা বর্তমানে দেশের বিভিন্ন জাদুঘরে সংরক্ষিত আছে। দিঘিটির চারদিকের অসংখ্য গাছপালা এবং এর স্বচ্ছ পানি সকলকে আকৃষ্ট করে।

সোমালিয়ায় জেনারেল সিয়াদ বারের নেতৃত্বে সামরিক অভ্যুত্থান হয় ২১ অক্টোবর ১৯৬৯

Scanned with CamScanner

## রাজশাহী বিভাগের ক্ষুদ্রতম জেলা

# জয়পুরহাট

### পটভূমি

বর্তমান জয়পুরহাট এবং পাঁচবিবি উপজেলার গ্রামসমূহ নিয়ে একসময় লালবাজার থানা গঠিত হয়। এই লাল বাজারেই তখন পোস্ট অফিস স্থাপিত হয়। সে সময় লাল বাজার, ক্ষেতলাল এবং বদলগাছী থানা দিনাজপুর জেলার অন্তর্ভুক্ত ছিল। ১৩ এপ্রিল ১৮২১ রাজশাহী জেলার ৪টি থানা (আদমদীঘি, বগুড়া, শেরপুর ও নওখিল), দিনাজপুরের ৩টি থানা (লালবাজার, বদলগাছী ও ক্ষেতলাল) এবং রংপুরের ২টি থানাসহ (গোবিন্দগঞ্জ ও দেওয়ানগঞ্জ) মোট ৯টি থানা নিয়ে বগুড়া জেলা গঠিত হয়। ১৬ মার্চ ১৮৬৮ লালবাজার পুলিশ থানা খাসবাগুড়ী নামক গ্রামে যমুনা তীরে স্থানান্তরিত হয়। ১৯০৭ সালে জয়পুরহাটে একটি পৃথক থানা গঠিত হয়। ১৯১৮ সালে জয়পুরহাট থানা ভবন নির্মিত হয় এবং পুরানো পাঁচবিবি জয়পুরহাট থানার উত্তরসীমা রূপে নির্দিষ্ট হয়। ১ জানুয়ারি ১৯৭১ জয়পুরহাট মহকুমা প্রতিষ্ঠিত হয় এবং এটি ছিল বগুড়া জেলার একমাত্র মহকুমা। পরবর্তীতে ১৯৮৪ সালে জয়পুরহাট মহকুমা থেকে জেলা হিসেবে আত্মপ্রকাশ করে।

### নামকরণ

ভারতবর্ষের ইতিহাস থেকে জানা যায় ধর্মপাল দীর্ঘদিন নওগাঁ ও জয়পুরহাটে রাজত্ব করেন। ধর্মপালের পর দেবপাল রাজা হয়। দেবপালের পর রাজা হয় জয়পাল। ১৮০০ সালের দিকে এই জয়পাল রাজার নামেই জয়পুরহাট জেলার নাম জয়পুর নামকরণ করা হয়। তার পূর্বে এর নাম ছিলো গোপেন্দ্রগঞ্জ। ১৮৮৪ সালে জলপাইগুড়ি হতে কলকাতা পর্যন্ত ২৯৬ মাইল রেললাইন স্থাপন করা হয় এবং মালামাল রপ্তানির জন্য ৪-৭ মাইল পর পর স্টেশন স্থাপন করা হয়। এই সময় ভারতবর্ষে পূর্বেই আরেকটি জয়পুর স্টেশন ছিলো যা এখনো রয়েছে। তাই ভারত সরকার সে সময় জয়পুরের সঙ্গে হাট যুক্ত করে জয়পুরহাট স্টেশন নামকরন করে সেই অনুসারে জেলার নামকরণ জয়পুরহাট বলেই প্রচলিত হয়।

### সাধারণ তথ্যাবলি

- প্রতিষ্ঠা : ১৯৮৪ সালে
- সীমানা : উত্তরে দিনাজপুর এবং ভারত; দক্ষিণে বগুড়া ও নওগাঁ; পূর্বে বগুড়া ও গাইবান্ধা; পশ্চিমে নওগাঁ ও ভারত।
- আয়তন : ১,০১২.৪১ বর্গ কিমি
- জনসংখ্যা : ৯,৫৬,৪৩১ জন [জনশুমারি ২০২২]
- ঘনত্ব (প্রতি বর্গ কিমি) : ৯৪৫ জন
- সাক্ষরতা (৭ বছর +) : ৮২.১% [SVRS ২০২৩]
- প্রধান নদনদী ➤ তুলশীগংগা, চিরি, ছোট যমুনা ও হারাবতী।

### প্রশাসনিক কাঠামো

- উপজেলা : ৫টি— আক্কেলপুর, পাঁচবিবি, ক্ষেতলাল, কালাই ও জয়পুরহাট সদর।
- থানা : ৫টি
- পৌরসভা : ৫টি
- ইউনিয়ন : ৩২টি
- জাতীয় সংসদের আসন : ২টি।

### জানেন কি : নাটোর জেলা

- আয়তনে : দেশের ৫৮তম
  রাজশাহী বিভাগে : ৮ম
- জনসংখ্যায় : দেশের ৫৮তম
  রাজশাহী বিভাগে : ৮ম

### মুক্তিযুদ্ধে নাটোর

- সেক্টর ➤ ৬নং ও ৭নং
- হানাদার বা শত্রুমুক্ত দিবস
  ১৩ ডিসেম্বর : আক্কেলপুর
  ১৪ ডিসেম্বর : জয়পুরহাট সদর, কলাই, ক্ষেতলাল, পাঁচবিবি।

### উল্লেখযোগ্য ব্যক্তিত্ব

মনতাজুর রহমান আকবর (চলচ্চিত্র পরিচালক) • ফাতেমা তুজ জোহরা (কণ্ঠশিল্পী) • শামসুদ্দিন হীরা (গীতিকার ও সুরকার) • আতাউর রহমান (কবি) • খুরশিদ আলম (একুশে পদক প্রাপ্ত কণ্ঠশিল্পী) • মেজর জেনারেল সাফিনুল ইসলাম (BGB'র সাবেক মহাপরিচালক)



• আলেমা খাতুন ভাসানী (মওলানা ভাসানীর স্ত্রী) • মেজর জেনারেল শাকিল আহমেদ (BGB'র সাবেক মহাপরিচালক) • টুটুল হোসেন বাদশা (ফুটবল খেলোয়াড়)।

### স্থাপনা ও দর্শনীয় স্থান

- জয়পুরহাট সদর : পাগলা দেওয়ান বধ্যভূমি, ভীমের পান্টি, মঙ্গলবাড়ি, বেল আমলা বার শিবালয় (শিব মন্দির), দুয়ানী ঘাট, বাংলাদেশ কয়লা, খনিজ ও ধাতব গবেষণা ইন্সটিটিউট, জয়পুরহাট চিনিকল লি., জামালগঞ্জ কয়লাখনি, হালটি চণ্ডী মন্দির।
- আক্কেলপুর : গোপীনাথপুর মন্দির, বদ্ধভূমি।
- ক্ষেতলাল : হিন্দা-কসবা শাহী জামে মসজিদ, আছরাঙ্গা দিঘি।
- কালাই : নান্দাইল দিঘি।
- পাঁচবিবি : লকমা জমিদার বাড়ি, নিমাই পীরের মাজার।

### আছরাঙ্গা দিঘি

জয়পুরহাট জেলার ক্ষেতলাল উপজেলার মামুদপুর ইউনিয়নে আছরাঙ্গা দিঘি অবস্থিত। এর মোট আয়তন ২৫.৫০ একর। প্রায় ১২০০ বছর পূর্বে ১১০০ ফুট দৈর্ঘ্য এবং ১০৭০ ফুট প্রস্থ বিশিষ্ট এ দিঘিটি খনন করা হয়। অনেকের মতে তাহিরপুর রাজ পরিবারের সদস্য মনু ভট্ট এ দিঘিটি খনন করেন। ১৯৯২ সালে এ দিঘিটি পুনরায় খনন করা হয়। দিঘিটি পুনঃখননকালে ১২টি মূর্তি পাওয়া যায় যা বর্তমানে দেশের বিভিন্ন জাদুঘরে সংরক্ষিত আছে। দিঘিটির চারদিকের অসংখ্যা গাছপালা এবং এর স্বচ্ছ পানি সকলকে আকৃষ্ট করে।

সোমালিয়ায় জেনারেল সিয়াদ বারের নেতৃত্বে সামরিক অভ্যুত্থান হয় ২১ অক্টোবর ১৯৬৯

Scanned with CamScanner



# স্বাস্থ্যবার্তা

২১ সেপ্টেম্বর বিশ্ব আলঝেইমার (Alzheimer) দিবস এবং ২৮ সেপ্টেম্বর বিশ্ব জলাতঙ্ক দিবস। এ প্রেক্ষাপটে আলঝেইমার ও জলাতঙ্ক নামের ঘাতক রোগ দুটি নিয়ে আমাদের এ আয়োজন

## আলঝেইমার : সুস্পষ্ট কারণ বিহীন রোগ

আলঝেইমার হলো মানুষের মস্তিষ্কের ক্ষয়জনিত নিরব ঘাতক রোগ। সচরাচর আলঝেইমারই ডিমেনশিয়া বা স্মৃতি হ্রাসের সবচেয়ে বড় কারণ। সময়ের সঙ্গে সঙ্গে ধীরে ধীরে ব্রেনের আরও অংশ ক্ষতিগ্রস্ত হয়। ডিমেনশিয়া প্রধানত ৬৫ থেকে ৮৫ বছর বয়সের বৃদ্ধ লোকদের হয়। তবে কম বয়সের লোকদেরও তা হতে পারে।

♦ **লক্ষণ :** এই রোগের মূল লক্ষণ হচ্ছে— স্মৃতিশক্তি লোপ • প্রতিদিনের কাজের বিভ্রান্তি • ভাষাগত সমস্যা • সময় ও স্থান চিহ্নিত করতে অপারগতা • বিচার-বিবেচনার ক্ষমতা হ্রাস • জিনিসপত্র হারিয়ে ফেলা ইত্যাদি।

♦ **রোগের কারণ :** বার্ধক্যজনিত তবে সুস্পষ্ট কারণ বিহীন রোগ আলঝেইমার। ডিমেনশিয়ার জন্য দায়ী রোগগুলো বংশগত হতে পারে। কিছু মানুষের নির্দিষ্ট ধরনের বংশগত গাঠনিক প্রক্রিয়ার কারণে ডিমেনশিয়ার আশঙ্কা বেশি থাকে।

♦ **প্রতিরোধ :** স্বাস্থ্যকর খাবার ও স্বাস্থ্যকর জীবনযাপন-পদ্ধতি ডিমেনশিয়া থেকে রক্ষা করে। বিশেষ করে ধূমপান বর্জন, চর্বিযুক্ত খাবার পরিহার, নিয়মিত ব্যায়াম ও সচল জীবনযাপন।

♦ **রোগের আবিষ্কার :** ১৯০১ সালে জার্মান মনোবিদ অ্যালয়েজ আলঝেইমার প্রথম অগাস্ট ডিটার নামের এক নারীর মধ্যে রোগটিকে চিহ্নিত করেন। তখন থেকে তিনি তার চিকিৎসা করেন এবং গভীর ভাবে পর্যবেক্ষণ করেন। ৮ এপ্রিল ১৯০৬ সেই নারীর মৃত্যুর পর তিনি এই রোগ সম্পর্কে বিস্তারিত প্রকাশ্যে আনেন। তখন থেকেই রোগটিকে তার নামে অভিহিত করা শুরু হয়।




### বিশ্ব আলঝেইমার দিবস

১৯৮৪ সাল থেকে Alzheimer's Disease International (ADI) এই রোগে আক্রান্তদের চিকিৎসা করাতে সাহায্য করতে থাকে। ২১ সেপ্টেম্বর ১৯৯৪ ইংল্যান্ডের এডিনবরায় আন্তর্জাতিক সম্মেলনের মাধ্যমে ADI সিদ্ধান্ত নেয় ২১ সেপ্টেম্বর হবে বিশ্ব আলঝেইমার দিবস। এরপর থেকে দিবসটি এই দিনে পালিত হয়।

## জলাতঙ্ক : যে রোগে মৃত্যু অনিবার্য

জলাতঙ্ক প্রাণিবাহিত Rabies ভাইরাসঘটিত রোগ। একে হাইড্রোফোবিয়া কিংবা পাগলা রোগও বলা হয়। আক্রান্ত রোগী পানি দেখে বা পানির কথা মনে পড়লে প্রচণ্ড আতঙ্কিত হয়ে পড়ে বলে এই রোগের নাম হয়েছে জলাতঙ্ক। রোগের লক্ষণ প্রকাশ পাওয়ার পর আক্রান্ত রোগীর বেঁচে থাকার সম্ভাবনা প্রায় নেই বললেই চলে। তবে সময়মত সঠিক ব্যবস্থা তথা টিকা গ্রহণ করলে এ রোগ শতভাগ প্রতিরোধযোগ্য।

■ **সংক্রমণ :** জলাতঙ্ক রোগগ্রস্ত প্রাণীর লালায় এই জীবাণু থাকে। ৯৫% জলাতঙ্ক হয় কুকুরের কামড়ে। বিড়াল, শিয়াল এবং অন্যান্য প্রাণীর কামড়, আঁচড় বা লালা, মিউকাস মেমব্রেনের সংস্পর্শে আসলে এ রোগ হতে পারে।

■ **লক্ষণ :** ক্ষতস্থানে ব্যথা, চিনচিন বা ঝিম ঝিম করা • জ্বর, অস্থিরতা, মানসিক অবসাদ • পানি খেতে ভয় পাওয়া • আলো ও বাতাস সহ্য করতে না পারা • শারীরিক অবসাদ, শ্বাসকষ্ট এবং সমস্ত শরীর পক্ষাঘাতগ্রস্থ হওয়া। অবশেষে ভয়ঙ্কর মৃত্যুবরণ।

■ **করণীয় :**

• আঁচড় বা কামড়ানোর স্থানে সাবান পানি দিয়ে ক্ষতস্থান ধৌত করা।



• ক্ষতস্থান ঢেকে রাখা বা ব্যান্ডেজ করা যাবে না।



• অভিজ্ঞ চিকিৎসকের পরামর্শে জলাতঙ্ক রোগের প্রতিরোধক টিকা দিন।



• আপনার পোষা কুকুর, বিড়াল, বেঁজি বা বানরকে জলাতঙ্ক প্রতিরোধক টিকা দিন।



■ **যে সকল প্রাণীর কামড়ে ভ্যাকসিন দিতে হবে :** কুকুর • বিড়াল • শিয়াল • বানর • বাদুর • বেজি।

■ **টিকার আবিষ্কার :** ১৮৮৫ সালে ফরাসি বিজ্ঞানী লুই পাস্তুর জলাতঙ্কের টিকা আবিষ্কার করেন এবং টিকাজগতে বিপ্লব ঘটান। ৬ জুলাই ১৮৮৫ তিনি ৯ বছর বয়সি জোসেফ মেইস্টারের ওপর প্রথম এই টিকা প্রয়োগ করেন। বর্তমানে জলাতঙ্কের দুই ধরনের টিকা রয়েছে। একধরনের টিকা মাংসপেশিতে (শুধু বাহুতে) এবং অন্যটি চামড়ায় দিতে হয়।

■ **বিশ্ব জলাতঙ্ক দিবস :** জলাতঙ্কের টিকা আবিষ্কারক লুই পাস্তুরের প্রয়াণ দিবসকে স্মরণীয় করে রাখতে ২০০৭ সাল থেকে এই দিনটি 'বিশ্ব জলাতঙ্ক দিবস' হিসেবে পালিত হয়। ২৮ সেপ্টেম্বর ১৮৯৫ তিনি মৃত্যুবরণ করেন।



Scanned with CamScanner

# বিচিত্র বিশ্ব

## বিশ্বের সবচেয়ে বয়সি আলপাকা

৬ জুলাই ২০২৫, ২৭ বছর ১৮৫ দিন পূর্ণ করে গিনেস ওয়ার্ল্ড রেকর্ডসে 'বিশ্বের সবচেয়ে বয়স্ক গৃহপালিত আলপাকা' হিসেবে নাম লেখায় হাওথর্নডেন ওয়াইনুই নামের একটি আলপাকা। আলপাকা হলো একটি স্তন্যপায়ী প্রাণী। এটি সাধারণত ১৫-২০ বছর বাঁচে। কিন্তু নিউজিল্যান্ডের উত্তর উপকূলের একটি খামারে ২৭ বছরে পা রাখে 'হাওথর্নডেন ওয়াইনুই'। এর মধ্য দিয়ে বিশ্বের সবচেয়ে বয়স্ক আলপাকা হিসেবে গিনেস ওয়ার্ল্ড রেকর্ডসে নাম লেখায় এই আলপাকা। ২ জানুয়ারি ১৯৯৮ ওয়াইনুইয়ের জন্ম।

## ৩০ বছরের পুরানো ভ্রূণ থেকে শিশুর জন্ম

৩০ বছরেরও বেশি হিমায়িত অবস্থায় সংরক্ষণ করে রাখা ভ্রূণ থেকে সফলভাবে এক শিশুর জন্ম হয়। ২৬ জুলাই ২০২৫ যুক্তরাষ্ট্রের ওহাইও অঙ্গরাজ্যের এক দম্পতির ঘরে শিশুটির জন্ম হয়। ৩৫ বছর বয়সি লিন্ডসে ও ৩৪ বছর বয়সি টিম পিয়ার্স দম্পতির ঘরে ২৬ জুলাই ২০২৫ শিশুটির জন্ম হয়। ভ্রূণটি বর্তমানে ৬২ বছর বয়সি লিন্ডা আরচার্ড ও তার সাবেক স্বামীর। ১৯৯৪ সালে আইভিএফের মাধ্যমে ভ্রূণটি গঠিত এবং এটি সংরক্ষণ করা হয়। আইভিএফ পদ্ধতিতে লিন্ডা আরচার্ড দম্পতির চারটি ভ্রূণ গঠিত হয়। সেগুলোর একটি থেকে তাদের মেয়ের জন্ম হয়, যার বয়স এখন ৩০ বছর। বাকি তিনটি ভ্রূণ হিমায়িত করে রেখে দেওয়া হয়। এর আগের রেকর্ডটি ছিল একজোড়া যমজ শিশুর। ওই যমজ শিশুর ভ্রূণ ১৯৯২ সাল থেকে হিমায়িত অবস্থায় সংরক্ষিত ছিল। ২০২২ সালে প্রায় ৩০ বছর পর তাদের জন্ম হয়।

## বাড়ি কিনলেই মিলবে নাগরিকত্ব

মনকাড়া সৈকতের রূপ আর শান্ত পরিবেশই ছিল এতদিন ক্যারিবীয় দ্বীপপুঞ্জের প্রধান আকর্ষণ। এখন সেই তালিকায় যোগ হয়েছে নতুন এক মাত্রা, কেননা সেখানে বাড়ি কিনলেই মিলছে নাগরিকত্ব। পূর্ব ক্যারিবীয় অঞ্চলের পাঁচটি দ্বীপরাষ্ট্র এই সুবিধা দিচ্ছে। অ্যান্টিগুয়া ও বারবুডা, ডোমিনিকা, গ্রানাডা, সেন্ট কিটস ও নেভিস এবং সেন্ট লুসিয়া মাত্র ২ লাখ ডলার বিনিয়োগের বিনিময়ে নাগরিকত্ব দিচ্ছে। এছাড়া একটি বাড়ি কিনলেই মিলছে এসব দ্বীপ রাষ্ট্রের নাগরিকত্ব, যা দিয়ে ইউরোপের শেনজেন অঞ্চলসহ ১৫০টির বেশি দেশে ভিসা ছাড়াই ভ্রমণ করা যায়।

## চুলে গুঁজে দিলেন ৭১১ গলফ 'টি'

যুক্তরাষ্ট্রের বাসিন্দা আনিয়া বানাখ, একজন গলফ খেলোয়াড়। ৯ নভেম্বর ২০২৪ ক্যালিফোর্নিয়ার কার্লসব্যাড শহরে আনিয়া বসে যান তার বিশ্ব রেকর্ড গড়ার স্বপ্ন পূরণে। সেদিন নিজের মাথা ও চুলের বেণিতে তিনি একে একে গুঁজে দেন ৭১১টি গলফ 'টি'। এই গলফ 'টি' হলো গলফ বল রাখার ছোট স্ট্যান্ড বা খুঁটি। আনিয়ার এই রেকর্ড গড়ার অনুপ্রেরণা ছিলেন জোয়েল স্ট্রাসার।

## ৫৭ বছর বয়সে ভারোত্তোলনে রেকর্ড

৩ জুন ১৯৮৩ আয়ারল্যান্ডের লিমেরিকে ফুটপাত ধরে হাঁটার সময় দুর্ঘটনায় আহত হন বেভিল। কয়েকবার অস্ত্রোপচার করতে হয়েছে। হাঁটা শিখতে হয়েছে নতুন করে। দুর্ঘটনার মাত্র তিন বছরের মাথায় বেভিল লিমেরিক পাওয়ারলিফটিং চ্যাম্পিয়নশিপে জয়ী হন। ১৯৮৮ সালে তিনি তার প্রথম জাতীয় ডেডলিফট রেকর্ড ভেঙে নতুন রেকর্ড গড়েন। আর ৫ ফেব্রুয়ারি ২০২২ তিনি ৫৭ বছর বয়সে গড়েন বিশ্ব রেকর্ড। সবচেয়ে ভারী ডেডলিফট (পুরুষ) (এমপিফোর) বিভাগের আগের রেকর্ডটি ভেঙে দেন তিনি। এদিন লিমেরিকে আয়োজিত আইরিশপিও ন্যাশনাল সিঙ্গেল লিফট চ্যাম্পিয়নশিপে অংশ নেন এবং ২৮৫ কেজি ভারোত্তোলন করেন। এই ওজন একটি প্রাপ্তবয়স্ক পুরুষ কুমির কিংবা একটি ভেন্ডিং মেশিনের চেয়েও বেশি।

## ৮ কেজি ওজনের স্কচ এগ

যুক্তরাজ্যে বিশাল আকারের এক স্কচ এগ বানিয়ে রেকর্ড গড়েন দুই রাঁধুনি ফোয়েনিক্স রস ও অলি পিটারসন। ১৭ জুন ২০২৫ যুক্তরাজ্যের এনফিল্ডে বিশালাকারের ওই স্কচ এগ বানান তারা। গিনেস ওয়ার্ল্ড রেকর্ডসের ওয়েবসাইটে প্রকাশিত তথ্য অনুযায়ী, এই ব্রিটিশ খাবারের ওজন ছিল ৭.৮১ কিলোগ্রাম। এটা বিশ্বের সবচেয়ে বড় স্কচ এগ। একটি বোলিং বলের চেয়েও ভারী এটি। সাধারণত একটি বোলিং বলের ওজন হয় ৭.২৫ কিলোগ্রাম। এর মধ্য দিয়ে আগের রেকর্ড ভেঙে দেন তারা। বিশেষ খাবারটি বানাতে অস্ট্রিচ পাখির বড়সড় ডিম ব্যবহার করেন ওই দুই রাঁধুনি। এর আগে বিশ্বের সবচেয়ে বড় স্কচ এগের ওজন ছিল ৬.২ কেজি। উল্লেখ্য, স্কচ এগ একটি জনপ্রিয় খাবার। সাধারণত মাংসের কিমা ও সেদ্ধ ডিম দিয়ে তৈরি করা হয় এটি। অনেকটাই যেন আমাদের দেশের মাংস কিংবা ডিমের চপের মতো।





Scanned with CamScanner

ইংলিশে দুর্বলদের জন্য

অনলাইন

স্পোকেন ইংলিশ কোর্স

নিয়মিত চর্চা করলে অনলাইনেও ইংলিশ শেখা সম্ভব

ইংলিশে দুর্বল যেকোনো বয়সের শিক্ষার্থী যদি সফলভাবে আমাদের কোর্সটি সম্পন্ন করেন তাহলে তিনি

- শুদ্ধ উচ্চারণে ইংলিশে কথা বলতে পারবেন।
- বিদেশিদের কথা শুনে বুঝতে পারবেন।
- ইংলিশে স্মার্টলি প্রেজেন্টেশন দিতে পারবেন।
- ইংলিশ পড়ে বাংলা অর্থ বুঝতে পারবেন।
- ইংলিশে লিখে মনের ভাব প্রকাশ করতে পারবেন।
- ইংলিশ গ্রামারের ভিত্তি মজবুত করতে পারবেন।
- সায়েন্টেফিক মেথডে ভোকাবুলারি শিখতে পারবেন।
- হাজার হাজার বাক্য তৈরির কৌশল শিখবেন।

আবাসিক

অনাবাসিক

IELTS



FREE

Online Class

ইংলিশে দুর্বলদের জন্য

ইংলিশ থেরাপি

H-37, R-06, B-H, MIRPUR-2, DHAKA

01750 853198

www.englishtherapy.com.bd


১২ মার্চ ২০২৪ ভারত মহাসাগরে সোমালিয়া জলদস্যুদের কবলে পড়ে বাংলাদেশের জাহাজ 'এমভি আব্দুল্লাহ'


কেমিক্যালের গন্ধযুক্ত অ্যারোসল নয়
ন্যাচারাল পাওয়ারে মশামুক্ত ঘর
সহ
থেকে সুরক্ষা
xpel
DUAL
ACTION
AEROSOL